লেকচার সিরিজের
SURE SUCCESS

Short
সিলেবাসে

HSC সৃজনশীল

# সেইভ ইজি টু টেস্ট পেপারস

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

দ্বিতীয় পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

# ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : | 2 | 7 | 8 |

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ মতিন ও সেলিম ভিন্ন ভিন্ন দুটি প্রতিষ্ঠানের পরিচালক। মতিনের প্রতিষ্ঠানের কর্মীরা নির্বাহীর প্রত্যক্ষ তত্ত্বাবধান এবং নিয়ন্ত্রণে থেকে তাদের কার্যসম্পাদন করে। অন্যদিকে তার বন্ধু সেলিমের প্রতিষ্ঠানে নির্বাহীকে সহায়তা করার জন্য কয়েকজন বিশেষজ্ঞ ব্যক্তি আছেন। মতিনের প্রতিষ্ঠানে শ্রমিক অসন্তোষ দেখা দেওয়ায় সে তার বন্ধু সেলিমের কাছে পরামর্শ চাইল। সেলিম তাকে একটি কমিটি গঠন করে বিষয়টি তদন্তের পরামর্শ দেয়।

ক. সংগঠন কী? ১

খ. প্রতিষ্ঠানে সংগঠন কাঠামো নির্ধারণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত মতিনের সংগঠনে কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দুটি প্রতিষ্ঠানের মধ্যে কোনটির সংগঠন কাঠামো উত্তম? মতামত দাও। ৪

২▶ মি. নাহিদ এবং মি. আসাদ একই প্রতিষ্ঠানে কর্মরত। তাদের দু'জনের সঠিক দায়িত্ব পালন এবং কর্ম সম্পাদনের ওপর প্রতিষ্ঠানের সফলতা নির্ভর করে। মি. নাহিদ প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ নীতিমালা নির্ধারণ করেন। এছাড়াও তিনি পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পৃক্ত। অন্যদিকে মি. আসাদ পরিকল্পনার সঠিক বাস্তবায়নের জন্য তত্ত্বাবধায়ক ও ফোরম্যানদের প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করেন। উভয়ের সমন্বিত প্রয়াস ও নৈপুণ্যে প্রতিষ্ঠানের সুনাম ও সফলতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. ব্যবস্থাপনাকে সামাজিক প্রক্রিয়া বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. মি. আসাদ ব্যবস্থাপক হিসেবে কোন স্তরের দায়িত্ব পালন করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মি. নাহিদ ও মি. আসাদের ব্যবস্থাপকীয় দক্ষতার সংমিশ্রণের কারণেই উল্লিখিত প্রতিষ্ঠান সামনে এগিয়ে যাচ্ছে"— তুমি কি এ বিষয়ে একমত? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৩▶ মধুমতি কোম্পানি একটি নামকরা ব্যবসায় প্রতিষ্ঠান। কিন্তু প্রতিষ্ঠানটি কর্মীদের উদাসীনতার কারণে বিগত বছরে লাভজনক ফলাফল অর্জন করতে পারেনি। এক্ষেত্রে কর্তৃপক্ষ আলাদাভাবে একজন মানব সম্পদ ব্যবস্থাপক নিয়োগ দেন। নতুন ব্যবস্থাপক মি. সুজন মিয়া লক্ষ করলেন যে, এখানকার কর্মীরা তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করছে না। তিনি অনুসন্ধানে জানতে পারলেন যে, প্রতিষ্ঠানের অনেক কর্মীর নিয়োগ অস্থায়ী এবং কিছু কর্মীর নিয়োগ চুক্তিভিত্তিক। তাই দক্ষ কর্মীরা প্রতিষ্ঠান ত্যাগ করতে বাধ্য হচ্ছে। তাই তিনি প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনাপূর্বক উল্লিখিত সমস্যা সমাধানের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নিলেন।

ক. ব্যবস্থাপকীয় দক্ষতা কী? ১

খ. কর্তৃত্ব ও দায়িত্বের মধ্যে ভারসাম্য বিধান করতে হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে ব্যবস্থাপনার কোন নীতির অনুপস্থিতি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটিতে প্রত্যাশিত ফলাফল পাওয়ার জন্য মি. সুজনের গৃহীত ব্যবস্থার যৌক্তিকতা দেখাও। ৪

৪▶ মি. বশির একটি প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ের বিক্রয় কর্মকর্তা। প্রতিষ্ঠানে তার উপরে আঞ্চলিক কর্মকর্তা এবং আঞ্চলিক কর্মকর্তার উপরে বিক্রয় ব্যবস্থাপক কর্মরত। আঞ্চলিক কর্মকর্তা ও বিক্রয় ব্যবস্থাপক দু'জনই মি. বশিরের নিকট থেকে সাপ্তাহিক বিক্রয়ের পরিমাণ জানতে চান। জানাতে তেমন সমস্যা নেই। কিন্তু দু'জন দু'ধরনের পরামর্শ দিলে তিনি দ্বিধায় পড়েন। বিষয়টি মহাব্যবস্থাপক মি. তৌফিক অবগত হন। তিনি এ বিষয়ে বিক্রয় ব্যবস্থাপককে তিরস্কার করেন।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. ব্যবস্থাপনাকে কেন সার্বজনীন বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. বর্ণিত উদ্দীপকে ব্যবস্থাপনার কোন নীতি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মহাব্যবস্থাপক কর্তৃক বিক্রয় ব্যবস্থাপককে তিরস্কার করা কি যথাযথ ছিল? যৌক্তিকতা দেখাও। ৪

৫▶ বেঙ্গল ট্রেডার্স একটি বৃহৎ শিল্পপ্রতিষ্ঠান। সিরাজগঞ্জ, বগুড়া এবং নাটোরে এদের উৎপাদন কারখানা রয়েছে। কারখানাগুলোতে মোট ৬৫০ জন কর্মচারী কাজ করে। সিরাজগঞ্জে নিজস্ব শো-রুমের মাধ্যমে প্রতিষ্ঠানটির উৎপাদিত দ্রব্যসামগ্রী পাইকারি মূল্যে বিক্রয় করা হয়। এ শো-রুমের দায়িত্ব পালনের জন্য ২০ জন কর্মচারী রয়েছে। কোম্পানিটির কার্যক্রম সম্প্রসারণের জন্য পরিচালনা পর্ষদ কুষ্টিয়া, নওগাঁ এবং পাবনায় একটি করে শো-রুম স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। এছাড়াও প্রতিষ্ঠানটি তাদের কারখানাগুলোতে উৎপাদন বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. স্বল্পমেয়াদি পরিকল্পনা কী? ১

খ. স্থায়ী পরিকল্পনায় ব্যয় কম হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. বেঙ্গল ট্রেডার্সের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোন কোন বিষয় বিবেচনা করা উচিত বলে তুমি মনে কর। ৩

ঘ. বেঙ্গল ট্রেডার্সের গৃহীত পদক্ষেপের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬▶ মি. মারুফ একটি গার্মেন্টস্ ফ্যাক্টরিতে দীর্ঘদিন যাবৎ সুপারভাইজার হিসেবে কর্মরত ছিলেন। তিনি এক্ষেত্রে বেশ পারদর্শিতা অর্জন করেন। তিনি নিজেই একটি গার্মেন্টস্ ফ্যাক্টরি স্থাপনের চিন্তা করলেন। তার বসবাসরত এলাকায় এ ধরনের ফ্যাক্টরি না থাকায় এটিকে তিনি লাভজনক ব্যবসায় বলে মনে করলেন। তিনি নিজের সঞ্চিত অর্থ এবং ব্যাংক থেকে কিছু ঋণ নিয়ে একটি গার্মেন্টস্ ফ্যাক্টরি স্থাপন করলেন। তিনি প্রকল্প নির্বাচন ও বাস্তবায়নের ক্ষেত্রে দূরদর্শিতার পরিচয় দেন। তাছাড়া এক্ষেত্রে তিনি মিত ব্যয়িতার নীতি অবলম্বন করেন। ফলে অল্প দিনেই তার প্রতিষ্ঠান লাভজনক হয়ে উঠে।

ক. আদেশের ঐক্য কী? ১

খ. ব্যবস্থাপনায় নীতি কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. মি. মারুফ কার্যক্রমের মধ্যে ব্যবস্থাপনার কোন কাজের বৈশিষ্ট্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মি. মারুফের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৭▶ মি. ওয়াসিফ ইকবাল একটি খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পদে দায়িত্বরত আছেন। তিনি প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ, নীতিমালা প্রণয়ন, পরিকল্পনা গ্রহণ এবং বাজারজাতকরণ কৌশল নির্ধারণের সাথে সম্পৃক্ত। তিনি কারখানার উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে তিনটি অত্যাধুনিক মেশিন স্থাপন করেন। পুরাতন মেশিন চালকরা নতুন মেশিন চালনায় পারদর্শী নয়। এতে উৎপাদন বৃদ্ধির পরিবর্তে উৎপাদন কাজ ব্যাহত হচ্ছে। তাই মেশিন চালকদের দক্ষতা বৃদ্ধির জন্য তিনি একটি বিশেষ ব্যবস্থা গ্রহণের কথা ভাবছেন।

ক. যোগদানপত্র কী? ১

খ. কর্মী সংগ্রহকে ইতিবাচক প্রক্রিয়া বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত মি. ওয়াসিফ ইকবাল ব্যবস্থাপনার কোন স্তরের দায়িত্ব পালন করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. ওয়াসিফ ইকবাল মেশিন চালকদের জন্য যে বিশেষ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন তার যৌক্তিকতা দেখাও। ৪

৮▶ সুমাইয়া সু লিমিটেড একটি নামকরা জুতা উৎপাদনকারী প্রতিষ্ঠান। ভালোমানের জুতা উৎপাদনের জন্য বাজারে তাদের যথেষ্ট সুনাম রয়েছে। বাজারে পণ্যের চাহিদা বৃদ্ধির কারণে কোম্পানি উৎপাদন বৃদ্ধির চিন্তা ভাবনা করে। এ জন্যে কোম্পানি উৎপাদনের লক্ষ্যমাত্রা বাড়িয়ে বছরে ৫ লক্ষ একক ধার্য করে। কিন্তু ছয়মাস পর কর্তৃপক্ষ দেখে যে, মাত্র ৩ লক্ষ একক জুতা তৈরি হয়েছে। তাই এ পরিস্থিতিতে কোম্পানি তাদের উৎপাদন কার্যক্রম মূল্যায়ন ও ত্রুটি-বিচ্যুতি সংশোধনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। এর ফলে কোম্পানি সফলকাম হয়।

ক. বাজেটীয় নিয়ন্ত্রণ কী? ১

খ. নিয়ন্ত্রণকে পরবর্তী পরিকল্পনার ভিত্তি হিসেবে বিবেচনা করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. সুমাইয়া কোম্পানি প্রথমত নিয়ন্ত্রণের কোন পদক্ষেপ গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "নিয়ন্ত্রণ প্রক্রিয়ার পদক্ষেপসমূহ সঠিকভাবে অনুসৃত হওয়ায় কোম্পানি সফলকাম হয়েছে"– তুমি কি এ বিষয়ে একমত? মতামত দাও। ৪

৯▶ মি. মাহবুব সোবহান 'এবি' ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক। তিনি ব্যাংকের যাবতীয় কার্য অত্যন্ত দক্ষতা ও অভিজ্ঞতার আলোকে পরিচালনা করেন। সম্প্রতি তিনি কিছু সংখ্যক কর্মীর শূন্য পদ পূরণের প্রয়োজনীয়তা অনুভব করেন। এ উদ্দেশ্যে তিনি কর্মী সংগ্রহ প্রক্রিয়া সম্পন্ন করে কর্মী নির্বাচনের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। এক্ষেত্রে তিনি যোগ্য ও দক্ষ কর্মী নির্বাচনের জন্য ব্যাংকের প্রচলিত নিয়ম ও পদ্ধতি অনুসরণ করেন।

ক. কর্মীসংস্থান কী? ১

খ. কর্মিগণকে পদোন্নতি দেওয়া হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানের জন্য কর্মী নির্বাচনের ক্ষেত্রে কী পদক্ষেপ গৃহীত হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. মাহবুব সোবহানের কর্মী নির্বাচনের ক্ষেত্রে কোন উৎস থেকে কর্মী সংগ্রহ যুক্তিযুক্ত হবে? মতামত দাও। ৪

১০▶ ব্যবস্থাপনা বিভাগের জনৈক অধ্যাপকের বাসায় জামিলা নামের একজন মহিলা গৃহ পরিচারিকার কাজ করে। তিনি একদিন কৌতূহলবশত জামিলাকে জিজ্ঞাসা করেন তার স্বামী কোথায়, কী কাজ করে। জামিলা অত্যন্ত সহজভাবে জানালো যে, তার স্বামী একজন ব্যবস্থাপক। জামিলার উত্তরটি তাঁর কাছে প্রথমে বিশ্বাসযোগ্য মনে হয়নি। এ জন্য তিনি জামিলার নিকট থেকে বিষয়টি ব্যাখ্যাসহ জানতে চাইলেন। জামিলা সহজভাবে ব্যাখ্যা করল যে, তার স্বামী একটি বেকারি কারখানায় কাজ করেন এবং তার অধীনে ৬ জন শ্রমিক কাজ করে। এ কারণে তার স্বামীকে অবশ্যই একজন ব্যবস্থাপক বলা যায়।

ক. শিল্পবিপ্লবের সময়কাল উল্লেখ কর। ১

খ. ব্যবস্থাপনার কাজগুলো পরস্পর নির্ভরশীল কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত জামিলার স্বামী কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জামিলার স্বামী কেন ব্যবস্থাপক হিসেবে আখ্যায়িত হবেন? তোমার মতামত দাও। ৪

১১▶ মি. আনোয়ার 'মেসার্স জুয়েল ট্রেডার্স' এর স্বত্বাধিকারী। তিনি তার প্রতিষ্ঠানের একজন প্রশাসকও বটে। তাই সঠিকভাবে প্রতিষ্ঠান পরিচালনার জন্য তিনি জনবল নিয়োগসহ পরিচালক ও ব্যবস্থাপক নিয়োগ করলেন। কাজের সুবিধার্থে তিনি প্রতিষ্ঠানের ক্রয়, বিক্রয় এবং উৎপাদন বিভাগগুলোকে আলাদাভাবে ভাগ করলেন এবং প্রত্যেক বিভাগের জন্য বিভাগীয় প্রধান নির্বাচন করে দিলেন। এভাবে প্রতিষ্ঠানটিতে তিনি একটি সংগঠন কাঠামো তৈরি করলেন।

ক. আনুষ্ঠানিক সংগঠন কী? ১

খ. সংগঠন কাঠামোকে প্রতিষ্ঠানের সামগ্রিক বিষয়ের একটি নকশা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. মি. আনোয়ার তাঁর প্রতিষ্ঠানটিতে কোন ধরনের সংগঠন কাঠামো ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে ব্যবহৃত সংগঠন কাঠামো বর্ণিত প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে সবচেয়ে সহজতর হবে।" –মতামত দাও। ৪

# রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : | 2 | 7 | 8 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ মি. শাহেদ ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি উৎপাদন বিভাগের কিছুসংখ্যক কর্মীর মান উন্নয়নের জন্য একটি বিভাগের প্রধান কর্মকর্তা মি. রফিককে নির্দেশ প্রদান করেন। মি. রফিক নির্দেশ অনুযায়ী কর্মীদের মান উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। মি. রাশেদ প্রতিষ্ঠানের উৎপাদন বিভাগে শ্রমিকদের কাজ তদারকি করেন।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মি. রফিক ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার কোন কাজের সহিত জড়িত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মি. রাশেদ ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার যে স্তরের কর্মী হিসাবে কর্মরত সে স্তরের মানসিক পরিশ্রমের কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

২▸ মিসেস শায়লা একটি বিপণন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতিষ্ঠানের নীতি ও কৌশল বাস্তবায়নে দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন করেন। এ বছর শুরুতে ২৫% বিক্রয় বৃদ্ধির সিদ্ধান্ত নিয়ে লক্ষ্যমাত্রা ঠিক করেন। তিনি প্রতিষ্ঠানে কিছু দক্ষ কর্মী নিয়োগ দেন। কর্মীরা যাতে উৎসাহ নিয়ে কাজ করে, সেদিক বিবেচনায় নিয়ে প্রতিদিনের বিক্রয় পরিমাণ নির্দিষ্ট করে দেন। মিসেস শায়লা বিক্রয় কর্মীদের নিকট হতে প্রতিদিনে হিসাব নেন এবং পরবর্তী করণীয় নির্ধারণ করেন। বছর শেষে লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

ক. কার্য বিভাজন কী? ১
খ. জোড়া-মই-শিকল নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মিসেস শায়লা কোন স্তরের কর্মকর্তা? ব্যাখ্যা কর। ৩
ঘ. "মিসেস শায়লার ব্যবস্থাপনার কার্যসমূহ ব্যবহারের ফলে বিক্রয় লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

৩▸ মি. আলম একটি প্লাস্টিক পণ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মালিক। তিনি লক্ষ করলেন প্লাস্টিক পণ্যের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তিনি প্লাস্টিক পণ্য দ্বিগুণ উৎপাদনের জন্য প্রয়োজনীয় মূলধন বিনিয়োগ করেন। কয়েক বছরের মধ্যে তিনি প্রচুর লাভ করেন এবং প্লাস্টিক পণ্যশিল্পের কর্ণধার হয়ে উঠেন। তার প্রতিষ্ঠানের কর্মিগণ প্রতি মাসের প্রথম দিনে বেতন পেয়ে থাকেন। তাই কর্মিগণ খুশি মনে উৎপাদন কাজে নিয়োজিত থাকে।

ক. 'ব্যবস্থাপনা সর্বজনীন'– উক্তিটি কে করেছেন? ১
খ. ব্যবস্থাপনা চক্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সুষ্ঠু উৎপাদনের জন্য ব্যবস্থাপনার কোন নীতির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানে উৎপাদন দ্বিগুণ করার জন্য ব্যবস্থাপকের যে গুণটি ফুটে উঠেছে তা বিশ্লেষণ কর। ৪

৪▸ মি. রাকেশ একটি সাবান প্রস্তুতকারী শিল্পপ্রতিষ্ঠানের মালিক। তিনি আগামী পাঁচ বছরে সাবান উৎপাদন পঞ্চাশ ভাগ বাড়ানোর পরিকল্পনা করেন। তিনি বর্ধিত উৎপাদনের জন্য বিভিন্ন বিকল্প বিবেচনা করে স্বল্পমেয়াদি পরিকল্পনা গ্রহণ করেন।

ক. একার্থক পরিকল্পনা কী? ১
খ. "পরিকল্পনা একটি চিন্তন-মনন প্রক্রিয়া"– কেন? ২
গ. উদ্দীপকে মি. রাকেশ উৎপাদন বাড়ানোর জন্য মেয়াদের ভিত্তিতে কোন ধরনের পরিকল্পনা করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. রাকেশ উৎপাদন বৃদ্ধির জন্য পরিকল্পনা প্রণয়নে যে ধাপটির প্রাধান্য দিয়েছেন তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫▸ মি. রেজা নিজ শহরে একটি ইলেকট্রনিক সামগ্রী বিক্রয়ের ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তুলেন। এলাকার মানুষের আয় ও চাহিদা বিবেচনা না করে উন্নতমানের ও বেশি মূল্যের ল্যাপটপ, কম্পিউটার ও ফ্রিজ বিক্রয়ের পরিকল্পনা গ্রহণ করেন এবং সে অনুযায়ী পণ্য ক্রয় করেন। কিন্তু বিক্রয় আশানুরূপ না হওয়ায় তিনি হতাশা থেকে সুনির্দিষ্ট চিন্তা করে পুনরায় স্বল্পমূল্যের টেলিভিশন, ফ্রিজ, ইস্ত্রি ইত্যাদি বিক্রয়ের পরিকল্পনা করেন এবং ক্রয় করে ব্যবসায় প্রতিষ্ঠান সাজান। ফলে শহরের ক্রেতারা সক্ষমতা ও চাহিদা অনুযায়ী পণ্য ক্রয়ে সমর্থ হয় এবং মি. রেজাও ব্যবসায় লাভবান হন।

ক. পরিকল্পনা কী? ১
খ. স্থায়ী পরিকল্পনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মি. রেজা পরিকল্পনার কোন বৈশিষ্ট্যের কারণে ব্যবসায় লাভবান হতে পারেননি? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. রেজার প্রথম পর্যায়ের ব্যর্থতা লাঘবে দ্বিতীয় পর্যায়ে ব্যবসায় সফলতার কারণটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬▸ জনাব আশফাক একটি রপ্তানিমুখী পোশাক শিল্পের মালিক। কারখানাটিতে হঠাৎ একদিন অগ্নিকাণ্ড হয় এবং উৎপাদন এক সপ্তাহ বন্ধ থাকে। জনাব আশফাক হিসাব বিভাগের প্রধান নির্বাহীকে প্রধান করে তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত দল গঠন করেন। অগ্নিকাণ্ডের কারণ অনুসন্ধানের জন্য দলটিকে সাতদিন সময় দেন। এদিকে তিনি বিক্রয় বৃদ্ধির জন্য মানসম্মত কাঁচামাল দিয়ে স্বয়ংক্রিয় মেশিনে উৎপাদনের সিদ্ধান্ত নেন। এ জন্য তিনি ক্রয় বিভাগ, বিক্রয় বিভাগ, উৎপাদন বিভাগ ও হিসাব বিভাগের প্রধান নির্বাহীকে সহায়তা করার জন্য একজন করে বিশেষজ্ঞ নিয়োগ দেন।

ক. CEO-এর পূর্ণরূপ লেখ। ১
খ. কাম্য তত্ত্বাবধান পরিসর বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের জনাব আশফাক অগ্নিকাণ্ডের কারণ অনুসন্ধানে কোন ধরনের সংগঠন কাঠামো গঠন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. আশফাক বিক্রয় বৃদ্ধির জন্য পরবর্তীতে যে ধরনের সংগঠন কাঠামো গঠন করেছেন, উদ্দীপকের আলোকে তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৭▸ মি. সালাম তার ফলের জুস কারখানাটি স্বয়ংক্রিয়ভাবে পরিচালনার সিদ্ধান্ত নেন। এ জন্য তিনি এ কাজে অভিজ্ঞ ও প্রযুক্তিজ্ঞানসম্পন্ন একজন কর্মকর্তা নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেন। এছাড়া কারখানার উৎপাদন বিভাগের সহকারী ব্যবস্থাপক পদ পূরণের জন্য কারখানায় কর্মরত তিনজন কনিষ্ঠ নির্বাহীর সাক্ষাৎকার গ্রহণ করেন এবং তাদের মধ্যে একজনকে নিয়োগ দেন। এর ফলে নিয়োগকৃত সহকারী ব্যবস্থাপকের উৎসাহ আরও বেড়ে যায় এবং কাজে আরও মনোযোগ দেন।

ক. কর্মী সংগ্রহ কী? ১
খ. কর্মী নির্বাচন নেতিবাচক কেন? ২
গ. উদ্দীপকে মি. সালাম তার প্রতিষ্ঠানে কর্মকর্তা নিয়োগে কর্মী সংগ্রহের কোন উৎস ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. সহকারী ব্যবস্থাপক পদে নিয়োগদানের ক্ষেত্রে মি. সালাম কর্মী সংগ্রহে যে উৎসটি ব্যবহার করেছেন উদ্দীপকের আলোকে তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৮▸ মিসেস হেলেনা 'হ্যালো' নামক বৈদ্যুতিক বাতি উৎপাদন করে দেশে বাজারজাত করেন। এজন্য তিনি প্রতি জেলায় বিক্রয় কর্মী নিয়োগ দেন। কিন্তু আশানুরূপভাবে বিক্রি না হওয়ায় মিসেস হেলেনা বিক্রয় কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করেন। প্রশিক্ষণের পরবর্তীতে দেখা যায় 'হ্যালো' বৈদ্যুতিক বাতির বিক্রয় বেড়ে গেছে। এছাড়া পণ্যের মান উন্নয়নে মিসেস হেলেনা উৎপাদন বিভাগের সুপারভাইজারদের প্রশিক্ষণের ব্যবস্থা করেন। প্রশিক্ষণের পদ্ধতি হিসাবে সুপারভাইজারদেরকে ছোট ছোট দলে বিভক্ত করা হয় এবং প্রতিটি দলকে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করে করণীয় ঠিক করতে বলা হয়। প্রশিক্ষক প্রয়োজনে তাদের সহযোগিতা দেন।

ক. প্রশিক্ষণ কী? ১
খ. মানব সম্পদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের উৎপাদন বিভাগের সুপারভাইজারদের প্রশিক্ষণে কোন পদ্ধতি ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "মিসেস হেলেনার বিক্রয় কর্মীদের প্রশিক্ষণের সিদ্ধান্ত সঠিক ছিল"– উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৯▸ মিসেস আরেশা একটি রুটি তৈরি কারখানার মালিক। তিনি প্রতিমাসে ৬০,০০০ পিস রুটি উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক করে উৎপাদন কাজে নিয়োজিত কর্মীদের মতামত চান। পরবর্তীতে কর্মীদের মতামতের ভিত্তিতে প্রতিমাসে ৫০,০০০ পিস রুটি উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়। কর্মীরা যেন তাদের কাজের একটি পূর্ণ চিত্র পায় সেদিকে লক্ষ রেখে নির্দেশনা দেন। এছাড়া মিসেস আরেশা সঠিক সময়ে সঠিক উপায়ে নির্দেশনা দেওয়ার ফলে কর্মীদের লক্ষ্য অর্জনে কোনো সমস্যা হয় না।

ক. নির্দেশনা কাকে বলে? ১
খ. লাগামহীন নেতৃত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মিসেস আরেশা রুটি তৈরির কারখানায় কোন ধরনের নির্দেশনা অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "নির্দেশনার কার্যকারিতা কর্মীর গ্রহণযোগ্যতার উপর নির্ভরশীল"– উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

১০▸ মি. সোহেল একটি বৃহদাকার হাঁস-মুরগি খামারের মালিক। তিনি খামারের বিভিন্ন কার্যক্রম পরিচালনা করতে যেয়ে শ্রমিকদের কঠোরভাবে দিক-নির্দেশনা দেন। শ্রমিকেরা দিক-নির্দেশনা মেনে চলে। শ্রমিকদের মতামত গ্রহণে মি. সোহেলের কোনো আগ্রহ দেখা যায় না। এতে শ্রমিকদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয় এবং কাজে অমনোযোগী হয়ে পড়ে। ফলে খামারটি লোকসানের সম্মুখীন হয়। এমতাবস্থায় মি. সোহেল শ্রমিকদের মতামত, পরামর্শ ও অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়টি নিয়ে চিন্তিত।

ক. নেতা কাকে বলে? ১
খ. "নেতৃত্ব ছাড়া দলবদ্ধ প্রচেষ্টা অসম্ভব"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মি. সোহেল কোন ধরনের নেতৃত্ব অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের খামারটির লোকসান বন্ধে যে ধরনের নেতৃত্ব প্রয়োজন তা বিশ্লেষণ কর। ৪

১১▸ মি. শহীদ তার কারখানায় পাঁচটি মেশিনের সাহায্যে মাসে ৯,০০০টি বৈদ্যুতিক পাখা উৎপাদন করে। কারখানাটিতে প্রতিটি মেশিনের উৎপাদন ক্ষমতা একই রকম। তিনি কারখানাটিতে মাসে ৩০ দিন উৎপাদন করেন। প্রতিটি মেশিনের দৈনিক উৎপাদন ক্ষমতা ১০ ঘণ্টা। মি. শহীদ প্রতিদিন উৎপাদন কার্যক্রম দেখেন ও হিসাব রাখেন এবং কর্মীদের প্রয়োজনীয় নির্দেশনা দেন।

ক. ব্যবস্থাপনা প্রক্রিয়ার সর্বশেষ কাজ কোনটি? ১
খ. "নিয়ন্ত্রণ একটি অবিরাম প্রক্রিয়া"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সময়ের ভিত্তিতে প্রতিটি মেশিনের উৎপাদনের আদর্শমান কত? ৩
ঘ. "নিয়ন্ত্রণকার্য পরিকল্পনার ওপর নির্ভরশীল"– উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

# যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : | 2 | 7 | 8 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶




চিত্র : ব্যবস্থাপনা কার্যচক্র

ক. শিল্পবিপ্লব কী? ১
খ. আদেশের ঐক্য নীতির প্রয়োজনীয়তা কী? ২
গ. চিত্রে ব্যবস্থাপনা কার্যচক্রের কোন কার্যটি বাদ পড়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবস্থাপনাকে একটি অবিরাম প্রক্রিয়া বলা হয় কেন? চিত্রের আলোকে ব্যাখ্যা কর। ৪


২▶ নিয়ন লিজিং একটি বিখ্যাত ঋণদানকারী প্রতিষ্ঠান। এর প্রত্যেকটি কাজ বৈশিষ্ট্য অনুযায়ী বিভক্ত এবং কর্মীরা নিজ নিজ কর্মে বিশেষ যোগ্যতাসম্পন্ন। গুরুত্বপূর্ণ বা তুচ্ছ সব সিদ্ধান্তই প্রধান কার্যালয় থেকে গৃহীত হয়। এর ফলে অনেক কাজ ধীরগতিসম্পন্ন হয় এবং মাঠ প্রশাসনে অসন্তোষ বিরাজ করে।

ক. ব্যবস্থাপনা কী? ১
খ. ব্যবস্থাপনাকে সার্বজনীন বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের ১ম পর্যায়ে ব্যবস্থাপনার কোন নীতির বর্ণনা রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাঠ প্রশাসনের অসন্তোষ দূরীকরণে নিয়ন লিজিং এর জন্য অনুসরণযোগ্য ব্যবস্থাপনা নীতি সুপারিশ কর। ৪

৩▶ জনাব ওয়াহিদ একটি ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি তার প্রতিষ্ঠানের জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা ও নীতি নির্ধারণ করেন। তাকে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত প্রতিষ্ঠানের ভিতরের ও বাইরের বিভিন্ন পক্ষের সাথে কথা বলতে হয়। তিনি কর্মীদের সাথে প্রতিষ্ঠানের সমস্যা নিয়ে আলোচনা করেন এবং সমাধানের উপায় নির্দেশ করেন।

ক. নির্দেশনার ঐক্য কী? ১
খ. ব্যবস্থাপনাকে সংগঠনের চক্ষু বলা হয় কেন? ২
গ. জনাব ওয়াহিদ কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. একজন দক্ষ ব্যবস্থাপকের আন্তঃব্যক্তিক ভূমিকা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪


৪▶ মেসার্স জনি সোপ একটি সাবান উৎপাদনকারী প্রতিষ্ঠান। উৎপাদন পরিকল্পনায় প্রতিষ্ঠানটির পদক্ষেপ নিম্নরূপ :




পরিকল্পনা প্রণয়নের সময় প্রতিষ্ঠানটি উদ্দেশ্য নির্ধারণ, কর্মীদের দক্ষতা, বর্তমান সমস্যা ও সম্ভাবনা আর্থিক ও অন্যান্য সামর্থ্য বিবেচনায় নিয়ে আসে। আবার প্রতিষ্ঠানের বাইরের শক্তিগুলোকেও কখনো উপেক্ষা করে না।

ক. একার্থক পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনায় নমনীয়তা বলতে কী বোঝ? ২
গ. চিত্রে পরিকল্পনা প্রণয়নের কোন পদক্ষেপটি বাদ পড়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে পরিকল্পনা প্রণয়নে বাহ্যিক বিষয়সমূহের প্রভাব ব্যাখ্যা কর। ৪

৫▶




ক. সংগঠন কী? ১
খ. অনানুষ্ঠানিক সংগঠন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের সংগঠন কাঠামোটি কোন প্রকৃতির? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সংগঠন কাঠামো অনুসরণ করলে প্রতিষ্ঠানে সর্বোচ্চ শৃঙ্খলা প্রতিষ্ঠা করা সম্ভবপর হয়— তুমি কি এ উক্তির সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬▶ লিমা ফ্যাশন একটি অত্যাধুনিক গার্মেন্টস প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটিতে প্রত্যেক বিভাগে দু'ধরনের নির্বাহী রয়েছে। নির্বাহী কর্মকর্তাকে সহকারী নির্বাহী কর্মকর্তা বিভিন্নভাবে পরামর্শ দিয়ে সহায়তা করে। এর ফলে নির্বাহী কর্মকর্তার কর্মভার লাঘব হয়। তবে, প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ পরিবর্তন আনতে বিভিন্ন বিভাগের লোকজনকে নিয়ে বোর্ড গঠন করা হয়। বোর্ডের অধিকাংশের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. ম্যাট্রিক্স সংগঠন কী? ১
খ. সাংগঠনিক কাঠামো বলতে কী বোঝ? ২
গ. লিমা ফ্যাশনের সাংগঠনিক কাঠামো কোন প্রকৃতির? ব্যাখ্যা কর। ৩
ঘ. গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে লিমা ফ্যাশনের গৃহীত পলিসি যথেষ্ট কার্যকরী। উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

৭▶ মি. রফিকের ফুটওয়্যার কোম্পানিতে ১০ জন সুপারভাইজার রয়েছে। প্রত্যেক সুপারভাইজারের অধীনে ১০ জনের বেশি অধস্তন কাজ করে না। ফলে সবার কাজ সুপারভাইজারগণ সহজে দেখাশুনা করতে পারেন। তবে একজন সুপারভাইজারকে আদেশ দেওয়ার জন্য একাধিক কর্মকর্তা রয়েছে। একজন সুপারভাইজারকে একই সময়ে একাধিক কর্মকর্তার আদেশ অনুযায়ী কাজ করতে হয়। এতে অনেক সময় বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হতে হয়।

ক. বিশেষায়নের নীতি কী? ১
খ. দায়িত্ব নির্দিষ্টকরণের নীতি বলতে কী বোঝ? ২
গ. মি. রফিকের কোম্পানিতে সংগঠনের কোন নীতি অনুসরণ করা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. সংগঠনটিতে সুপারভাইজারগণের সমস্যা উত্তরণে রফিকের করণীয় কী? ব্যাখ্যা কর। ৪

৮▶ মি. রকি একটি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের মানব সম্পদ ব্যবস্থাপক। তিনি প্রয়োজনীয় যোগ্যতা উল্লেখপূর্বক তার প্রতিষ্ঠানে কিছুসংখ্যক লোক নিয়োগের বিজ্ঞপ্তি দেন। যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বুদ্ধিমত্তা, প্রবণতা ও ব্যক্তিত্ব পরীক্ষার ব্যবস্থা করেন। তিনি মনে করেন যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ হওয়াই সব কিছু নয়। এরপর তিনি উত্তীর্ণদের অতীত কর্মকাণ্ড জানতে আগ্রহী হন।

ক. কর্মী নিয়োগ কী? ১
খ. সাক্ষাৎকার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উত্তীর্ণ প্রার্থীদের অতীত কার্যকাণ্ড জানার পদক্ষেপটি কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. যোগ্যতা পরীক্ষার তাৎপর্য উদ্দীপক অনুসারে ব্যাখ্যা কর। ৪

৯▶ জনাব তুহিন একটি ছোট গার্মেন্টস ফ্যাক্টরির মালিক। তার উৎপাদিত পণ্য দেশীয় বাজারে বিক্রি করেন। উৎপাদন লক্ষ্যমাত্রা তিনি নিজেই ঠিক করেন। এরপর কর্মীদের কাছ থেকে নিজেকে দূরে রাখেন। কর্মীরা নিজেরাই ঠিক করেন কী করতে হবে আর কী করতে হবে না। তিনি বাজারে পরিবর্তনশীল চাহিদা মেটাতে পণ্য পরিবর্তনের ঝুঁকি নিতে নারাজ।

ক. নেতৃত্ব কী? ১
খ. নেতাকে অতি আবেগ পরিহার করতে হয় কেন? ২
গ. উদ্দীপকে মি. তুহিনের নেতৃত্ব কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঝুঁকি গ্রহণ ব্যবসায় টিকে থাকার অন্যতম একটি উপায়। তুমি কি এ উক্তির সাথে একমত? ব্যাখ্যা কর। ৪

১০▶ জনাব রাশেদ একটি সেবামূলক প্রতিষ্ঠানের নির্বাহী কর্মকর্তা। কোনো বিষয়ে তিনি একাই সিদ্ধান্ত গ্রহণ করেন না। কোনো বিষয়ে অধস্তনদের নির্দেশনা দেওয়ার প্রয়োজন হলে তিনি তাদের সাথে বসেন, আলাপ-আলোচনা করেন। এর ফলে কর্মচারীরা খুশি থাকেন এবং তাকে বিভিন্নভাবে সহযোগিতা করেন। তবে অতি জরুরি কোনো বিষয়ে তিনি এরকমটা করেন না।

ক. নির্দেশনা কী? ১
খ. নির্দেশনা লিখিত হওয়া বাঞ্ছনীয় কেন? ২
গ. উদ্দীপকে জনাব রাশেদের নির্দেশ দানের পদ্ধতি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. অতিজরুরি কোনো বিষয়ে কর্মচারীদের সাথে জনাব রাশেদের পরামর্শ না করার যৌক্তিকতা কী? ব্যাখ্যা কর। ৪

১১▶ মিসেস ফাতিহা একটি প্রতিষ্ঠানের উৎপাদন ম্যানেজার। তিনি একটি ইউনিটের জন্য সাপ্তাহিক ১ লক্ষ একক পণ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন। সপ্তাহ শেষে দেখা যায় সেই ইউনিটে উৎপাদন হয়েছে ৮০ হাজার একক। এ অবস্থায় তিনি বেশ চিন্তিত এবং এখন তিনি পরিকল্পনা সংশোধনের কথা ভাবছেন।

ক. নিয়ন্ত্রণ কী? ১
খ. নিয়ন্ত্রণকে পরবর্তী পরিকল্পনার ভিত্তি বলা হয় কেন? ২
গ. নিয়ন্ত্রণের কোন ধাপে এসে মিসেস ফাতিহা উৎপাদনের ঘাটতি লক্ষ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিকল্পনা সংশোধনীর জন্য মিসেস ফাতিহাকে প্রয়োজনীয় পরামর্শ দাও। ৪

# কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 7 8

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ মি. সুব্রত 'অভ্র লিমিটেডের' এমডি হিসাবে একটি লক্ষ্য নির্ধারণ করে দেন। উক্ত লক্ষ্য অর্জনে কোন কাজ কে, কখন, কোথায় করবে এবং কাজটি সম্পাদনে কত সময় লাগবে তা তিনি পূর্বেই নির্ধারণ করে দেন। যার ফলে প্রতিষ্ঠানটির কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন সহজ হয়।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. ব্যবস্থাপকদের ব্যবস্থাপনা বলতে কী বোঝ? ২
গ. মি. সুব্রত কোন পর্যায়ের ব্যবস্থাপনার সাথে জড়িত? ব্যাখ্যা কর। ৩
ঘ. কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে মি. সুব্রত গৃহীত ব্যবস্থাপনার কাজটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২▶ জনাব সাজ্জাদ স্বপ্ন গ্রুপ অব ইন্ডাস্ট্রির এরিয়া ম্যানেজার হিসাবে ১০ জন সুপারভাইজারকে পরিচালনা করেন। তিনি তাদের প্রভাবিত করে দলগত প্রচেষ্টার মাধ্যমে প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জন করে থাকেন। জনাব তানভীর তার অধীনে কর্মরত একজন সুপারভাইজার। তিনি জনাব সাজ্জাদ কর্তৃক গৃহীত পরিকল্পনা মাঠ পর্যায়ে বাস্তবায়ন করে ভালো ফল পাচ্ছেন।

ক. ব্যবস্থাপনা চক্রে ব্যবস্থাপনার সবশেষ কাজ কোনটি? ১
খ. ব্যবস্থাপনাকে সর্বজনীন বলা হয় কেন? ২
গ. জনাব তানভীর ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত? ব্যাখ্যা দাও। ৩
ঘ. দলগত প্রচেষ্টার মাধ্যমে প্রতিষ্ঠানটির লক্ষ্য অর্জনে জনাব সাজ্জাদ গৃহীত ব্যবস্থাপনার কাজটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৩▶ জনাব রাইয়ান একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপক হিসাবে নতুন যোগদানের পর প্রতিষ্ঠানটির কাজগুলোকে বিভিন্ন ভাগে ভাগ করে প্রত্যেকের দায়িত্ব ও ক্ষমতা নির্দিষ্ট করে দেন। পরবর্তীতে তিনি লক্ষ করলেন কর্মীরা তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করছে না। অনুসন্ধানে জানতে পারলেন প্রতিষ্ঠানে বেশির ভাগ কর্মীর নিয়োগ অস্থায়ী প্রকৃতির হওয়ায় চাকরি চলে যাবার ভয় উদ্বেগ ও উৎকণ্ঠা থেকে কাজের প্রতি আগ্রহ হারিয়ে ফেলেছে এবং চাকরি নিয়ে অন্যত্র চলে যাচ্ছেন। বিষয়টি নিয়ে জনাব রাইয়ান চিন্তিত।

ক. প্রশাসন কাকে বলে? ১
খ. সুপারভাইজারকে ব্যবস্থাপনার নিম্ন স্তরের ব্যবস্থাপক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে জনাব রাইয়ান ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবস্থাপনার কোন নীতির অনুসরণের মাধ্যমে জনাব রাইয়ান উদ্দীপকের সমস্যার সমাধান করতে পারবে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৪▶ মি. নাইফ নোভা লি. এর বাজারজাতকরণ ব্যবস্থাপক হিসাবে কর্মরত। তিনি খুবই দূরদৃষ্টিসম্পন্ন। যে কোনো উদ্ভূত পরিস্থিতিতে কী ব্যবস্থা গ্রহণ করলে সুফল পাওয়া যাবে সে কথা বিবেচনায় রেখেই তিনি পরিকল্পনা প্রণয়ন করেন। এ ধরনের দক্ষতা তার কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের পথ সহজ করে দেয়। প্রতিষ্ঠানের সকল সিদ্ধান্ত তাকে দিতে হয় বিধায় সিদ্ধান্ত বাস্তবায়নে সময়ক্ষেপণ হওয়ায় তিনি বিষয়টি সমাধানের জন্য ব্যবস্থাপনার সাথে কথা বলবেন।

ক. মধ্যমেয়াদি পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনায় নমনীয়তা কেন প্রয়োজন? ২
গ. উদ্দীপকে মি. নাইফের কোন ধরনের দক্ষতা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সমস্যার সমাধানে কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৫▶ মি. রেহান কীর্তনখোলা ফুডস লি. এর সেলস ম্যানেজার। সারাদেশে এর একটি পণ্য স্বর্ণা জুস এর বাজার ভালো হলেও উত্তরাঞ্চলে বেশ কিছু প্রতিযোগী স্থানীয় কোম্পানির জুসের জনপ্রিয়তার কারণে স্বর্ণা জুসের বিক্রয় ভালো না হওয়ায় উক্ত অঞ্চলের জন্য জুসের সাথে ক্যান্ডি ফ্রি অফার দিয়ে বিক্রয় বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করেন। সফলতা না পাওয়ায় এই তীব্র প্রতিযোগিতাপূর্ণ বাজারে উক্ত জুসের বিক্রয় বৃদ্ধির জন্য মি. রেহান কোনো একটি পরিকল্পনা গ্রহণ করার কথা ভাবছেন।

ক. বিশেষ কর্মসূচি কী? ১
খ. স্থায়ী পরিকল্পনায় ভুলের সম্ভাবনা হ্রাস পায় কেন? ২
গ. মি. রেহানের গৃহীত পরিকল্পনাটি কার্যভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. রেহানের কোন ধরনের পরিকল্পনা গ্রহণ করা উচিত? মতামত দাও। ৪

৬▶ মি. জাহিদ একটি প্রতিষ্ঠানের এরিয়া ম্যানেজার হিসাবে ৮ জন কর্মী সুষ্ঠুভাবে পরিচালনা করেন। উক্ত প্রতিষ্ঠানের সংগঠন কাঠামোতে কর্তৃত্বরেখা সর্বোচ্চ স্তর হতে ক্রমান্বয়ে নিচ বরাবর নেমে আসে ফলে উর্ধ্বতনের আদেশ অধীনস্থরা বিনা দ্বিধায় মানতে থাকে। সম্প্রতি একজন এরিয়া ম্যানেজার চাকরি ছেড়ে যাওয়ায় মি. জাহিদকে উক্ত এরিয়ায় অতিরিক্ত দায়িত্ব প্রদান করায় নতুন আরও ৮ জন কর্মীর দায়িত্ব পালন করতে হয়। ফলে কর্মীর সংখ্যা বেশি হওয়ায় সুষ্ঠুভাবে কাজ তত্ত্বাবধান করা তার পক্ষে সম্ভব হচ্ছে না। তাই ব্যবস্থাপনা উক্ত পরিস্থিতি মোকাবিলায় এমন একজনকে নিয়োগ দিতে চান যাতে তিনি মি. জাহিদকে প্রয়োজনীয় পরামর্শ, উপদেশ এবং কার্যক্ষেত্রে সহযোগিতা করতে পারেন।

ক. সংগঠন কাঠামো কী? ১
খ. কমিটি ধীরগতি সম্পন্ন হয় কেন? ২
গ. উদ্দীপকে সংগঠনের কোন নীতি মেনে না চলায় মি. জাহিদকে কর্মী তত্ত্বাবধানে হিমশিম খেতে হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংগঠন কাঠামোর কোন ধরনের পরিবর্তন করে পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে চান বলে তুমি মনে কর? ৪

৭▶ মি. বাবলু ও মি. তাশেম দুই বন্ধু দুইটি সুপারশপ গড়ে তুলেছেন। মি. বাবলুর প্রতিষ্ঠানে কর্মীর প্রয়োজন হলে কর্মরত ব্যক্তিদের পরিচিত জনকে নিয়োগ নেন। অন্যদিকে মি. তাশেম বিজ্ঞপ্তি প্রদান করে নতুন কর্মী বেছে নেন।

ক. কর্মী সংগ্রহ কাকে বলে? ১
খ. কর্মী নির্বাচনে যোগ্যতা পরীক্ষা নেওয়া হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. মি. বাবলু কোন উৎসের মাধ্যমে কর্মী সংগ্রহ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. যোগ্য কর্মী সংগ্রহে মি. তাশেম এর কর্মী সংগ্রহে ব্যবহৃত উৎসটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮▶ মি. মামুন কীর্তনখোলা ব্যাংকের অফিসার পদে নতুন নিয়োগপ্রাপ্ত হয়ে ব্যাংকে যোগদান করতে গেলে ম্যানেজার উক্ত কর্মীকে স্থায়ী নিয়োগের জন্য ৬ মাসের মধ্যে হাতে নাতে কাজ শিখিয়ে তার দক্ষতা বৃদ্ধির জন্য শাখার সিনিয়র অফিসার মিসেস লীনার কাছে ন্যাস্ত করেন। কর্তৃপক্ষ ৩ মাস পর মিসেস লীনাকে একই পদমর্যাদার অন্য একটি টেবিলে প্রশিক্ষণের জন্য বদলি করায় মি. মামুন আগত নতুন অফিসারের সাথে কাজ করতে আগের মতো সহযোগিতা পাচ্ছেন না।

ক. পদোন্নতি কী? ১
খ. প্রশিক্ষণ কেন দেওয়া হয়? ২
গ. মি. মামুনের প্রশিক্ষণ পদ্ধতিটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মিসেস লীনার বদলি প্রশিক্ষণের কোন পদ্ধতিটিকে আলোকপাত করেছে তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৯▶ মি. ফারুক সিফা টেক্সটাইল এর ব্যবস্থাপক। তিনি প্রয়োজনীয় কর্তৃত্ব অধস্তনদের হস্তান্তর করেন এবং সিদ্ধান্ত গ্রহণে সকলের পরামর্শ গ্রহণ করেন। তার একটি বিশেষ গুণ হলো অধস্তন কর্মীদের উৎসাহিত ও অনুপ্রাণিত করার মাধ্যমে কাজ আদায় করা। ফলে কর্মীরা কর্মসন্তুষ্টি অর্জনের মাধ্যমে লক্ষ্য অর্জন করে থাকেন। যার ফলে মি. ফারুকের ওপর ব্যবস্থাপনাও সন্তুষ্ট।

ক. কর্মকেন্দ্রিক নেতৃত্ব কী? ১
খ. পরামর্শমূলক নির্দেশনায় নির্দেশদাতা সম্পর্কে ভুল ধারণার সৃষ্টি হয় কেন? ২
গ. ক্ষমতা প্রয়োগের ধরনের ভিত্তিতে মি. ফারুকের নেতৃত্বটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর মি. ফারুকের বিশেষ গুণটির কারণে প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জন সহজ হয়েছে? মতামত দাও। ৪

১০▶ মি. নিরূপ মহানন্দা মোবাইল কোম্পানির বিক্রয় ব্যবস্থাপক হিসাবে সারাদেশে ৩০ জন সেলস অফিসার পরিচালনা করেন। তিনি কোনো নির্দেশ দানের পূর্বেই অনলাইনে প্লাটফর্ম ব্যবহার করে তাদের সাথে নির্দেশনার বিষয়বস্তু নিয়ে আলোচনা ও পরামর্শ করে নেন। যার ফলে অধস্তনরা মি. নিরূপের ওপর সন্তুষ্ট।

ক. স্বৈরতান্ত্রিক নেতৃত্ব কাকে বলে? ১
খ. একজন আদর্শ নেতাকে ধৈর্যশীল হতে হয় কেন? ২
গ. মি. নিরূপের নেতৃত্বটি আনুষ্ঠানিকতা বিচারে কোন ধরনের? ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকে মি. নিরূপের উক্ত নির্দেশনাটির পদ্ধতির মাধ্যমে তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ সহজ হয়– তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

১১▶ মি. জাকারিয়া অহনা ফার্মাসিউটিক্যালস এর সেলস ম্যানেজার। তিনি বছরের শুরুতে সকল রিজিওনাল ম্যানেজারদের বিক্রয় টার্গেট নির্ধারণ করে দেন। তিনি সেপ্টেম্বর মাসের শেষে পাবনা রিজিওন পরিদর্শন করে দেখেন টার্গেটের ৬৫% অর্জিত হয়েছে। মি. জাকারিয়া উক্ত রিজিওনের রিজিওনাল ম্যানেজার মি. আলীমের টার্গেট কম অর্জন হওয়ার কারণ নির্ণয় ও তার মূল্যায়নপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের মাধ্যমে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের নির্দেশ দেন।

ক. নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রক্রিয়ার কোন ধাপ? ১
খ. নিয়ন্ত্রণকে অবিরাম প্রক্রিয়া বলা হয় কেন? ২
গ. মি. জাকারিয়া বছরের শুরুতে নিয়ন্ত্রণ প্রক্রিয়ার কোন ধাপ অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. কী ব্যবস্থা গ্রহণের মাধ্যমে মি. আলীমের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন সম্ভব তা নিয়ন্ত্রণ প্রক্রিয়ার মাধ্যমে তোমার মতামত দাও। ৪

# চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : | 2 | 7 | 8 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ মি. করিম তার পোশাক শিল্পে দশজন সুপারভাইজার নিয়োগ দেওয়ার জন্য কর্মীর যোগ্যতা, বেতন, সুযোগ-সুবিধা উল্লেখ করে কোম্পানির নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি দেন। এতে ব্যাপক সাড়া পড়ে। পরবর্তীতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়। এর পর মি. করিম নিয়োগপ্রাপ্ত সুপারভাইজারদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মানব সম্পদ বিভাগকে নির্দেশ দেন।

ক. কর্মী সংগ্রহ কী? ১
খ. পদ আবর্তন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মি. করিম কোন উৎস থেকে কর্মী সংগ্রহ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিয়োগপ্রাপ্ত কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য মানব সম্পদ বিভাগের করণীয় উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২▸ শ্যামলী স্পিনিং মিলে হঠাৎ বড় ধরনের অগ্নিকাণ্ড সংঘটিত হয়। বিষয়টি তদন্ত করে দোষীদের চিহ্নিত করার জন্য এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সাধারণ ব্যবস্থাপক, উৎপাদন ব্যবস্থাপক এবং ফোরম্যান এর সমন্বয়ে একটি দল গঠন করা হয়। এই স্পিনিং মিলের বিদ্যমান সংগঠন কাঠামোটি সামরিক সংগঠনের আদলে গঠন করা হয়েছে।

ক. CEO-এর পূর্ণরূপ কী? ১
খ. সংগঠনের কাঠামো নির্ধারণ কেন প্রয়োজন? ২
গ. উদ্দীপকে গঠিত দলটি কোন ধরনের সংগঠন কাঠামোর ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে "বিদ্যমান সংগঠন কাঠামোটি জটিল এবং বৃহদায়তন কার্য পরিবেশে সাফল্যের সাথে ব্যবহার করা যায় না"– তুমি কী মনে কর? মতামত দাও। ৪

৩▸ মি. Z একটি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠানের বিক্রয় ব্যবস্থাপক। তিনি পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে সুপাভাইজারদের পরিচালনা করেন। প্রত্যেক সুপারভাইজার ফোরম্যান ও কর্মীদের নির্দেশ দেওয়ার ক্ষেত্রে তিনি প্রতিষ্ঠানের মূল উদ্দেশ্যের সাথে যেন সাংঘর্ষিক না হয়, সে দিকটা খেয়াল রাখেন। অর্থাৎ প্রতিটি নির্দেশনা যেন একই উদ্দেশ্য বাস্তবায়নে সহায়ক হয় সে দিকে লক্ষ্য রাখেন। ফলে বিনা বাধায় প্রতিষ্ঠানের উদ্দেশ্য অর্জিত হয়।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. রবার্ট ওয়েনকে কর্মী ব্যবস্থাপনার জনক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের মি. Z কোন পর্যায়ের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. হেনরি ফেয়লের যে নীতি অনুসরণ করায় প্রতিষ্ঠানটি বাধাহীনভাবে উদ্দেশ্য অর্জন করে চলেছে, উদ্দীপকের আলোকে তার মতামত বিশ্লেষণ কর। ৪

৪▸ মি. মাসুম একটি দুগ্ধ খামার স্থাপন করেছেন। সকল প্রকার আয়োজন সম্পন্ন করে তিনি মাসে ৯০০ লি. দুধ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কাজ শুরু করেন। কিন্তু মাস শেষে দেখলেন ৭০০ লিটার দুধ উৎপাদিত হয়েছে। পরবর্তীতে নিবিড় পর্যবেক্ষণ করে দেখলেন কর্মীরা উৎপাদিত দুধ কৌশলে সরিয়ে ফেলে। তিনি দুই জন কর্মী ছাঁটাই করে নতুন লোক নিয়োগ দেন।

ক. নিয়ন্ত্রণের ভিত্তি কোনটি? ১
খ. আদর্শ মান বলতে কী বোঝায়? ২
গ. মি. মাসুম নিয়ন্ত্রণ প্রক্রিয়ার কোন ধাপ অবলম্বন করে উৎপাদনের মাত্রা কম হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. মাসুম ব্যবস্থাপনার যে কাজটি যথাযথভাবে সম্পন্ন করেছেন উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫▸ মি. কামাল একজন দক্ষ ব্যবস্থাপক। শারীরিক ও মানসিকভাবে তার এতোটাই সক্ষমতা আছে যে, ১৮ ঘণ্টা এক নাগাড়ে কাজ করলেও তিনি ক্লান্তি বোধ করেন না। অন্যদিকে প্রতিষ্ঠানের অধস্তনদের সবার সাথে তার আচরণ সমান। প্রত্যেককেই তিনি স্নেহের বন্ধনে আবদ্ধ করে রেখেছেন। কাউকে বাড়তি সুযোগ দিতে তিনি পছন্দ করেন না। ফলে সকলের পারস্পরিক সম্পর্ক অত্যন্ত সুদৃঢ় এবং প্রতিষ্ঠানটিও ব্যবসায় সফল।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার নীতি কয়টি? ১
খ. প্রশাসনকে মস্তিষ্কের সঙ্গে তুলনা করা হয় কেন? ২
গ. উদ্দীপকে ব্যবস্থাপকের কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নীতি অনুসরণ করায় প্রতিষ্ঠানটি ব্যবসায় সফলতার যথার্থতা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৬▸ মি. কাজল পরিকল্পনা মাফিক একটি সিমেন্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান গড়ে তোলেন। প্রতিষ্ঠানটি শুরুতে ভালোই চলছিল। কিন্তু কিছুদিন পর দেখা গেল কাঁচামাল আর শ্রমিকের যোগান সীমিত হয়ে আসছে। বাস্তবতার নিরিখে শ্রমিকের মজুরি ও কাঁচামালের মূল্য দুটোই অসঙ্গতিপূর্ণ। ফলে অল্প কিছুদিনের মধ্যেই প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যায়।

ক. পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনায় নমনীয়তা কেন প্রয়োজন? ২
গ. উদ্দীপকের পরিকল্পনাটি প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিকল্পনা প্রণয়নের সময় পরিকল্পনার যে বৈশিষ্ট্য আমলে না নেওয়ায় প্রতিষ্ঠানটি বিপর্যয়ের মুখে পতিত হয়েছে তা মূল্যায়ন কর। ৪

৭▸ মি. সজল একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের মালিক। এই প্রতিষ্ঠানের কর্তৃত্ব রেখা উপর থেকে নিচের দিকে ধাপে ধাপে নেমে এসেছে। প্রতিষ্ঠানের কলেবর বৃদ্ধি পাওয়ায় নির্বাহীদের কার্যভারও বৃদ্ধি পেয়েছে। এমতাবস্থায় নির্বাহীদের কার্যভার লাঘবের জন্য মি. সজল চার জন উপদেষ্টা নিয়োগ দিলেন, যারা নির্বাহীর নিয়ন্ত্রণে থেকে প্রয়োজনীয় পরামর্শ দিচ্ছেন।

ক. কার্যভিত্তিক সংগঠন কাঠামোর উদ্ভাবক কে? ১
খ. দ্বৈত অধীনতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে প্রথম পর্যায়ের সংগঠন কাঠামোটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. নির্বাহীর কার্যভার লাঘব ও নমনীয়তা অর্জনে দ্বিতীয় পর্যায়ের সংগঠন কাঠামোটি উত্তম– তুমি কি একমত? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

৮▸ মি. সিফাত এবং মি. রিফাত দুই বন্ধু। দু'জনের দুইটি ব্যবসায় প্রতিষ্ঠান আছে। মি. সিফাত তার প্রতিষ্ঠানে নির্দেশনা দেওয়ার আগে নির্দেশনার বিষয়বস্তু সম্পর্কে অধস্তনদের সঙ্গে খোলামেলা আলোচনা করেন এবং ক্ষেত্র বিশেষে তাদের মতামতও গ্রহণ করেন। পক্ষান্তরে মি. রিফাত সকল ক্ষমতা নিজের কাছে রেখে নিজের ইচ্ছেমতো সিদ্ধান্ত গ্রহণ করেন। এতে অধস্তনদের ওপর নেতিবাচক প্রভাব পড়ে। ফলে প্রতিষ্ঠানটি প্রতিযোগিতায় টিকতে পারছে না।

ক. নেতা কাকে বলে? ১
খ. নির্দেশনা নিচের দিকে প্রবাহিত হয় কেন? ২
গ. মি. সিফাতের প্রতিষ্ঠানে কোন ধরনের নির্দেশনা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. রিফাতের প্রতিষ্ঠানের বিপর্যয়ের জন্য যে ধরনের নেতৃত্ব দায়ী তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪


৯▸ একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের নির্বাহী যে কোনো পরিস্থিতিতে ভয়ভীতির ঊর্ধ্বে থেকে প্রতিষ্ঠানকে নেতৃত্ব দেন। তিনি অল্পেই ভেঙে পড়েন না। কিন্তু নেতৃত্বদানের ক্ষেত্রে তিনি অধস্তনদের অবাধ স্বাধীনতা দেন। অধস্তনদের থেকে নিজেকে দূরে সরিয়ে রাখেন। তিনি শুধু লক্ষ্য নির্ধারণ করে দিয়ে সরে পড়েন। ফলে এত দৃঢ় মানসিকতার লোক হয়েও সফল হতে পারছেন না। প্রতিষ্ঠানে এক ধরনের বিশৃঙ্খলা বিরাজ করছে।

ক. আনুষ্ঠানিক নেতৃত্ব কী? ১
খ. লক্ষ্য অর্জনে নেতৃত্ব গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকে নেতার কোন ধরনের গুণ প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "নেতৃত্বের ধরন পরিবর্তনই উদ্দীপকের প্রতিষ্ঠানে সফলতা এনে দিতে পারে"– তুমি কি একমত? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

১০▸ আবেদনপত্র গ্রহণ → আবেদনপত্র বাছাই → লিখিত পরীক্ষা → মৌখিক পরীক্ষা → | ক | → স্বাস্থ্য পরীক্ষা → চূড়ান্ত নির্বাচন → প্রশিক্ষণ।

ক. কর্মী সংগ্রহ প্রক্রিয়ার প্রথম কাজ কী? ১
খ. প্রবেশনা পদ্ধতি বলতে কী বোঝায়? ২
গ. চিত্রে 'ক' চিহ্নিত স্থানে কোন কাজটি হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের চিত্রটি দক্ষ জনশক্তি গড়ে তুলবে– এর সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

১১▸ চিত্রটি পর্যবেক্ষণ কর :




ক. ব্যবস্থাপনা চক্র কী? ১
খ. সাক্ষাৎকার কেন গ্রহণ করা হয়? ২
গ. উদ্দীপকের 'ক' স্থানে ব্যবস্থাপনার কোন কাজ করতে হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'খ' স্থানের কাজটি 'ইঞ্জিন সদৃশ'– তুমি কি একমত? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

# সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : | ২ | ৭ | ৪ |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ বৃষ্টি লিমিটেডের ব্যবস্থাপক মি. শাকিল। তিনি তাঁর প্রতিষ্ঠানের কাজগুলোকে ধরন অনুযায়ী বিভিন্ন ভাগে ভাগ করেন। কর্মীদের দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে তাদেরকে বিভিন্ন বিভাগে নিয়োজিত করেন। তিনি প্রতিষ্ঠানের নীতিনির্ধারণ করেন। ভোক্তাদের রুচি ও চাহিদার কথা বিবেচনা করে তিনি উৎপাদনে নিত্যনতুন কলাকৌশল ও প্রযুক্তির ব্যবহার করেন। ফলে তাঁর প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্যের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. শিল্পবিপ্লবের সূত্রপাত সর্বপ্রথম কোথায় ঘটে? ১

খ. মানব সম্পদ উন্নয়নে ব্যবস্থাপনা কীভাবে ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ২

গ. মি. শাকিল কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩

ঘ. "ব্যবস্থাপনা কর্তৃক গবেষণা ও উন্নয়নই প্রতিষ্ঠানটির সফলতার মূল কারণ"— তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

২ ▸




ক. ব্যবস্থাপক কে? ১

খ. ব্যবস্থাপনা সার্বজনীন ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের চিত্রটি কোন চক্রকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "যথাযথ 'Q' ছাড়া ব্যবস্থাপনাকার্য অর্থহীন ও বিশৃঙ্খল হতে বাধ্য"— তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

৩ ▸ জনাব রিমন একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের বিক্রয় ব্যবস্থাপক। তিনি তাঁর অধীনস্থ কর্মীদেরকে তাদের দক্ষতা অনুযায়ী কার্য ও দায়িত্ব বণ্টন করে দেন। নিয়মিত তদারকি ও যোগাযোগের মাধ্যমে মাসের নির্দিষ্ট বিক্রয় টার্গেট অর্জন করেন। ইদানীং তিনি লক্ষ করলেন, একই ধরনের যোগ্যতাসম্পন্ন ও একই সাথে যোগদান করা অন্য ব্যবস্থাপকের সম্মানী অপেক্ষা তাঁর সম্মানী কম। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করেও কোনো সমাধান হয়নি। তাই তিনি প্রতিষ্ঠান ত্যাগ করার সিদ্ধান্ত নিলেন।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. ব্যবস্থাপনায় প্রশাসন মস্তিষ্কের সাথে তুলনীয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রিমনের কর্মকাণ্ডে ব্যবস্থাপনার কোন নীতির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রিমনের প্রতিষ্ঠান ত্যাগের সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যবস্থাপনার নীতির আলোকে মূল্যায়ন কর। ৪

৪ ▸ জনাব ফরহাদ একটি রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের মালিক। তাঁর কারখানায় উৎপাদিত পোশাক ইউরোপের বিভিন্ন দেশে রপ্তানি করা হয়। সম্প্রতি তিনি কানাডা হতে ১,০০,০০০ টি শার্ট রপ্তানির অর্ডার পান। কিন্তু বৈদ্যুতিক গোলযোগের কারণে যথাসময়ে উৎপাদন করতে ব্যর্থ হন। জনাব রাইয়ান 'ABC' গার্মেন্টস্ ইন্ডা. মালিক। তিনি দেশীয় চাহিদা মেটানোর পর উদ্বৃত্ত পোশাক রপ্তানি করেন। তিনি গ্রাহকদের ফরমায়েশ অনুযায়ী পোশাক সরবরাহ করতে সক্ষম। তিনি উৎপাদন কার্যক্রম অব্যাহত রাখতে জেনারেটরের ব্যবস্থা রাখেন।

ক. প্রক্রিয়া কী? ১

খ. পরিকল্পনা প্রণয়নে লক্ষ্য গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব ফরহাদের কর্মকাণ্ডে পরিকল্পনার কোন ধাপটি ব্যাহত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. লক্ষ্যার্জনে মূল পরিকল্পনার পাশাপাশি সহায়ক পরিকল্পনার প্রয়োজনীয়তা অনস্বীকার্য? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৫ ▸ জনাব আতিক একটি শিল্পপ্রতিষ্ঠানের প্রধান নির্বাহী হিসেবে যোগদান করেন। তিনি কর্মীদের মধ্যে অসন্তোষ দেখে হতাশ। কারণ অনুসন্ধান করে দেখলেন যে, প্রতিষ্ঠানের সকল স্তরের কর্মীরা সিদ্ধান্ত গ্রহণে প্রভাববিস্তার করে। তাই তিনি ব্যবস্থাপনার চলমান পদ্ধতি পরিবর্তনের সিদ্ধান্ত নেন। ব্যবস্থাপনাও কর্মীদের মধ্যে দায়িত্ব ও কর্তব্য সুস্পষ্ট করে দেন। প্রতিটি কাজের জন্য গতি ও সময় নির্ধারণ করেন। কর্মীদের পার্থক্যমূলক ঠিকা মজুরি হার এবং বোনাস পদ্ধতির প্রয়োগ ঘটান।

ক. ব্যবস্থাপকীয় দক্ষতা কী? ১

খ. পারিশ্রমিকের নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. ব্যবস্থাপনার কোন নীতির অভাবে উদ্দীপকের প্রতিষ্ঠানে অসন্তোষ দেখা দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "ব্যবস্থাপনার নতুন পদ্ধতি প্রয়োগের ফলে উদ্দীপকের প্রতিষ্ঠানটির বিদ্যমান সমস্যার সমাধান সম্ভব"— তুমি কি বক্তব্যটির সাথে একমত? যুক্তি দাও। ৪

৬ ▸ দৃশ্যকল্প-১ : চয়ন ইন্ডাস্ট্রিজের সংগঠন কাঠামো নিম্নরূপ :

| বিভাগ | বিভাগীয় প্রধান | যোগ্যতা | কর্মীর সংখ্যা |
|---|---|---|---|
| ক্রয় | মি. X | সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ | ৩০ |
| বিপণন | মি. Y | সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ | ৩৫ |
| উৎপাদন | মি. Z | সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ | ৫৫ |

দৃশ্যকল্প-২ : রুবেল লি. এ একজন সাধারণ ব্যবস্থাপকের অধীনে তিনজন শাখা প্রধান কর্মরত আছেন। শাখা প্রধান তিনজন তাদের কাজের জন্য সাধারণ ব্যবস্থাপকের নিকট দায়বদ্ধ। কর্মীগণ স্ব স্ব শাখা প্রধানের নির্দেশে কাজ করেন।

ক. অনানুষ্ঠানিক সংগঠন কী? ১

খ. আনুষ্ঠানিক সংগঠন শৃঙ্খলা রক্ষায় গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-২ এ কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ এর মধ্যে কোনটি বিশেষায়নের জন্য উপযুক্ত? সংগঠন কাঠামোর ধরন উল্লেখপূর্বক যুক্তি দেখাও। ৪

৭ ▸ আনমনা লিমিটেড বিভিন্ন কোয়ালিটির রড উৎপাদন ও বিপণন করে। প্রতিষ্ঠানটি কর্মী নিয়োগ দেওয়ার জন্য কর্মীর যোগ্যতা, অভিজ্ঞতা, বয়স ইত্যাদি উল্লেখ করে একটি পত্রিকায় বিজ্ঞাপন দেয়। আবেদনকৃত ১,০০০ প্রার্থী থেকে যাচাই-বাছাই শেষে ৪০ জনকে নিয়োগ দেওয়া হয়। প্রশিক্ষণের অংশ হিসেবে কর্তৃপক্ষ প্রত্যেক কর্মীকে প্রতিষ্ঠানের ৬টি বিভাগে পর্যায়ক্রমে ১মাস করে কাজ করার নির্দেশনা দেয়।

ক. কর্মী নির্বাচন কী? ১

খ. কর্মীসংস্থান ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে কর্মী নিয়োগে কোন উৎস ব্যবহৃত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানে চলমান প্রশিক্ষণ পদ্ধতিটির ধরন উল্লেখপূর্বক যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮ ▸ জনাব রূপম 'জাইফা পাঞ্জাবি হাউস' এর স্বত্বাধিকারী। তিনি প্রতিষ্ঠানে নিজের ইচ্ছামতো কর্মীদেরকে পরিচালনা করেন। কর্মীদের মতামতের কোনো মূল্য দেন না। ঈদুল ফিতরকে সামনে রেখে তিনি ১ লক্ষ একক পাঞ্জাবি তৈরির নির্দেশনা দেন। সংশ্লিষ্ট কাজে পনেরো বছরের একজন অভিজ্ঞ বিপণন কর্মকর্তা বাজার বিবেচনায় ৭০ হাজার পিসের অধিক পাঞ্জাবি তৈরি না করার পক্ষে মতামত দেন। কিন্তু জনাব রূপম ১ লক্ষ পিস পাঞ্জাবি তৈরির পক্ষে অটল থাকেন। ঈদের পর দেখা যায় প্রায় ৫০ হাজার পিস পাঞ্জাবি অবিক্রীত থেকে যায়। এতে প্রতিষ্ঠানটিতে ব্যাপক লোকসান হয়।

ক. অনানুষ্ঠানিক নেতৃত্ব কী? ১

খ. আনুষ্ঠানিক নেতৃত্ব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রূপমের আচরণ ক্ষমতা প্রয়োগের ভিত্তিতে কোন ধরনের নেতৃত্বের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. কোন ধরনের নেতৃত্ব ভবিষ্যতে প্রতিষ্ঠানটিকে লোকসানের হাত থেকে রক্ষা করতে পারে? যুক্তিসহ মতামত দাও। ৪

৯ ▸ মি. বাদল ও মি. জাইফ ভিন্ন দুটি প্রতিষ্ঠানের মালিক। মি. বাদল তাঁর প্রতিষ্ঠানের সহকারী উৎপাদন ব্যবস্থাপকের শূন্যপদ পূরণের জন্য প্রতিষ্ঠানের বিদ্যমান কর্মীদের যোগ্যতা ও দক্ষতার ভিত্তিতে মি. কাজলকে নিয়োগ দেন। অপরদিকে মি. জাইফ তাঁর প্রতিষ্ঠানে একই ধরনের পদের শূন্যপদ পূরণের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেন। যাচাই-বাছাইয়ের মাধ্যমে মি. স্বপনকে নির্বাচন করেন। প্রতিষ্ঠানে নিয়োগের পর প্রতিষ্ঠানের প্রশিক্ষক দ্বারা তাঁকে বিভিন্ন কাজের হাতে-কলমে শিক্ষা দেন।

ক. কর্মীসংগ্রহ কী? ১

খ. কর্মীসংগ্রহ কর্মী নির্বাচন থেকে ভিন্নতর কেন? ব্যাখ্যা কর। ২

গ. মি. স্বপনকে দক্ষ করে তোলার ক্ষেত্রে কোন ধরনের প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. শ্রম-ঘূর্ণায়মানতা ও শ্রম অসন্তোষ হ্রাসের ক্ষেত্রে উদ্দীপকের কোন প্রতিষ্ঠানটি অধিক ভূমিকা রাখবে? যুক্তিসহ মতামত দাও। ৪

১০ ▸ জনাব শফিক একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রাতিষ্ঠানিক সিদ্ধান্ত গ্রহণের পূর্বে অধস্তনদের সাথে আলাপ-আলোচনা করেন ও নির্দেশনা প্রদান করেন। অপরদিকে, জনাব রফিক একান্ত প্রয়োজন ছাড়া সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কারো পরামর্শ গ্রহণ করেন না। তবে স্নেহ-মমতার মাধ্যমে কর্মীদের কাছ থেকে কাজ আদায় করে নেন। এতে প্রতিষ্ঠানের সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

ক. লাগামহীন নেতৃত্ব কী? ১

খ. "একজন নেতার ঝুঁকি গ্রহণের সামর্থ্য থাকতে হয়"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মি. শফিক কোন ধরনের নির্দেশনা প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রফিকের প্রতিষ্ঠানের সফলতার পিছনে কোন ধরনের নেতৃত্ব ভূমিকা রাখছে? যুক্তি দাও। ৪

১১ ▸ জনাব শিমু একটি গার্মেন্টসের মালিক। তিনি তার প্রতিষ্ঠানে প্রতি মাসে ১৫,০০০ পিস তৈরি পোশাক উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন। উৎপাদন ক্ষমতার পূর্ণ ব্যবহার করার পরও গত জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে উৎপাদন হয়েছে যথাক্রমে ১৩,০০০ ও ১৩,৫০০ পিস। কারণ হিসেবে খুঁজে দেখা গেল যে দক্ষ শ্রমিক ও কাঁচামালের অভাব রয়েছে। প্রয়োজনীয় দক্ষ শ্রমিক ও কাঁচামাল সরবরাহের ফলে মার্চ মাস থেকেই প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে সমর্থ হয়।

ক. কালান্তিক কাজ কী? ১

খ. "নিয়ন্ত্রণ সর্বদা ভিত্তি নির্ভর"— ব্যাখ্যা কর। ২

গ. নিয়ন্ত্রণের কোন পদক্ষেপের মাধ্যমে উদ্দীপকের প্রতিষ্ঠানটির উৎপাদনের তথ্য জানা গেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণের ফলেই উদ্দীপকের প্রতিষ্ঠানটির লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হচ্ছে— বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪


# বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : | 2 | 7 | 8 |

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ প্রদত্ত ছক :




ক. ব্যবস্থাপনা কাকে বলে? ১
খ. ব্যবস্থাপনা চক্র বলতে কী বোঝায়? ২
গ. চিত্রিত উদ্দীপকে 'ক' চিহ্নিত স্থানে ব্যবস্থাপনা কোন কাজটি করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'ক' চিহ্নিত কাজের সাথে 'খ' চিহ্নিত কাজের সম্পর্ক কী? বিশ্লেষণ কর। ৪

২ ▸ জনাব রহমান একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত আছেন। প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের চাহিদা বৃদ্ধি পাওয়ায় তিনি কারখানা সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করলেন। জনাব শফিককে সম্প্রসারিত কারখানার ফোরম্যান হিসাবে দায়িত্ব দেওয়া হলো। জনাব শফিকের তত্ত্বাবধানে শ্রমিকরা চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন করতে লাগল।
ক. পেশা কী? ১
খ. ব্যবস্থাপনা কীভাবে একটি সামাজিক প্রক্রিয়া? ব্যাখ্যা কর। ২
গ. জনাব শফিক ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত আছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনাব রহমান নীতিনির্ধারণী কাজের সাথে সম্পৃক্ত"– উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৩ ▸ স্বপ্ন ফার্নিচার একটি স্বনামধন্য আসবাবপত্র উৎপাদনকারী প্রতিষ্ঠান। চলতি বছর প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা ৫০,০০০ একক আলমারি তৈরির সিদ্ধান্ত গ্রহণ করে। বছরের মাঝামাঝি সময়ে দেখা যায় লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদন হচ্ছে না। ফলে ক্রেতাদের চাহিদা মোতাবেক পণ্য সরবরাহ করা যাচ্ছে না। এতে বাজার প্রতিযোগী প্রতিষ্ঠানের হাতে চলে যাচ্ছে।
ক. লক্ষ্য কী? ১
খ. ভিশন গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. লক্ষ্যমাত্রা নির্ধারণে পরিকল্পনা প্রণয়নের কোন ধাপের অনুপস্থিতি রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ণিত প্রতিষ্ঠানের বাজার পুনরুদ্ধারে করণীয় বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জেনিথ ফুটওয়্যার একটি বৃহৎ জুতা উৎপাদনকারী ও বিপণনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির উর্ধ্বতন কর্মকর্তাদের কাজের চাপ বেশি হওয়ায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে বেশি সময় লাগে। তাছাড়া প্রতিষ্ঠানের নিম্নস্তরের কর্মীরা উর্ধ্বতন কর্মকর্তাদের কাছ থেকে একই সময়ে একাধিক কাজের আদেশ পায়। ফলে প্রতিষ্ঠানের কাজের গতি প্রায়ই বাধাগ্রস্ত হয়।
ক. নীতি কী? ১
খ. কাকে আধুনিক ব্যবস্থাপনার জনক বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. জেনিথ ফুটওয়্যার দ্রুত সিদ্ধান্ত গ্রহণে ব্যবস্থাপনার কোন নীতিটি অনুসরণ করবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে নিম্নস্তরের কর্মীদের আদেশদানে ব্যবস্থাপনার কোন নীতির লঙ্ঘন হয়েছে? তোমার মতামত দাও। ৪


৫ ▸ জনাব আমিরুল ইসলাম একটি পোশাক কারখানার কর্ণধার। তিনি প্রতিষ্ঠানের কর্মীদের যোগ্যতা অনুযায়ী দায়িত্ব বন্টন করে দেন। মানবসম্পদ বিভাগের প্রধানকে তিনি নির্দেশ দিয়েছেন যেন দক্ষ কর্মীদের চাকরি স্থায়ীকরণে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হয়। ফলে কর্মীরা স্বতঃস্ফূর্তভাবে কাজে মনোযোগী হয়।
ক. সংগঠন কী? ১
খ. সংগঠনে কাঠামো নির্ধারণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আমিরুল ইসলাম প্রথমত ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবস্থাপনার কোন নীতির ফলে প্রতিষ্ঠানের কর্মীরা কাজে মনোযোগী হয়? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ পর্যটন নগরী কক্সবাজার ও চট্টগ্রাম সমুদ্রবন্দরের সাথে সারা দেশের যোগাযোগ সহজ করতে সরকার কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করে। কাজ শুরু করার পরে নদীর নাব্যতা ও সংযোগ সড়কের সাথে সমন্বয় করে পরিকল্পনার কিছু গুণগত পরিবর্তন করা হয়। টানেলটির কাজ সফলভাবে সমাপ্ত হয়েছে।
ক. প্রকল্প কাকে বলে? ১
খ. কৌশলগত পরিকল্পনা শিল্পপ্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণ প্রকৃতিগতভাবে কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা কর। ৩
ঘ. উত্তম পরিকল্পনার কোন বৈশিষ্ট্যের ভিত্তিতে টানেল নির্মাণের পরিকল্পনার গুণগত পরিবর্তন সাধন সম্ভব হয়েছে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ সমুদ্র কর্পোরেশনের বিক্রয়ের পরিমাণ দিন দিন কমছে। সমস্যার কারণ উদ্‌ঘাটন ও সমাধান বের করার জন্য সমুদ্র কর্পোরেশনের এমডি একজন সিনিয়র কর্মকর্তার নেতৃত্বে পাঁচজনের দলকে দায়িত্ব দিলেন। তারা এক সপ্তাহ তদন্ত করে বের করলেন যে উৎপাদিত পণ্যের মান নিম্নমুখী হওয়ার জন্য বিক্রয়ের পরিমাণ কমে যাচ্ছে। পণ্যের মান বাড়াতে সরলরৈখিক নির্বাহীদের সহযোগিতা করার জন্য বিশেষ কর্মী নিয়োগের সুপারিশ করে তদন্তকারী দল তাদের প্রতিবেদন জমা দিল।
ক. দায়িত্ব কী? ১
খ. দ্বৈত অধীনতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. সমস্যার কারণ খুঁজতে গঠিত দলটি কোন ধরনের সংগঠন কাঠামো? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিক্রয়ের পরিমাণ বৃদ্ধিতে কোন ধরনের সংগঠন কাঠামোর সুপারিশ করা হয়েছে? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৮ ▸ কর্ণফুলী ব্যাংক লিমিটেড নতুন শাখা খোলার সিদ্ধান্ত নেয়। নতুন শাখার জন্য ব্যাংকটি স্থায়ী পদে থাকা কর্মীদের কাজের দক্ষতার ভিত্তিতে পদোন্নতি প্রদান করে। তাছাড়া পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে নতুন কিছু কর্মী নিয়োগ করে। নবনিয়োগকৃত কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হয়। পদোন্নতিপ্রাপ্ত পুরাতন কর্মী ও প্রশিক্ষণপ্রাপ্ত নতুন কর্মীদের পদায়ন করে নতুন শাখা উদ্বোধন করা হয়।
ক. শিক্ষণ কী? ১
খ. "কর্মী নির্বাচন একটি ঋণাত্মক প্রক্রিয়া।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কর্ণফুলী ব্যাংকের কর্মীদের কীসের ভিত্তিতে পদোন্নতি দেওয়া হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "নতুন কর্মীদের দক্ষ করতে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই"– উক্তিটির সপক্ষে তোমার যুক্তি দাও। ৪

৯ ▸ প্রদত্ত ছক :




ক. বাজেট কী? ১
খ. "নিয়ন্ত্রণকার্য ভিত্তিনির্ভর"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'গ' চিহ্নিত স্থানে কী রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রেখাচিত্রের ধাপগুলো ফলপ্রদতা– বিশ্লেষণ কর। ৪

১০ ▸ মেঘা অটোমোবাইলস লি. তাদের গাড়ি উৎপাদন কার্যক্রম সম্প্রসারণ এবং উন্নত গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে বুয়েট থেকে পাস করা কিছু প্রকৌশলী নিয়োগ দেয়। নতুন কর্মীদের কাছে সমন্বয়সাধন করতে দেরি হলেও প্রতিষ্ঠানটি তাদের লক্ষ্য অর্জনে সক্ষম হয়।
ক. মানব সম্পদ কী? ১
খ. পদোন্নতি কেন দেওয়া হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মেঘা অটোমোবাইলস লি. কোন উৎস থেকে কর্মী সংগ্রহ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কোন কারণে মেঘা অটোমোবাইলস লি. তাদের লক্ষ্য অর্জনে সক্ষম হয়? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১ ▸ জনাব আব্দুল্লাহ আল নোমান একটি রাবার বাগানের সহকারী ব্যবস্থাপক। তিনি শ্রমিক-কর্মীদের সবসময় কড়া নজরে রাখেন। কারণ তিনি শ্রমিক-কর্মীদের ব্যাপারে নেতিবাচক ধারণা পোষণ করেন, যার প্রভাব পড়েছে তাদের কাজে। তাদের কাজে উৎসাহ কমে গেছে। ফলে বিগত বছর রাবারের উৎপাদন কমে যায়।
ক. তত্ত্বাবধান কী? ১
খ. একজন নেতাকে দূরদর্শী হতে হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. ক্ষমতার ধরন বিচারে জনাব আব্দুল্লাহ আল নোমান কোন ধরনের নেতা? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদীপকের প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা উত্তরণে কী করণীয়? তোমার মতামত দাও। ৪

# দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : | ২ | ৭ | ৪ |

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ 'বীকন ফার্মাসিউটিক্যালস্' একটি বৃহৎ ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান। জনাব মতিন অন্যতম পরিচালক হিসেবে প্রতিষ্ঠানের উদ্দেশ্য নির্ধারণ ও নীতি প্রণয়ন প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত। অপরদিকে জনাব রাতিন প্রতিষ্ঠানের নির্ধারিত পরিকল্পনা ও নীতি কৌশল মাঠ পর্যায়ে বাস্তবায়নের ব্যবস্থা করে থাকেন।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. ব্যবস্থাপনার সর্বজনীনতা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের জনাব মতিন কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. "পরিকল্পনা বাস্তবায়নে প্রতিষ্ঠানের জনাব রাতিনের ভূমিকা গুরুত্বপূর্ণ"– উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

২▸ বড় ধরনের কারবার সংগঠন পরিচালনা করতে গিয়ে জনাব মাসুদ যোগ্য কর্মীদের সঠিক স্থানে পদায়ন করতে সক্ষম হয়েছেন। বিনিয়োগের বিষয়ে তিনি সতর্কতার সাথে ভেবে-চিন্তে সঠিক ক্ষেত্র চিহ্নিত করতে সফল হয়েছেন। তবে প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ কাজগুলো করার জন্য যে পরিমাণ ক্ষমতা কর্মীদের থাকা উচিত তা তিনি প্রদান করেননি। সে কারণে কর্মকর্তাদের কেউ কেউ অখুশি যা তাদের মধ্যে হতাশা বৃদ্ধি করেছে।

ক. প্রশাসন কী? ১
খ. ব্যবস্থাপনায় নির্দেশনার ঐক্যনীতি গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকে মি. মাসুদ প্রতিষ্ঠান পরিচালনায় ব্যবস্থাপনার কোন নীতির প্রতি মনোনিবেশ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবস্থাপনার যে নীতির সুষ্ঠু বাস্তবায়ন কর্মকর্তাদের মধ্যে হতাশা দূরীকরণে সহায়ক হবে উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৩▸ নাশাই গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর ব্যবস্থাপক আমিন সাহেব যথেষ্ট বিচার ও মেধাশক্তির অধিকারী। তিনি প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে উত্তম সম্পর্ক বজায় রেখে দ্রুত লক্ষ্যস্থানে পৌঁছাতে চান। এজন্য তিনি প্রতিষ্ঠানের অভ্যন্তরে এবং বাহিরে সকল পক্ষের সাথে যোগাযোগ রক্ষা করেন এবং প্রয়োজনে পরামর্শ দেন। এ ব্যবস্থা তার প্রতিষ্ঠানের জন্য সবসময় ইতিবাচক ফল বয়ে আনে। তাই তিনি সফল ব্যবস্থাপক।

ক. আদেশের ঐক্য কী? ১
খ. কার্যবিভাজন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. আমিনের মধ্যে ব্যবস্থাপকের কোন গুণ পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ফলপ্রসূ আন্তঃব্যক্তিক দক্ষতাই মি. আমিনকে সফল ব্যবস্থাপকে পরিণত করেছে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪▸ সরকার দেশের উন্নয়ন ও জনগণের স্বার্থের দিক বিবেচনায় নিয়ে তিন বছরের মধ্যে চট্টগ্রামে কর্ণফুলি ট্যানেল স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। যে অবস্থা বিবেচনা করে পরিকল্পনা করা হয় তা সব সময় নাও মিলতে পারে। তাই ভবিষ্যৎ অবস্থার পরিবর্তন হলে পরিকল্পনায় সংশোধনসহ কর্তৃপক্ষ করণীয় ঠিক করে রাখেন। ফলে যথাসময়ে কর্ণফুলি ট্যানেল নির্মাণ কাজ শেষ হয়ে যাবে।

ক. লক্ষ কী? ১
খ. ভিশন গুরুত্বপূর্ণ কেন? ২
গ. সময়ের ভিত্তিতে কর্ণফুলী ট্যানেল স্থাপন কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিকল্পনার যে বৈশিষ্ট্যটি ভবিষ্যৎ অবস্থার পরিবর্তনকে সহজ করে তোলে– উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৫▸ 'PQ' বৃহৎ রপ্তানিমুখী গার্মেন্টস কারখানাটিতে বিশেষজ্ঞ কর্মী কর্মরত আছেন। কাজের প্রকৃতি অনুযায়ী কাজগুলোকে ছোটছোট ভাগে ভাগ করে বিশেষজ্ঞ নিয়োগের ফলে প্রতিষ্ঠানটি দ্রুত আন্তর্জাতিক বাজারে খ্যাতি অর্জন করেছে। গত মাসে হঠাৎ করে এক ভয়াবহ অগ্নিকাণ্ডে পাঁচ কোটি টাকার তৈরি পোশাকসহ বহু সম্পদ পুড়ে যায় এবং ক্ষতি হয়। কিন্তু কর্তৃপক্ষ অগ্নিকাণ্ডের সঠিক কারণ উদ্ঘাটন করতে পারছে না। ফলে তারা প্রতিষ্ঠানের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত হয়ে পড়েছেন।

ক. মেট্রিক্স সংগঠন কী? ১
খ. সরলরৈখিক সংগঠনকে সামরিক সংগঠনের সাথে তুলনা করা হয় কেন? ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানে অগ্নিকাণ্ডের কারণ উদ্ঘাটনে যে ধরনের সংগঠন কাঠামো ভূমিকা রাখতে পারে– তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৬▸ 'সাত রং' নামের একটি ডায়িং ফ্যাক্টরির বিভাগীয় প্রধান হলেন জনাব ইমতিয়াজ। তিনি প্রতিষ্ঠানে তাঁর কার্যভার লাঘবের জন্য দুইজন বিশেষজ্ঞকে পরামর্শক হিসাবে নিয়োগ করেন। বিভাগের সংখ্যা বেশি হওয়ায় কাজের সমন্বয়ে কিছুটা সমস্যা দেখা দেয়। তাই তিনি বিভাগীয় প্রধানদের সমন্বয়ে একটা বোর্ড গঠন করেন। উক্ত বোর্ড প্রতি সপ্তাহের শেষ দিনে বৈঠকে বসবেন এবং গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত দিবেন।

ক. সংগঠিতকরণ কী? ১
খ. সংগঠনে কর্তৃত্বপ্রবাহ সবসময় নিম্নগামী হয় কেন? ২
গ. উদ্দীপকের প্রথম পর্যায়ে কোন ধরনের সংগঠন কাঠামো প্রণয়ন করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সর্বশেষ সংগঠন কাঠামো ধারণাটি গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▸ জনাব নোমান হাই-টেক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক। তিনি অত্যন্ত দক্ষতার সাথে প্রতিষ্ঠানটি পরিচালনা করে আসছেন। তার প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগে কর্মীর শূন্যপদে দক্ষ ও যোগ্যকর্মী নির্বাচনের জন্য তিনি বিজ্ঞাপনের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেন। তিনি নির্বাচিত কর্মীদের প্রতিষ্ঠানের অভ্যন্তরে ছয় মাসের প্রশিক্ষণ শেষে স্থায়িভাবে নিয়োগ দেন।

ক. কর্মী সংগ্রহ কী? ১
খ. কর্মী নির্বাচন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানে জনাব নোমান কোন উৎস থেকে কর্মী নিয়োগ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনাব নোমানের প্রশিক্ষণ পদ্ধতিই প্রতিষ্ঠানের সাফল্যের মূল কারণ"– উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৮▸ প্রতিষ্ঠার পাঁচ বছরেই রুদ্রনীল বুটিকস্ রাজধানীর সেরা ফ্যাশন হাউজের খ্যাতি অর্জন করেছে। তিনি প্রতিষ্ঠানের শূন্যপদ পূরণের লক্ষে পদোন্নতি প্রদানের মাধ্যমে কর্মী নিয়োগ দেন। এখানে উচ্চ পদে যাওয়ার সুযোগ থাকায় কর্মীরা সন্তুষ্ট থাকে এবং অধিক কাজ করে। কিন্তু ঘন ঘন ফ্যাশন ও প্রযুক্তির পরিবর্তন ও বাস্তব শিক্ষার অভাবে অন্যান্য প্রতিষ্ঠানের চেয়ে এই প্রতিষ্ঠানের কর্মীদের কাজে আগ্রহ কমে গেছে। ফলে উৎপাদন ক্রমেই হ্রাস পাচ্ছে।

ক. কর্মী নিয়োগ কী? ১
খ. প্রতিষ্ঠানে দক্ষ কর্মী বাহিনী গড়ে তুলতে কর্মী নির্বাচন অপরিহার্য কেন? ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি নতুন কর্মী নিয়োগে কর্মী সংগ্রহের কোন উৎস ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আগ্রহ ও উৎপাদন বৃদ্ধিতে রুদ্রনীল বুটিকস্-এর আশু করণীয় ব্যবস্থাপনার কাজটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯▸ মি. হোসেন তার কারখানায় সিদ্ধান্ত গ্রহণে সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পরামর্শ গ্রহণ করেন। এতে কর্মীদের মধ্যে প্রশাসনের প্রতি ইতিবাচক ধারণা সৃষ্টি হয়। ফলে প্রতিষ্ঠানটিতে উৎপাদন ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। অপরদিকে মি. কাদের তার কারখানায় সিদ্ধান্ত গ্রহণে কোনো কর্মীর পরামর্শ নেন না। তিনি একাই সিদ্ধান্ত গ্রহণ করেন এবং তা বাস্তবায়নে সবাইকে বাধ্য করেন। এতে প্রশাসকের প্রতি কর্মীদের অসন্তোষ বৃদ্ধি পাওয়ায় উৎপাদন ক্রমাগত হ্রাস পাচ্ছে।

ক. নেতৃত্ব কী? ১
খ. পরামর্শমূলক নির্দেশনা অধিক কার্যকর কেন? ২
গ. উদ্দীপকের মি. হোসেন প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব প্রদান করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মি. কাদেরের নেতৃত্বের ধরন দীর্ঘমেয়াদি প্রতিষ্ঠানকে ক্ষতিগ্রস্ত করতে পারে– উদ্দীপকের আলোকে বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

১০▸ মি. মনির একটি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি তাঁর কর্মীদের সাথে আলাপ-আলোচনা করেই তাদের নির্দেশ প্রদান করেন। অবশ্য ভালো ব্যবহার এবং আন্তরিকতার মাধ্যমে তিনি তার উদ্দেশ্য সাধন করেন। অন্যদিকে জনাব ইমরান তার প্রতিষ্ঠানে কর্মীদের কেবলমাত্র টার্গেট নির্ধারণ করে দেন, কিন্তু উক্ত টার্গেট বাস্তবায়নে তিনি তেমন কোনো ভূমিকা রাখেন না বরং নিজেই কর্মবিমুখ থাকেন। ফলে লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হয়।

ক. পিতৃসুলভ নেতৃত্ব কী? ১
খ. নেতাকে ধৈর্যশীল হতে হয় কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত মি. মনিরের কোম্পানিতে কোন ধরনের নির্দেশনা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনাব ইমরানের নেতৃত্বের ধরনটিই প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনে ব্যর্থতার মূল কারণ"– উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১▸ জনশন ফ্যাশন ওয়ার লিমিটেড একটি রফতানিমুখী উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৫ জানুয়ারি চার মাসের মধ্যে পাঁচ লক্ষ পিস প্যান্ট সরবরাহের অর্ডার গ্রহণ করে। কিন্তু ২০ মার্চ পর্যন্ত প্রতিষ্ঠানটি দুই লক্ষ পিস প্যান্ট উৎপাদন করতে সক্ষম হয়। এমতাবস্থায় যথাসময়ে অর্ডার সরবরাহ করার জন্য উৎপাদন ব্যবস্থাপক উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নেন।

ক. নিয়ন্ত্রণ কী? ১
খ. নিয়ন্ত্রণ প্রক্রিয়ায় কেন আদর্শ মান নির্ধারণ প্রয়োজন? ২
গ. জনশন ফ্যাশন ওয়ার লিমিটেড-এর উৎপাদন লক্ষ্যমাত্রায় কীরূপ বিচ্যুতি পাওয়া গিয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "নিয়ন্ত্রণ প্রক্রিয়ার যথাযথ ধাপ অনুসরণই যথাসময়ে অর্ডারকৃত পণ্য সরবরাহ করা সম্ভব হয়েছে"– উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

# ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 7 8

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ▶ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ জনাব সনি অ্যাপার্টমেন্ট নির্মাণকারী প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী। তার প্রতিষ্ঠানের প্রতিটি প্রকল্পের নকশা তিনি পর্যালোচনা করেন এবং প্রয়োজনে সংশোধন করে অনুমোদন করেন। তিনি ভালো বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেন। কিন্তু একটু ভুল হলেই ছাঁটাই করেন। এতে কর্মীরা আতঙ্কিত থাকেন এবং অন্যত্র ভালো কোনো চাকরির সুযোগ পেলে চলে যান। এতে প্রতিষ্ঠানটির উৎপাদনশীলতা কমে যায় এবং সময়মতো কাজ শেষ হয় না।

ক. সংগঠন চার্ট কী? ১

খ. ব্যবস্থাপনার কাজগুলো কেন চক্রাকারে আবর্তিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব সনির মাঝে আদর্শ ব্যবস্থাপকের কোন দক্ষতার উপস্থিতি লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সনির প্রতিষ্ঠানটিতে কোন নীতির অভাবে প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা কমে যাচ্ছে? বিশ্লেষণ কর। ৪

২▶ মি. গৌতম একটি সিমেন্ট উৎপাদন ও বিপণনকারী প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী। তিনি একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রতিটি বিভাগের উদ্দেশ্যে পরিকল্পনা তৈরি করেন। সেই মোতাবেক প্রতিটি বিভাগের কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন এবং বিভাগগুলোর কাজের সমন্বয় করেন। তিনি নির্ধারিত সময় শেষ হবার পূর্বেই আবার পরিকল্পনা করেন। তার এই কার্যক্রমের জন্য প্রতিষ্ঠানটি খুব দ্রুত সফল হচ্ছে।

ক. পরিকল্পনা কী? ১

খ. পরিকল্পনা সর্বদা লক্ষ্যকেন্দ্রিক— ব্যাখ্যা কর। ২

গ. মি. গৌতমের পরিকল্পনাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. গৌতমের পরিকল্পনাটি সফল হওয়ার জন্য আদর্শ পরিকল্পনার মূলত কোন বৈশিষ্ট্য দায়ী? মতামত দাও। ৪

৩▶ জনাব সুজন একটি তৈরি পোশাক কোম্পানির নির্বাহী। তিনি প্রতিষ্ঠানের বিভিন্ন স্তরে ও বিভাগের কর্মকর্তাদের আদেশ ও নির্দেশ দেন। তিনি লক্ষ করলেন তার প্রতিষ্ঠানের কাপড়ের টুকরোগুলো ফেলে দেওয়া হয়। তাই তিনি টুকরোগুলো দিয়ে তুলা তৈরি করেন এবং সেই তুলা ব্যবহার করে পুনরায় কাপড় তৈরির জন্য কারখানা স্থাপন করেন। এতে তার প্রতিষ্ঠানটি পূর্বের তুলনায় লাভবান হচ্ছে।


ক. নির্দেশনা কী? ১

খ. মেট্রোরেল প্রকল্প কেন একার্থক পরিকল্পনা? ব্যাখ্যা কর। ২

গ. কাজের দৃষ্টিকোণ থেকে জনাব সুজনের ব্যবস্থাপনার আওতাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সুজনের প্রতিষ্ঠানটি ব্যবস্থাপনার কোন বিষয়ে গুরুত্ব আরোপের কারণে সফল হয়েছে? মতামত দাও। ৪

৪▶ মেঘনা লি. এর নিয়ন্ত্রণ প্রক্রিয়া নিম্নরূপ :




উপরিউক্ত পদ্ধতিটি সর্বদা অনুসরণ করা হয়। পরিকল্পনা অনুযায়ী যতক্ষণ কার্যক্রম চলতে থাকে নিয়ন্ত্রণও ততক্ষণ চলতে থাকে। কোনো কারণে পরিকল্পনার সংশোধনী আনা হলে সেই মোতাবেক নিয়ন্ত্রণ চলে। এতে প্রতিষ্ঠানের উন্নতি ক্রমাগত বৃদ্ধি পায়।

ক. প্রক্রিয়া কী? ১

খ. শৃঙ্খলা বজায় রাখার জন্য আদেশের ঐক্যের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. মেঘনা লি. এর ৪র্থ ধাপে নিয়ন্ত্রণ প্রক্রিয়ার কোন কার্যক্রমটি সংঘটিত হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নিয়ন্ত্রণের কোন বৈশিষ্ট্যের জন্য মেঘনা লি. এর উন্নতি ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে? বিশ্লেষণ কর। ৪

৫▶ মি. হাবিব একটি প্রতিষ্ঠানের উৎপাদন ব্যবস্থাপক। তিনি নির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের জন্য পরিকল্পনা করেন। এতে তার কর্মভার বেশি হয়। কিন্তু বিশেষ কোনো সমস্যা সমাধানের জন্য এই পরিকল্পনা সহায়তা করে। অন্যদিকে মি. হাসান ঐ প্রতিষ্ঠানের বিক্রয় ব্যবস্থাপক। তিনি তার বিভাগের পৌনঃপুনিক সমস্যা সমাধানের উদ্দেশ্যে সকলের ব্যবহারের জন্য পরিকল্পনা করেন। এতে তার কর্মভার কম হয়।

ক. বাজেট কী? ১

খ. "পরিকল্পনা একটি ভবিষ্যৎমুখী কার্যক্রম"— ব্যাখ্যা কর। ২

গ. মি. হাবিবের পরিকল্পনাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যয় সংকোচনের নীতিতে উদ্দীপকের কার পরিকল্পনাটি উত্তম? বিশ্লেষণ কর। ৪

৬▶ মিসেস আরুফা একটি ভোগ্যপণ্য উৎপাদন ও বিপণনকারী প্রতিষ্ঠানের নির্বাহী। তিনি প্রতিষ্ঠানের বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করেন। তবে প্রয়োজন হলে একজন নির্ধারিত উপদেষ্টার সহায়তা নেন। প্রতিষ্ঠানের ব্যবসায় ক্রমাগত বৃদ্ধির কারণে তিনি বিভিন্ন বিভাগ চালু করেন এবং প্রতিটি বিভাগে দক্ষ ব্যবস্থাপক নিয়োগ দেন। আবার, কখনো কখনো উপদেষ্টাকে বাদ দিয়ে বিভাগীয় ব্যবস্থাপকদের সঙ্গে আলোচনা করে তিনি সিদ্ধান্ত গ্রহণ করেন। এতে প্রতিষ্ঠানের উন্নতি ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে।

ক. কার্য বিভাজন কী? ১

খ. "মানবীয় দক্ষতা সুসম্পর্ক সৃষ্টিতে সহায়ক"— ব্যাখ্যা কর। ২

গ. মিসেস আরুফার প্রতিষ্ঠানের প্রথম পর্যায়ের সংগঠন কাঠামোটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিশেষায়নের দৃষ্টিকোণ থেকে উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানে কোন পর্যায়ের সংগঠন কাঠামো অধিক কার্যকর? মতামত দাও। ৪

৭▶ মি. রাসেল একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি তার অধস্তনদের সঙ্গে আলোচনা করে কর্মীকে কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেন। এতে কর্মীদের মনোবল বৃদ্ধি পায়। কিন্তু তিনি কর্মীদের সম্পাদিত কাজের হিসাব নেন না। এতে কর্মীদের উৎপাদনশীলতা কমে যাচ্ছে এবং প্রতিষ্ঠানের মুনাফা কমে যাচ্ছে।


ক. আনুষ্ঠানিক নেতৃত্ব কী? ১

খ. "নেতৃত্ব কর্মীদের মনোবল উন্নয়নে সহায়ক"— ব্যাখ্যা কর। ২

গ. ক্ষমতা প্রয়োগের ভিত্তিতে মি. রাসেলের নেতৃত্বটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. নেতৃত্বের কোন সমস্যার জন্য প্রতিষ্ঠানটির মুনাফা কমে যাচ্ছে? মতামত দাও। ৪

৮▶ গ্রামীণ লি. এর সাংগঠনিক কাঠামো নিম্নরূপ:




এই সংগঠনের দ্বারা সুনির্দিষ্ট দায়িত্ব ও কর্তৃত্ব নির্ধারিত থাকে। ফলে ঊর্ধ্বতনের আদেশ নির্দেশ অমান্য করার প্রবণতা নাই। প্রতিষ্ঠানটিতে কেউ কোনো কাজ ফাঁকি দেয় না। তাই প্রতিষ্ঠানটি সুন্দরভাবে চলছে।

ক. সংগঠন কাঠামো কী? ১

খ. "আদর্শ সংগঠনে আদেশের ঐক্য থাকা উচিত"— ব্যাখ্যা কর। ২

গ. গ্রামীণ লি. এর সাংগঠনিক কাঠামোটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটি সুন্দরভাবে চালানোর ক্ষেত্রে সংগঠনের কোন বিষয়টিতে গুরুত্ব আরোপ করা হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৯▶ মি. মাসুদ রানা একটি কোম্পানির নির্বাহী। তিনি প্রতিষ্ঠানে কিছু সংখ্যক কর্মী নিয়োগের জন্য নির্ধারিত পদ্ধতি অনুসরণ করেন। তিনি কর্মীদের শারীরিক যোগ্যতা ও কর্মদক্ষতা যাচাই করে কর্মী নির্বাচন করেন এবং নিয়োগ দেন। নিয়োগপ্রাপ্ত কর্মীদেরকে তিনি একজন তত্ত্বাবধায়কের সার্বিক তত্ত্বাবধানে প্রশিক্ষণ দেন। এতে কর্মীদের কার্য সন্তুষ্টি এবং উৎপাদনশীলতা বৃদ্ধি পায়।

ক. বদলি কী? ১

খ. "কর্মী সংগ্রহ একটি ধনাত্মক প্রক্রিয়া" ব্যাখ্যা কর। ২

গ. মি. মাসুদ রানা কর্মী নির্বাচনের ক্ষেত্রে কোন পদ্ধতি অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. মাসুদ রানার প্রতিষ্ঠানে কর্মীদের কর্মসন্তুষ্টি ও উৎপাদনশীলতা বৃদ্ধির মূল কারণটি বিশ্লেষণ কর। ৪

১০▶ মিসেস সুমী একটি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী। তিনি যে কোনো সিদ্ধান্ত নেওয়ার পূর্বে সকলস্তরের কর্মীদের সঙ্গে আলাপ-আলোচনা করে সিদ্ধান্ত নেন এবং সেই মোতাবেক নির্দেশনা প্রদান করেন। এতে কর্মীরা আনন্দিত হন। কিন্তু মিসেস সুমীর কৌশলগুলো ইদানীং তেমন কাজ করছে না। প্রতিযোগী প্রতিষ্ঠানগুলো তার প্রতিষ্ঠানের মতো কৌশল ব্যবহার করছে। এতে তিনি চিন্তিত।

ক. নেতৃত্ব কী? ১

খ. "ইতিবাচক নেতৃত্বে কর্মীরা অনুপ্রাণিত হয়"— ব্যাখ্যা কর। ২

গ. মিসেস সুমীর নির্দেশনাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. নির্দেশনার কোন সমস্যার জন্য মিসেস সুমীর কৌশলগুলো কাজ করছে না? মতামত দাও। ৪

১১▶ মিসেস মমতাজ ও মিসেস শাহনাজ দুই বান্ধবী এবং তারা একই প্রতিষ্ঠানে কাজ করেন। মমতাজ প্রতিষ্ঠানের উদ্দেশ্য নির্ধারণ করেন এবং সেই অনুযায়ী অধস্তনদের নির্দেশনা দেন। অন্যদিকে শাহনাজ প্রতিষ্ঠানের উদ্দেশ্য অর্জনের জন্য কর্মীদের নির্দেশনা দেন ও তত্ত্বাবধান করেন। ফলে প্রতিষ্ঠানটি দ্রুত সফলতা পাচ্ছে।

ক. বাজেট কী? ১

খ. কমিটি কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. মিসেস মমতাজের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. নিম্নস্তরের কর্মীদের পরিচালনার ক্ষেত্রে বান্ধবীদ্বয়ের মধ্যে কার কাজ অধিক গুরুত্বপূর্ণ? তোমার মতামত দাও। ৪

# ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 7 8

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব মউদুদ তার প্রতিষ্ঠানের নীতি নির্ধারণ করেন এবং বাইরের প্রতিষ্ঠানগুলোর সাথে সমন্বয় রক্ষা করেন। ঐ প্রতিষ্ঠানের জনাব মোজাম্মেল কর্মীদের কাজ তদারক করেন এবং এ প্রতিষ্ঠানের কর্মীদের উৎপাদিত পণ্যের মান ও পরিমাণের জন্য তিনিই দায়ী থাকেন।

ক. সাম্যের নীতি কী? ১

খ. ব্যবস্থাপনা কীভাবে অর্থনৈতিক সম্পদ? ২

গ. জনাব মউদুদ কোন স্তরের কর্মকর্তা? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. বিভিন্ন ধরনের দক্ষতার সমন্বয়েই জনাব মোজাম্মেলের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভব— তুমি কি একমত? যুক্তি দাও। ৪

২▸ RS এন্টারপ্রাইজে অনির্দিষ্ট স্বল্পমেয়াদের ভিত্তিতে কিছু কর্মী নিয়োগ করা হয়। এই কর্মীরা সবসময় শঙ্কিত ও অসন্তুষ্ট। প্রতিষ্ঠানের নতুন নির্বাহী জনাব একরাম যোগদানের পর এই প্রতিষ্ঠানের আর্থিক লোকসানের বিষয়টি লক্ষ করলেন। তদুপরি তিনি দেখলেন, এই কর্মীরা কাজেও মনোযোগ দিচ্ছে না। অপর দিকে, QAS লি.-এর সব বিভাগের শ্রমিক কর্মীরা বাড়তি সময় কাজ করে যথাযথ পারিশ্রমিক পান। তদুপরি, তারা দীর্ঘ মেয়াদের জন্য নিযুক্ত হন। এই প্রতিষ্ঠানে শ্রম অসন্তোষ নেই এবং প্রতিষ্ঠানটি ক্রমশ লাভজনক হয়ে উঠেছে।

ক. শ্রম ঘূর্ণায়মানতা কী? ১

খ. একজন নেতার যোগাযোগ দক্ষতা থাকতে হয় কেন? ২

গ. অনির্দিষ্ট স্বল্পমেয়াদে কর্মী নিয়োগের ফলে RS এন্টারপ্রাইজ ব্যবস্থাপনার কোন নীতি লঙ্ঘন করেছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ব্যবস্থাপনার নীতিগুলোর যথাযথ অনুসরণের মাধ্যমেই QAS লি. লাভজনক হয়ে উঠেছে'— উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৩▸ জনাব সাগর একটি পোশাক শিল্পের মালিক। এ বছর তিনি চার লক্ষ মিটার কাপড় সরবরাহের একটি ফরমায়েশ পান। তাঁর কারখানাটির বার্ষিক কার্যদিবস ২৫০ দিন এবং দৈনিক আট ঘণ্টা উৎপাদনে থাকে। তিনি উৎপাদন ব্যবস্থাপককে সেই অনুযায়ী উৎপাদনের নির্দেশ দেন। কিন্তু বছর শেষে দেখা গেল যে মাত্র তিন লক্ষ মিটার কাপড় উৎপাদিত হয়েছে। জনাব সাগর লক্ষ্যমাত্রার চেয়ে কম উৎপাদনের প্রকৃত কারণ উদ্‌ঘাটন করলেন এবং নতুন প্রযুক্তি প্রবর্তনপূর্বক কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করলেন?

ক. মিশন কী? ১

খ. "পরিকল্পনা হলো ভবিষ্যতের আয়না"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত ফরমায়েশের লক্ষ্যমাত্রা অর্জনে ঘণ্টাপ্রতি কত মিটার কাপড় উৎপাদন করতে হবে? ৩

ঘ. উৎপাদন লক্ষ্যমাত্রা পূরণের জন্য জনাব সাগর কর্তৃক গৃহীত কার্যক্রমের যৌক্তিকতা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৪▸ চট্টগ্রামের রাবতা সিস্টার্স লি. ঢাকার পল্লবীতে নতুন একটি বুটিক খোলার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এজন্য মূলধনের উৎস নির্ধারণ ও সুযোগ-সুবিধা যাচাই-বাছাই সম্পন্ন করেছে। কিন্তু নির্বাচনের ক্ষেত্রে তারা পল্লবী ছাড়া অন্য কোনো এলাকাকে বিবেচনায় নেয়নি। ফলে তীব্র প্রতিযোগিতামূলক নতুন বাজারে তাদের টিকে থাকা মুশকিল হচ্ছে।

ক. প্রধান কর্মসূচি কী? ১

খ. "পরিকল্পনা ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি"— ব্যাখ্যা কর। ২

গ. রাবতা সিস্টার্স লি.-এর নতুন বুটিক স্থাপনের সিদ্ধান্তটি ব্যবস্থাপনার কোন কাজকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সুনির্দিষ্ট ব্যবস্থাপকীয় কাজটির বিশেষ একটি ধাপ বিবেচনা না করায় রাবতা সিস্টার্সের অস্তিত্ব হুমকির সম্মুখীন হয়েছে— বিশ্লেষণ কর। ৪

৫▸ NHL একটি নির্বাহী কেন্দ্রিক সংগঠন। প্রতিষ্ঠানের নির্বাহী সাদমান সাহেব একা সব কাজ করতে গিয়ে ভারাক্রান্ত বোধ করছেন। তিনি নানা কাজে দক্ষ হলেও কর্মী ব্যবস্থাপনায় দক্ষ নন। এ জন্য নানারকম কাজ সম্পাদনে সবসময় দেরি হচ্ছে। এ অবস্থায় প্রতিষ্ঠানটির কাঠামো পরিবর্তন করে কয়েকজন বিশেষজ্ঞ কর্মকর্তা নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. অনানুষ্ঠানিক সংগঠন কেন প্রয়োজন হয়? ২

গ. উদ্দীপকে বর্ণিত NHL নামক প্রতিষ্ঠানটির সাংগঠনিক কাঠামো কীরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সংগঠনটির কাঠামো পরিবর্তনের সিদ্ধান্তটি কি যৌক্তিক মনে কর? তোমার মতামত দাও। ৪

৬▸ লিপা এপারেলস পাঁচ বছরের জন্য ১০% বিক্রয় বৃদ্ধির লক্ষ্যমাত্রা হাতে নিয়েছে। এই লক্ষ্যকে সামনে রেখে উৎপাদন ও বিক্রয় বিভাগ প্রথম বছর ভালো ফল পেলেও করোনা মহামারির কারণে দ্বিতীয় বছরে কাঙ্ক্ষিত অগ্রগতি হয়নি। এই প্রেক্ষাপটে এপারেলসটি তাদের পরিকল্পনাকে ঢেলে সাজিয়েছে। বর্তমানে নিপা এপারেলসের বিক্রয় হার কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় বৃদ্ধিপ্রাপ্ত হচ্ছে।

ক. পরিকল্পনার আঙ্গিনা কী? ১

খ. পরিকল্পনার সাথে উদ্দেশ্যের কী সম্পর্ক রয়েছে? ২

গ. উদ্দীপকের উল্লিখিত পরিকল্পনাটি মেয়াদের ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উত্তম পরিকল্পনার একটি বিশেষ বৈশিষ্ট্যই নিপা এপারেলসের বর্তমান কাঙ্ক্ষিত বিক্রয় বৃদ্ধিতে ভূমিকা রেখেছে।"— বিশ্লেষণ কর। ৪

৭▸ মি. আলম শিল্পপ্রতিষ্ঠানে P, Q, R তিন ধরনের পণ্য প্রস্তুত হয়। P পণ্যের চাহিদা বেশি হওয়ায় উৎপাদন ও বিক্রয় বিভাগ একটি পণ্য নিয়েই বেশি ব্যস্ত থাকে। P পণ্যের উপর নির্ভরশীলতা কমানো এবং Q ও R পণ্যের বিক্রয় প্রসারের লক্ষ্যে P, Q, R পণ্যের জন্য একজন করে ব্যবস্থাপক নিয়োগ দেন। উৎপাদন ও বিক্রয় বিভাগসহ পূর্বতন বিভাগগুলো পণ্য ব্যবস্থাপকের ফরমায়েশ ও প্রত্যাশা অনুযায়ী কার্য সম্পাদনের নির্দেশ দেন।

ক. পদ আবর্তন কী? ১

খ. নির্দেশনার ঐক্য প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ কেন? ২

গ. মি. আলমের প্রতিষ্ঠানে প্রথম পর্যায়ে কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে পরিবর্তিত সংগঠন কাঠামোর ধরন চিহ্নিত করে এর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮▸ জনাব রাকিব অনলাইন পত্রিকার জব সাইটের বিজ্ঞপ্তিতে সাড়া দিয়ে সুমাইয়া কসমেটিকস্ লি.-এ বিক্রয় নির্বাহী পদে নিয়োগ লাভ করেছেন। নিয়োগের পর ঐ প্রতিষ্ঠানের একজন জ্যেষ্ঠ নির্বাহী জনাব সুমনের অধীনে তাকে হাতে কলমে কাজ শেখানো হয়। অপরদিকে, জনাব ইরফান হোসাইন আদিল সুজ লি.-এর উৎপাদন বিভাগে বারো বছর সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন। সম্প্রতি তিনি অবসর নিয়েছেন। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সুপারিশে তাকে এই প্রতিষ্ঠানে নতুন ইউনিটে পুনরায় নির্বাহী হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

ক. কর্মী নির্বাচন কী? ১

খ. মেট্রোরেল প্রকল্প কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রাকিবকে প্রদত্ত প্রশিক্ষণটি কোন ধরনের কাজের মাধ্যমে প্রশিক্ষণ পদ্ধতি? উদ্দীপকের ভিত্তিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আদিল সুজ লি.-এর কর্মী সংগ্রহের উৎসটি কি যথার্থ হয়েছে? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৯▸ RNL বলপেন লি.-এর ব্যবস্থাপক জনাব রাফসান তার প্রতিষ্ঠানের কর্মীদের সামর্থ্যের ওপর আস্থা রাখেন না এবং সিদ্ধান্ত গ্রহণে তিনি কর্মীদের পরামর্শ গ্রহণ করেন না। এতে দ্রুত প্রাতিষ্ঠানিক কাজ সম্পাদিত হলেও কর্মীরা সন্তুষ্ট নয়। অপরদিকে, BSB কোম্পানির কর্ণধার বিচিত্রা সেন কর্মীদের কাজে কোনো পরামর্শ দেন না, কর্মীরাই সিদ্ধান্ত গ্রহণ করে থাকেন।

ক. বাজেট কী? ১

খ. কখন নেতিবাচক নেতৃত্ব প্রয়োজন হয়? ২

গ. জনাব রাফসান ক্ষমতার বিচারে কোন ধরনের নেতৃত্ব অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সৃজনশীলতার বিকাশে BSB কোম্পানির জনাব বিচিত্রা সেন অনুসৃত নেতৃত্বের ধরনটি বিশেষ ভূমিকা রাখলেও দলীয় সংহতি রক্ষায় এটি তেমন কার্যকরী পদ্ধতি নয়'— তুমি কি একমত? যুক্তি দাও। ৪

১০▸ জনাব শরীফ IPS কারখানায় সম্প্রতি জনাব শীমুল ও জনাব শামীম নামক দুজন শ্রমিক কাজে যোগ দিয়েছেন। জনাব রাসেল ঐ কারখানার একজন দক্ষ ব্যবস্থাপক। জনাব শরীফ তাদের দুইজনকে জনাব রাসেলের তত্ত্বাবধানে রেখে IPS তৈরির খুঁটিনাটি বিষয়ে জ্ঞান লাভ করতে বললেন। জনাব শীমুল ও জনাব শামীম দুই মাসের মধ্যে আইপিএস তৈরিতে দক্ষ হয়ে উঠে। বছরখানেক পর জনাব রাসেল চাকরি ছেড়ে দিলে জনাব শরীফ তার স্থলে জনাব শীমুলকে নিয়োগ দিলেন কারণ কাজের মান ভালো। এতে জনাব শামীম মনঃক্ষুণ্ন হলেন।

ক. প্রশিক্ষণ কী? ১

খ. কর্মী নির্বাচনকে ঋণাত্মক কাজের সাথে তুলনা করা হয় কেন? ২

গ. উদ্দীপকে প্রশিক্ষণের কোন পদ্ধতির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে পদোন্নতির যে ভিত্তিটি ব্যবহার করা হয়েছে তা কি যথার্থ? মূল্যায়ন কর। ৪

১১▸ স্বপ্নের ঠিকানা লি. একটি টি-শার্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান। উন্নত মানের টি-শার্ট তৈরির জন্য তাদের যথেষ্ট সুনাম রয়েছে। চলতি সালে প্রতিষ্ঠানটি তাদের উৎপাদন লক্ষ্যমাত্রা বৃদ্ধি করে সাত লক্ষ একক ধার্য করে। কিন্তু ছয় মাসে মাত্র তিন লক্ষ একক টি-শার্ট তৈরি হয়েছে। এমতাবস্থায় প্রতিষ্ঠানটি তাদের তদারকি বাড়িয়ে দেয় এবং ত্রুটি -বিচ্যুতিগুলো খুঁজে বের করে পদক্ষেপ নেয়। তারা আশা করছে নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে পারবে।

ক. নিয়ন্ত্রণের ভিত্তি কী? ১

খ. " নিয়ন্ত্রণ একটি চলমান প্রক্রিয়া" — ব্যাখ্যা কর। ২

গ. স্বপ্নের ঠিকানা লি. প্রথমত নিয়ন্ত্রণের কোন পদক্ষেপ অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিবর্তিত পরিস্থিতিতে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তাতে কি স্বপ্নের ঠিকানা লি. সফল হবে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

# রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 7 8

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। জনাব মানিক 'ফরিদ গ্রুপ অব ইন্ডা' এর নীতি নির্ধারণ করেন এবং গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন। তাঁর দক্ষ নেতৃত্বে প্রতিষ্ঠানটি গত পাঁচ বছরে লাভজনক অবস্থানে পৌছায়। সম্প্রতি উৎপাদন ব্যবস্থাপকের পদ শূন্য হয়। তিনি সদ্য পাস করা তাঁর সন্তানকে নিয়োগ না দিয়ে সহকারী উৎপাদন ব্যবস্থাপককে ঐ পদে পদোন্নতি দেন এবং নিজ সন্তানকে সহকারী উৎপাদন ব্যবস্থাপক পদে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ দেন।

ক. পেশা কী? ১
খ. 'ব্যবস্থাপনা একটি চলমান প্রক্রিয়া'– ব্যাখ্যা কর। ২
গ. জনাব মানিক কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. আদর্শ ব্যবস্থাপকের গুণাবলির ভিত্তিতে জনাব মানিক কর্তৃক কর্মী নিয়োগ প্রক্রিয়া মূল্যায়ন কর। ৪


২। জনাব রফিক একটি স্বনামধন্য কোম্পানিতে কর্মরত। তিনি পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সুপারভাইজার পর্যায়ের কর্মকর্তাদের দিয়ে বাস্তবায়িত করেন। অপরদিকে মি. কিরণ কোম্পানির গৃহীত পরিকল্পনা কায়িক শ্রমের মাধ্যমে সরাসরি বাস্তবায়ন করেন। ফলে কোম্পানির মুনাফা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. ব্যবস্থাপনা কীভাবে উদ্দেশ্য অর্জনে সহায়তা করে? ২
গ. উদ্দীপকের জনাব রফিক ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত? ব্যাখ্যা কর। ৩
ঘ. "কোম্পানির মুনাফা বৃদ্ধিতে মি. কিরণের অবদান বেশি"–তুমি কি একমত? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

৩। জনাব আলীম রংধনু সিমেন্ট কারখানায় লক্ষ্য স্থির ও নীতি নির্ধারণী কাজ করে থাকেন। সম্প্রতি সিমেন্টের চাহিদা বৃদ্ধি পায়। ফলে তিনি কর্মীদেরকে প্রত্যহ ২ ঘণ্টা অতিরিক্ত কাজ করার নির্দেশনা দেন। কিন্তু অতিরিক্ত মজুরি ঘোষণা দেন নাই। ফলে কর্মীদের মধ্যে অসন্তোষ ছড়িয়ে পড়ে।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা কাকে বলে? ১
খ. প্রতিষ্ঠানে নমনীয়তার নীতি কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. জনাব আলীম তাঁর প্রতিষ্ঠানে ব্যবস্থাপনার কোন নীতি লঙ্ঘন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'একজন প্রশাসক হিসেবে জনাব আলীমের মধ্যে ব্যবস্থাপকীয় কিছু দক্ষতার ঘাটতি আছে'– উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৪।




ক. ব্যবস্থাপনার স্তর কী? ১
খ. "একতাই বল"– নীতিটি গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ছকটি হেনরী ফেয়লের কোন নীতির সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, সুষ্ঠুভাবে কার্যপরিচালনা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে উক্ত নীতিটি যথার্থ? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫। জনাব সাগর উৎপাদন বিভাগে ব্যবস্থাপক হিসেবে কর্মরত। তিনি বিভাগের কর্মীদের সাথে পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণ করেন। এতে প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীদের সাথে তার সুসম্পর্ক সৃষ্টি হয়েছে। তাছাড়া প্রতিষ্ঠানের সম্পদ ও শ্রমের যথাযথ ব্যবহার এবং অপচয় কমানোর লক্ষ্যে কর্মীদের কাজকে নির্দিষ্ট করে দিয়েছেন। উৎপাদনের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে কর্মীরা স্বতঃস্ফূর্তভাবে কাজ করছে।

ক. দ্বৈত অধীনতা কী? ১
খ. "ব্যবস্থাপনা একটি সামাজিক প্রক্রিয়া"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মি. সাগর তাঁর বিভাগে কোন ধরনের ব্যবস্থাপকীয় দক্ষতার প্রয়োগ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকের প্রতিষ্ঠানের সফলতার পিছনে মি. সাগরের ব্যবস্থাপকীয় গুণাবলির বিভিন্ন দিক ফুটে উঠেছে' – বিশ্লেষণ কর। ৪

৬। জনাব কালাম একটি স্বনামধন্য প্রতিষ্ঠানে প্রধান নির্বাহী পদে কর্মরত। তিনি প্রতিষ্ঠানের কাজগুলোকে প্রকৃতি অনুযায়ী ভাগ করে দক্ষ ও অভিজ্ঞ ব্যবস্থাপকের উপর ন্যস্ত করেন। বর্তমানে তিনি উৎপাদন বৃদ্ধি ও বাজার সম্প্রসারণের লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ করেন। তাকে সহায়তা করার জন্য একজন বিশেষজ্ঞ কর্মী নিয়োগ দেন।

ক. কমিটি কী? ১
খ. সংগঠন কাঠামো বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে বিশেষজ্ঞ কর্মী নিয়োগের পূর্বে কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ কর্মী নিয়োগের ফলে সংগঠন কাঠামোতে যে পরিবর্তন হয়েছে তা চিহ্নিত কর এবং পরিবর্তনের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। মি. রেজাউল একটি প্রতিষ্ঠানের কর্ণধার। সিদ্ধান্ত গ্রহণে তিনি কারো সাথে পরামর্শ করেন না। তিনি নিজের ক্ষমতা ও সামর্থ্যের উপর ভিত্তি করে প্রতিষ্ঠান পরিচালনা করেন। অপরদিকে মি. আশ্রাফ অন্য একটি প্রতিষ্ঠানের কর্ণধার। মি. আশ্রাফ কর্মীদের সাথে পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণ করেন। কোনো কর্মী কিছু জানতে চাইলে তিনি বুঝিয়ে দেন। ফলে কর্মীরা স্বতঃস্ফূর্তভাবে দায়িত্ব পালন করে।

ক. কর্মকেন্দ্রিক নেতৃত্ব কী? ১
খ. কেন একজন নেতাকে দূরদর্শী হতে হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মি. রেজাউলের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি সাফল্যের জন্য জনাব আশ্রাফের নেতৃত্বের ধরনটি অধিক উপযোগী'– তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮। 'নীলাচল ইন্ডাস্ট্রিজ লিমিটেড' এর মানব সম্পদ বিভাগের প্রধান নির্বাহী জনাব কাউছার আলম। তিনি কর্মীদের অভিযোগ মনোযোগ দিয়ে শোনেন, স্নেহ-মমতা দিয়ে কাজ আদায় করে নেন। কোনো কর্মী ভুল করলে সংশোধন করে দেন। তাছাড়া যে কোনো প্রতিকূল পরিস্থিতিতে তিনি সামনে থেকে দলকে নেতৃত্ব দেন। এজন্য সবাই তাকে সমীহ করে।

ক. স্থায়ী পরিকল্পনা কী? ১
খ. নেতৃত্ব বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জনাব কাউছার আলম প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব অনুসরণ করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "নেতৃত্বের বিশেষ গুণাবলির জন্য জনাব কাউছার আলমকে সবাই সমীহ করে"– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। 'লিবরা লিমিটেড কোম্পানি' কর্মী নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়। প্রতিষ্ঠানটি বিভিন্ন পরীক্ষার মাধ্যমে কিছু সংখ্যক যোগ্যকর্মী নিয়োগ দেয়। এতে প্রতিষ্ঠানে নিয়োজিত পুরাতন কর্মীদের মধ্যে অসন্তোষ ও বিশৃঙ্খলা সৃষ্টি হয়। এই অবস্থা থেকে উত্তরণের জন্য প্রতিষ্ঠানের নিয়োজিত কর্মী ও শ্রমিক সংঘের সুপারিশের ভিত্তিতে ১৪ জন কর্মীকে পদোন্নতি দেওয়া হয়।

ক. কর্মী নির্বাচন কী? ১
খ. পদ আবর্তন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি প্রথমে কোন উৎস থেকে কর্মী সংগ্রহ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, নিয়োজিত কর্মী ও শ্রমিক সংঘের সুপারিশের ভিত্তিতে পদোন্নতি দেওয়ার সিদ্ধান্তটি যৌক্তিক? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। 'তাহসিন ফ্যাশন লি.' এর মালিক মি. মিনহাজ উৎপাদন শিল্পের ব্যবসায় পরিচালনা করছেন। বিভিন্ন উৎস থেকে তিনি প্রয়োজনীয় কর্মী সংগ্রহ করেন। তিনি তার প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীদের যোগদানের সময় বিবেচনা করে নিয়মিত পদোন্নতি দিয়ে থাকেন। ফলে অধিকতর যোগ্য ও দক্ষ কর্মীদের মধ্যে হতাশা লক্ষ করা যায়।

ক. কর্মী ব্যবস্থাপনার জনক কে? ১
খ. 'প্রশিক্ষণ কর্মীদের দক্ষতা বৃদ্ধি করে'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে পদোন্নতির কোন ভিত্তি অনুসরণ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'পদোন্নতির পদ্ধতি পরিবর্তনের মাধ্যমে বিদ্যমান সমস্যা দূর করা সম্ভব'–তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

১১। 'মিতা গার্মেন্টস' এক লক্ষ একক পোশাক দুই মাসের মধ্যে সরবরাহের ফরমায়েশ পায়। প্রতিষ্ঠানের নির্বাহী মি. আরাফ উক্ত ফরমায়েশ বাস্তবায়নের লক্ষ্যে প্রতিনিয়ত কারখানার কাজ তদারকি করেন। তিনি কর্মীদের প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিতে থাকলেন। পরিকল্পনার সাথে বাস্তব কাজের বিচ্যুতি থাকলে সংশোধনের ব্যবস্থা নেন। ফলে নির্ধারিত সময়েই লক্ষ্যার্জন হয়।

ক. কার্যফল পরিমাপ কী? ১
খ. নিয়ন্ত্রণকে কালান্তিক কাজ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের লক্ষ্যমাত্রা দুই মাসের মধ্যে অর্জন; মেয়াদভিত্তিতে কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা কর। ৩
ঘ. মিতা গার্মেন্টস-এ যথাযথ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার মাধ্যমে লক্ষ্যার্জন সম্ভব হয়েছে– উদ্দীপকের আলোকে এর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

# যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 7 8

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ AB শিপিং কোম্পানির কর্মকর্তা মি. আকাশ ব্যবসায় পরিধি বাড়ানোর জন্য একটি নতুন জাহাজ ক্রয়ের সিদ্ধান্ত নেন। এ জন্য একজন মেরিন ইঞ্জিনিয়ার নিয়োগদানের জন্য দায়িত্বপ্রাপ্ত বিভাগের কর্মকর্তা মি. শাকিলকে নির্দেশনা দেন। মি. শাকিল নিয়োগ প্রক্রিয়ার প্রয়োজনীয় কার্যক্রম শুরু করেন।

ক. শিল্প-বিপ্লব কী? ১
খ. ব্যবস্থাপনার সর্বজনীনতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মি. আকাশ কোন স্তরের কর্মকর্তা? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মি. শাকিল ব্যবস্থাপনার যে কাজটির দায়িত্ব পালন করেন তা বিশ্লেষণ কর। ৪

২▸ মি. শাহাব একটি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। কারখানায় কাপড় কাটিং, সেলাই, ইস্ত্রি ও মান নিয়ন্ত্রণের কাজ ভিন্ন ভিন্ন কর্মী করে থাকে। ফলে সকল কর্মীই যার যার কাজে দক্ষ হয়ে উঠে এবং ত্রুটিমুক্ত ও মানসম্মত উৎপাদন সম্ভব হয়। মি. শাহাব অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা পর্যায়ক্রমে ব্যবস্থাপনার নিচের স্তরে প্রদান করেন। ফলে কর্মীদের দায়িত্ববোধ আরও বেড়ে যায়।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. ব্যবস্থাপনায় শৃঙ্খলার নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. শাহাবের সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতা হস্তান্তরের মাধ্যমে ব্যবস্থাপনার কোন নীতি অনুসৃত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "কার্য বিভাজনের মাধ্যমে কর্মীর দক্ষতা বাড়ে"— উক্তিটি উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৩▸ মি. সোহান একটি ঔষধ কোম্পানির বিক্রয়কর্মী। প্রতিষ্ঠানটির বিক্রয় ব্যবস্থাপক ও বিক্রয় সুপারভাইজারের একই সময়ে বিভিন্ন আদেশের ফলে মি. সোহানের দায়িত্ব পালনে সমস্যা হচ্ছে। ঔষধ কোম্পানিটি সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের মেধা ও যোগ্যতা অনুযায়ী বেতন ও মজুরি প্রদান করে থাকে। ফলে প্রতিষ্ঠানটি পরিচালনায় কোনো সমস্যা হয় না।

ক. কার্য বিভাজন কী? ১
খ. নমনীয়তার নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. সোহানের দায়িত্ব পালন করতে যেয়ে ব্যবস্থাপনার কোন নীতি লঙ্ঘিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ঔষধ কোম্পানির যে নীতির কারণে পরিচালনায় কোনো সমস্যা হচ্ছে না তা বিশ্লেষণ কর। ৪

৪▸ মি. আলম সাভারে একটি বাড়ি নির্মাণের পরিকল্পনা করেন। নির্মাণ কাজে তিনি 'ED' কোম্পানির সিমেন্ট ব্যবহারের সিদ্ধান্ত নেন। 'ED' কোম্পানির সিমেন্ট সংগ্রহে সমস্যা হলে তিনি 'KD' কোম্পানির সিমেন্ট দিয়ে কাজ করবেন বলে সিদ্ধান্ত নেন। পরবর্তীতে বাড়ি নির্মাণ করতে যেয়ে 'ED' কোম্পানির সিমেন্ট না পেয়ে 'KD' কোম্পানির সিমেন্ট দিয়ে সময়মতো বাড়ি নির্মাণ করেন।

ক. মিশন কী? ১
খ. পরিকল্পনা অঙ্গন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. আলমের বাড়ি নির্মাণ প্রকৃতিগতভাবে কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রণীত পরিকল্পনার যে ধাপটি কাজে লাগিয়ে মি. আলম সময়মতো বাড়ি নির্মাণ করেছেন তা বিশ্লেষণ কর। ৪

৫▸ মি. রাকিব ২০২০ সালে তাঁর পোশাক কারখানার জন্য একটি উৎপাদন পরিকল্পনা তৈরি করেন, যাতে ২০২৪ সালে বর্তমানের চেয়ে ২৫% বেশি উৎপাদন লক্ষ্যমাত্রা স্থির করা হয়। কিন্তু ২০২১ সালে কাঁচামাল সরবরাহে বিঘ্ন ঘটায় উৎপাদন কম হয়। এমতাবস্থায় তিনি লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নতুন মেশিন স্থাপন করে পরিকল্পনায় পরিবর্তন আনেন।

ক. পরিকল্পনা কী? ১
খ. একার্থক পরিকল্পনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. রাকিবের উৎপাদন পরিকল্পনাটি মেয়াদের ভিত্তিতে কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. রাকিবের লক্ষ্যমাত্রা অর্জনে পরিবর্তিত পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে পরিকল্পনার যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা বিশ্লেষণ কর। ৪

৬▸ জনাব আবীর একটি আসবাবপত্র তৈরি কারখানার ব্যবস্থাপক। তিনি কারখানায় আসবাবপত্র তৈরি ও রং করার কাজ পৃথক কর্মী দিয়ে করিয়ে থাকেন। কিছুদিন যাবৎ আসবাবপত্র তৈরি কাজে প্রচুর কাঠ অপচয় হচ্ছে। তাই কারখানায় দুই অভিজ্ঞ কর্মীকে এক সপ্তাহের মধ্যে কাঠের অপচয়ের কারণ অনুসন্ধান করে অপচয় রোধে মতামত দিতে তিনি নির্দেশ দিলেন।

ক. সংগঠন কী? ১
খ. সরলরৈখিক সংগঠন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব আবীর উৎপাদন কাজে কোন ধরনের সংগঠন ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আবীর কাঠের অপচয় অনুসন্ধানে যে ধরনের সংগঠন তৈরি করেছেন তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৭▸ মি. রাজিব একটি ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতিষ্ঠানের নির্দেশ জারির জন্য আধুনিক প্রযুক্তি ব্যবহার শুরু করেন। কিন্তু অধস্তন কর্মীরা এ নতুন ব্যবস্থায় দক্ষ না হওয়ায় কাজে সমস্যা দেখা দেয়। মি. রাজিব উৎপাদন বিভাগের জরুরি প্রয়োজনে স্বল্প সময়ে একজন টেকনিশিয়ান নিয়োগের সিদ্ধান্ত নেন।

ক. কর্মী নির্বাচন কী? ১
খ. আউটসোর্সিং বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. রাজিব কোন উৎস ব্যবহার করলে স্বল্প সময়ে টেকনিশিয়ান নিয়োগ দিতে পারবেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রযুক্তির মাধ্যমে নির্দেশ জারির ফলে উদ্ভূত সমস্যা সমাধানে করণীয় কাজের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮▸ মি. বাকের 'এবিসি' কোম্পানিতে গত সপ্তাহে নিয়োগপ্রাপ্ত পাঁচজনের মধ্যে অন্যতম একজন কনিষ্ঠ নির্বাহী কর্মকর্তা যিনি একটি দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দেখে কোম্পানিতে আবেদন করেছিলেন। 'এবিসি' কোম্পানি কর্তৃপক্ষ সদ্য যোগদানকৃত পাঁচজন কনিষ্ঠ নির্বাহী কর্মকর্তাকে কাজ শেখানোর জন্য বিভিন্ন বিভাগের প্রধান নির্বাহী কর্মকর্তার অধীনে পালাক্রমে তিনমাস কাজ করানোর সিদ্ধান্ত নেয়।

ক. কর্মীসংস্থান কী? ১
খ. কাজের মাধ্যমে প্রশিক্ষণ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে 'এবিসি' কোম্পানি কোন উৎস হতে মি. বাকেরকে নিয়োগ দান করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে এবিসি কোম্পানি কর্মকর্তাদের প্রশিক্ষণে যে পদ্ধতি নির্বাচন করেছে তা বিশ্লেষণ কর। ৪

৯▸ মি. জাকির 'BD' কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি বিভিন্ন কাজে ব্যস্ত থাকায় কোম্পানি কর্মীদের জন্য শুধু লক্ষ্য নির্ধারণ করে দেন এবং নিজে বাস্তবায়নে কোনো ভূমিকা রাখেন না। কর্মীরা নিজ উদ্যোগে কাজ করে। অন্যদিকে মি. রেজা 'নদী' কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। যিনি অধস্তন কর্মীদের সাথে কাজের বিষয়ে আলাপ-আলোচনা করেন এবং তাদের মতামতের ভিত্তিতে নির্দেশনা দিয়ে থাকেন।

ক. কর্তৃত্ব কী? ১
খ. স্বৈরতান্ত্রিক নেতৃত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত BD কোম্পানিতে কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. রেজা যে ধরনের নেতৃত্ব দিয়ে নদী কোম্পানি পরিচালিত করছেন, তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১০▸ মি. কালাম একটি বেকারির মালিক। প্রতিষ্ঠানের কর্মীরা মি. কালামের নির্দেশনা মোতাবেক কাজ করতে অভ্যস্ত। কারণ মি. কালাম নির্দেশ দেওয়ার বেলায় জটিলতা পরিহার করেন এবং সহজ ভাষায় নির্দেশ দেন যাতে কর্মীদের নিকট বোধগম্য হয়। মি. কালাম বিভিন্ন নির্দেশাবলি প্রদানের মাধ্যমে সংগঠনকে গতিশীল করে রাখেন। তিনি কর্মীদের সাথে আলোচনা করে ১০% উৎপাদন বৃদ্ধির সিদ্ধান্ত নেন এবং সে অনুযায়ী নির্দেশনা জারি করেন।

ক. নির্দেশনা কাকে বলে? ১
খ. লাগামহীন নেতৃত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উৎপাদন বৃদ্ধির নির্দেশনা কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. "সঠিক নির্দেশনা প্রতিষ্ঠানে কার্য প্রবাহ তৈরি করে।" —উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১▸ মি. কাদের একটি পোশাক কারখানায় মান নিয়ন্ত্রণ বিভাগে কাজ করেন। তিনি তৈরিকৃত পোশাক মান অনুযায়ী হচ্ছে কি-না তা যাচাই করেন। তাছাড়া তিনি সবসময় উৎপাদন কাজ পর্যবেক্ষণ করেন, যাতে ত্রুটি বের হলে দ্রুত সমাধান করতে পারেন। তিনি বিচ্যুতি নিরূপণে আদর্শ মানকে ভিত্তি হিসাবে বিবেচনা করেন।

ক. কার্যফল পরিমাপ কী? ১
খ. আদর্শ মান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের মি. কাদের ব্যবস্থাপনার কোন কাজটি করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "মি. কাদের তাঁর কার্যক্রমের মাধ্যমে উৎপাদন ব্যয় হ্রাস করছে"— উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

# কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 7 8

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মি. আরিফ ABC লি. কোম্পানির ব্যবস্থাপক। তিনি প্রতিদিন সকাল ৯টায় অফিসে আসেন ও বিকাল ৫টায় অফিস থেকে চলে যান। তিনি নিজের কাজে খুব দক্ষ ও অভিজ্ঞ। প্রতিষ্ঠানের কেউ ঝামেলায় পতিত হলে মি. আরিফ খুব দ্রুত তাদের সঠিক পরামর্শ দেন। সম্প্রতি জনাব আরিফ প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনায় আত্মীয়-স্বজনদের প্রাধান্য দিচ্ছেন। যা প্রতিষ্ঠানটির উন্নয়নের প্রতিবন্ধক।

ক. F. W. Taylor কে? ১
খ. জোড়া মই শিকল নীতি বলতে কী বোঝ? ব্যাখা কর। ২
গ. মি. আরিফ ব্যবস্থাপনার কোন নীতি লংঘন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত মি. আরিফের কাজগুলো আদর্শ ব্যবস্থাপকের গুণাবলির ভিত্তিতে মূল্যায়ন কর। ৪

২ ▸ জনাব চৌধুরী এস. আর কোম্পানি লি.-এর একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি কোম্পানির পরিকল্পনা প্রণয়ন ও নীতি নির্ধারণের সাথে জড়িত। অপরদিকে জনাব খান ঐ কোম্পানিরই একজন কর্মকর্তা। তিনি কোম্পানির লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের সাথে জড়িত। উভয়ের অক্লান্ত পরিশ্রমের ফলে প্রতিষ্ঠানটি আজ প্রতিষ্ঠিত।

ক. প্রশাসন কী? ১
খ. আদেশের ঐক্য বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে জনাব খান কোন স্তরের কর্মকর্তা? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব চৌধুরী ও জনাব খানের সমন্বিত পরিশ্রমের ফলে কোম্পানিটি প্রতিষ্ঠিত। তুমি কি একমত? মতামত দাও। ৪

৩ ▸ মি. সাবের চৌধুরী একটি চা উৎপাদানকারী কোম্পানির নীতি নির্ধারণ, সিদ্ধান্ত গ্রহণ ও পরিকল্পনা প্রণয়নের সাথে জড়িত। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ ২০২১ সালে ১০ লক্ষ কেজি চা উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। অতঃপর চা শ্রমিকদের কঠোর পরিশ্রম ও ভালো ফলনের পরও ৮ লক্ষ কেজি চা উৎপাদন করতে সক্ষম হয়। উক্ত প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ ও মি. চৌধুরীর সমন্বয়ে গঠিত তদন্ত কমিটি ও বাস্তবায়নকারী কর্মকর্তা শ্রমিকদের কাজে গাফিলতির প্রমাণ পায় নি।

ক. ব্যবস্থাপনা কী? ১
খ. ব্যবস্থাপনা একটি পেশা– ব্যাখ্যা কর। ২
গ. মি. সাবের চৌধুরী কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় কোন স্তরের কর্মকর্তাদের কাজে ভুল ছিল? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৪ ▸ বৃহত্তর ফরিদপুর, যশোর, বরিশাল ও খুলনা অঞ্চলের উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার 'পদ্মা সেতু' নির্মাণের প্রকল্প গ্রহণ করে। নদীর নাব্যতা ও প্রাকৃতিক কিছু কারণে নির্দিষ্ট মেয়াদে নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ায় শঙ্কা দেখা দেয়। ফলে পরিকল্পনায় কিছু গুণগত পরিবর্তন আনা হয়। আশা করা হচ্ছে অতি দ্রুত নির্মাণ কাজ সম্পন্ন হয়ে ২০২২ সালের মধ্যে সেতুটি সাধারণের জন্য উন্মুক্ত হবে। যা দক্ষিণ অঞ্চলের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

ক. পরিকল্পনা কী? ১
খ. একার্থক পরিকল্পনার গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'পদ্মা সেতু' প্রকৃতিগতভাবে কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা কর। ৩
ঘ. উত্তম পরিকল্পনার বৈশিষ্ট্যের কারণে উদ্দীপকে সেতু নির্মাণ কার্য সম্পন্ন হতে চলেছে ব্যাখ্যা কর। ৪

৫ ▸ মার্ভেলাস ফ্যাশন লি. একটি বৃহৎ রপ্তানিমুখী গার্মেন্টস কারখানা। উক্ত প্রতিষ্ঠানের কাজগুলো ক্রয়, উৎপাদন, বিক্রয়, অর্থ ও মানব সম্পদ বিভাগে ভাগ করা হয়েছে। সংশ্লিষ্ট কাজে দক্ষ ও অভিজ্ঞ ব্যক্তিদের বিভাগগুলোর সার্বিক কর্তৃত্ব ও দায়িত্ব দেওয়া হয়েছে। প্রতিটি বিভাগের দায়িত্বপ্রাপ্ত ব্যবস্থাপকগণ কাজের ক্ষেত্রে সম্পূর্ণ কর্তৃত্বের সাথে দায়িত্ব পালনের ফলে প্রতিষ্ঠানটি দ্রুত আন্তর্জাতিক বাজারে খ্যাতি অর্জন করে। হঠাৎ করে এক ভয়াবহ অগ্নিকাণ্ডে ১ কোটি টাকার তৈরি পোশাক পুড়ে যায়। কিন্তু কর্তৃপক্ষ অগ্নিকাণ্ডের কারণ উদ্ঘাটনে ব্যর্থ হয়।

ক. মেট্রিক্স সংগঠন কী? ১
খ. সংগঠন কাঠামো বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মার্ভেলাস ফ্যাশন লিমিটেডে কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. মার্ভেলাস গার্মেন্টিসের অগ্নিকাণ্ডের কারণ উদ্ঘাটনে কোন ধরনের সংগঠন কাঠামো ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৬ ▸ মি. সুমন একজন জেনারেল ম্যানেজার। তিনি কারখানায় বিভাগীয় প্রধানদের সাথে প্রায়শই সভা করেন। সকলের পরামর্শ শোনেন এবং করণীয় নির্বাচন করেন। কিন্তু কারাখানায় উৎপাদন ব্যবস্থাপক কারও সাথে আলাপ না করে নিজেই লক্ষ্য নির্ধারণ করেন এবং ভীতি প্রদর্শনের মাধ্যমে কাজ আদায় করেন। প্রথমদিকে কারাখানায় উৎপাদন কিছুটা বৃদ্ধি পেলেও পরে তা কমে যায়।

ক. নেতৃত্ব কী? ১
খ. লক্ষ্য অর্জনে নেতৃত্ব গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. সুমনের নেতৃত্বের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উৎপাদন ব্যবস্থাপকের নেতৃত্বের ধরনটি তুমি কি সমর্থন কর? যুক্তি সহকারে ব্যাখ্যা কর। ৪

৭ ▸ 'XYZ' ফিডস লি. দেশের পোল্ট্রি ফিড উৎপাদনের বিশ্বস্ত প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি দৈনিক ৩০,০০০ হাজার কিলোগ্রাম পোলট্রি ফিড উৎপাদনের আদর্শ মান নির্ধারণ করে। উৎপাদন ব্যবস্থাপক পর্যবেক্ষণ করে দেখতে পেলেন আদর্শ মান অনুযায়ী ঘণ্টা প্রতি যে হারে পণ্য উৎপাদন হওয়া উচিত ছিল তা হচ্ছে না। তাই তিনি সমস্ত উৎপাদন প্রক্রিয়াটি পর্যবেক্ষণ করলেন এবং লক্ষ্য করলেন যে, একটি উৎপাদন মেশিন অকার্যকর হয়ে আছে।

ক. PERT-এর পূর্ণরূপ কী? ১
খ. ব্যবস্থাপনায় নিয়ন্ত্রণ অপরিহার্য কেন? ব্যাখ্যা কর। ২
গ. XYZ ফিডস লি. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার কোন পদক্ষেপ গ্রহণে ত্রুটি ছিল? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৩
ঘ. XYZ ফিডস লিমিটেডের পোল্ট্রি ফিড উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনে কী করণীয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸ মি. ফয়েজ উদ্দিন একটি বৃহৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতিষ্ঠানটিতে এক মাসের মধ্যে পণ্য উৎপাদনের পরিমাণ ২৫% বাড়াতে পরিকল্পনা করেন। এ লক্ষ্যে তিনি বিভাগীয় পর্যায়ে কর্মরত নির্বাহীদের এককভাবে নির্দেশ দিলেন। কিন্তু নির্দিষ্ট সময় পরও উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। পরবর্তীতে চাপ সৃষ্টি করেও ফল পাওয়া যায়নি। তাই তিনি প্রতিষ্ঠানে কর্মরত নির্বাহীদের নিয়ে বসলেন এবং তাদের মতামত অনুযায়ী লক্ষ্যমাত্রা ১০% নির্ধারণ করলেন। নির্ধারিত সময় পর দেখা যায় কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

ক. স্বৈরাচারী নির্দেশনা কী? ১
খ. নির্দেশনা সব সময় নিম্নগামী হয়– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক প্রথমে যে নির্দেশ দিয়েছিলেন তা কোন ধরনের নেতৃত্বের সাথে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. ফয়েজ পরবর্তী সময়ে যে নির্দেশনা কৌশল ব্যবহার করেছেন তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯ ▸ মেঘনা লি. ২০২৩ সালে ১৫% বিক্রয় বৃদ্ধি করতে চায়। সে লক্ষ্যে কোম্পানির জেনারেল ম্যানেজার জনাব আফতাব উদ্দিন সংশ্লিষ্ট বিভাগের ব্যবস্থাপকগণের মাধ্যমে উৎপাদন, ক্রয়, বাজারজাতকরণ, বিক্রয়, অর্থ ও মানব সম্পদ বিভাগে আলাদা আলাদা পরিকল্পনা প্রণয়ন করেন। পরবর্তীতে তিনি ব্যবসায়ের কাজ সম্প্রসারণের জন্য পণ্য সারিতে আরও পাঁচটি পণ্য অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. স্থায়ী পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনার প্রাথমিকতা বলতে কী বোঝ? ব্যাখা কর। ২
গ. জনাব আফতাব উদ্দিন সংগঠন কাঠামোভিত্তিক কোন ধরনের পরিকল্পনা প্রণয়ন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. পণ্য সারিতে আরও পাঁচটি পণ্য অন্তর্ভুক্তি কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা কর। ৪

১০ ▸ ঢাকার পরিবহন ব্যবসায়ী জনাব রফিক সিদ্ধান্ত গ্রহণ করেন ২০২২ সালে ঢাকা-চট্টগ্রাম রোডে ২০টি নতুন এসি বাস নামাবেন। এই উদ্দেশ্য বাস্তবায়নের জন্য তিনি কিছু চালক ও সুপারভাইজার নিয়োগ দিয়ে সড়ক দুর্ঘটনা এড়াতে ছয় মাসের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করেন। তিনি চালক ও সুপারভাইজারদের জন্য বিভিন্ন উদ্দীপনামূলক কর্মসূচিও গ্রহণ করেন। এছাড়াও সঠিকভাবে কাজগুলো বাস্তবায়নের জন্য তিনি সংশোধনীমূলক ব্যবস্থা নেন। ফলে উক্ত পরিবহনগুলোর চালক ও সুপারভাইজাররা মালিকের সন্তুষ্টি অর্জনের জন্য সর্বদা সচেষ্ট থাকে। জনাব রফিক সম্মিলিত প্রচেষ্টায় পরিবহন ব্যবসায়ে সাফল্য লাভ করেন।

ক. ব্যবস্থাপনা কী? ১
খ. ব্যবস্থাপনা একটি কলা না বিজ্ঞান? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে ব্যবস্থাপনা চক্র ব্যাখ্যা কর। ৩
ঘ. "ব্যবস্থাপনার কাজগুলো সফল প্রয়োগের ফলে জনাব রফিক পরিবহন ব্যবসায়ে সুনাম অর্জন করেছেন"— তুমি কি একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১১ ▸ আরমান ইলেকট্রনিক্স লিমিটেডের উৎপাদন ব্যবস্থাপক লোক নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করেন। এতে বিপুল সংখ্যক প্রার্থী আবেদন করেন। প্রতিষ্ঠানটি যোগ্য প্রার্থী বাছাই করে নিয়োগ দেয়। তবে তাদের অধিকাংশই হলো নবীন। তাদের কাজ সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা না থাকায় কর্মক্ষেত্রে তারা বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছেন। প্রতিষ্ঠানটি এ সমস্যা হতে উত্তরণের জন্য নির্বাচিত কর্মীদের প্রতিষ্ঠানের অভ্যন্তরে বিশেষজ্ঞ কর্মীর অধীনে ছয় মাসের প্রশিক্ষণ শেষে স্থায়িভাবে নিয়োগ দেন। ফলে দক্ষতা বৃদ্ধি পায় এবং প্রতিষ্ঠানটি সফলতা লাভ করে।

ক. প্রশিক্ষণ কী? ১
খ. কর্মী নির্বাচন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. আরমান ইলেকট্রনিক্স লি. কোন উৎস হতে কর্মী সংগ্রহ করেছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. আরমান ইলেকট্রনিক্স লি. কর্মীদের প্রশিক্ষণের জন্য কোন পদ্ধতি ব্যবহার করেছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

# চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 7 8

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ মি. কাশেম একটি কলেজের অধ্যক্ষ। তিনি শিক্ষাসংক্রান্ত বিভিন্ন পরিকল্পনা করেন এবং সেই পরিকল্পনাগুলো বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধানদের নির্দেশনা দেন। মি. শাহীন ব্যবস্থাপনা বিভাগের প্রধান। অধ্যক্ষের পরিকল্পনা বাস্তবায়নের জন্য তিনি প্রয়োজন মোতাবেক শিক্ষকদের মধ্যে কোর্স বণ্টন করেন। ইদানীং পাওয়ার পয়েন্টে ক্লাস নিতে শিক্ষকদের সমস্যা হচ্ছে। তাই অধ্যক্ষ ইন-হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করেন। ফলে পাঠদানের মান বৃদ্ধি পায়।

ক. ব্যবস্থাপনা কী? ১
খ. ব্যবস্থাপনা চক্র একটি চলমান প্রক্রিয়া— ব্যাখ্যা কর। ২
গ. মি. শাহীন কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত প্রশিক্ষণের কার্যকারিতার যথার্থতা মূল্যায়ন কর। ৪

২▶ মি. রাহুল ভোগ্যপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী। তিনি প্রতিষ্ঠানের কোনো ব্যবস্থাপকের পরামর্শ গ্রহণ করেন না। তার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সকল ব্যবস্থাপককে চলতে হয়। তার প্রতিষ্ঠানের নগদ অন্তঃপ্রবাহ ভালো ছিল না। তিনি প্রতিষ্ঠান সম্প্রসারণের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে বিভিন্ন মেয়াদে উচ্চ সুদে ঋণ গ্রহণ করেন। তিনি প্রতিষ্ঠান সম্প্রসারণের প্রকল্পগুলোর সম্ভাব্যতা যাচাই না করেই প্রতিষ্ঠানটির সম্প্রসারণ করেন। এতে প্রতিষ্ঠানটি অল্পদিনের মধ্যে ঋণখেলাপিতে পরিণত হয় এবং দেউলিয়া হবার উপক্রম হয়।

ক. ব্যবস্থাপনার নীতি কী? ১
খ. চাকরির স্থায়িত্বের নিশ্চয়তা কর্মীর ঘূর্ণায়মানতা হ্রাস করে— ব্যাখ্যা কর। ২
গ. মি. রুহুল ব্যবস্থাপনার কোন নীতিটি অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর ব্যবস্থাপকীয় অদক্ষতাই প্রতিষ্ঠানটির বর্তমান অবস্থার জন্য দায়ী? মতামত দাও। ৪

৩▶ মি. মোতলেবুর রহমান ভোগ্যপণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের একজন ব্যবস্থাপক। তার প্রতিষ্ঠান বিভিন্ন গুঁড়া মসলা, তেল বাজারজাত করে। তিনি লক্ষ করলেন বর্তমানে তার মতো অনেক প্রতিষ্ঠান বাজারে ব্যবসায় করছে। তাই বাজারে টিকে থাকার জন্য উত্তম পরিকল্পনার গুরুত্ব অনুভব করলেন। তাই তিনি ভবিষ্যৎ বাজার পরিস্থিতি, বিক্রয়ের পরিমাণ, মূল্য, উৎপাদন ব্যয়, মজুরির হার ও করনীতি বিবেচনা করে পরিকল্পনা প্রণয়ন করলেন। ফলে প্রতিষ্ঠানটি ক্রমান্বয়ে ভালো করছে।

ক. মধ্যমেয়াদি পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনা একটি মানসিক প্রক্রিয়া— ব্যাখ্যা কর। ২
গ. মি. মোতলেবুর পরিকল্পনা প্রণয়নে কোন বিবেচ্য বিষয়ের প্রতি গুরুত্ব দিয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. মোতলেবুরের পরিকল্পনা গ্রহণে ভবিষ্যৎমুখিতাই প্রতিষ্ঠানের সফলতা এনেছে তুমি কি একমত? ৪

৪▶ মি. মোমিন একটি ওষুধ কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি নতুন নতুন পরিকল্পনা তৈরি করেন এবং বাস্তবায়ন করেন। তিনি দেশীয় বাজারে সফলতার সঙ্গে ব্যবসায় করছেন। বাজার আরও সম্প্রসারণ করার জন্য কিছু কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ দেন, যাদের অধিকাংশই ব্যবস্থাপনা পরিচালকের পরিচিত। অন্যদিকে পুরাতন কর্মকর্তাদের মধ্য থেকে পরিচিতদের পদোন্নতি দিয়ে গুরুত্বপূর্ণ পদে বসান। এতে প্রতিষ্ঠানে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে চাপা অসন্তোষ বিরাজ করছে। তাই কর্মীদের উৎপাদনশীলতা কমে যাচ্ছে।

ক. আদেশের ঐক্য কী? ১
খ. জোড়-মই-শিকল নীতি নির্বাহীদের মধ্যে সম্পর্ক উন্নয়নে সহায়ক— ব্যাখ্যা কর। ২
গ. মি. মোমিনের কোন ধরনের ব্যবস্থাপকীয় দক্ষতা বেশি প্রয়োজন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনার মূল সমস্যাটি বিশ্লেষণ কর। ৪

৫▶ শুভ্রা একটি ইলেকট্রনিক্স কোম্পানির মহাব্যবস্থাপক। তার প্রতিষ্ঠান টিভি, ফ্রিজ, ওয়াশিং মেশিন ইত্যাদি উৎপাদন ও বাজারজাত করে থাকে। প্রতিষ্ঠানের মূল লক্ষ্যকে বিবেচনা করে, প্রধান প্রধান কাজের জন্য পৃথক পৃথক পরিকল্পনা করে থাকে। সময়ের পরিবর্তনের ফলে ক্রেতাদের চাহিদা ও রুচি দ্রুত পরিবর্তন হচ্ছে। তাই প্রতিযোগিতায় টিকে থাকার জন্য উৎপাদন, ক্রয়, বিপণন, শ্রমিক-কর্মী বিভাগের পরিকল্পনার মধ্যে সমন্বয় করেন। এর ফলে শুভ্রা প্রতিষ্ঠানের অনিশ্চয়তা ও পরিবর্তনশীলতা সহজে মোকাবিলা করতে পারে এবং সহজে সফলতা পাচ্ছে।

ক. স্থায়ী পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনা একটি বুদ্ধিবৃত্তিক প্রক্রিয়া— ব্যাখ্যা কর। ২
গ. সংগঠন কাঠামোর ভিত্তিতে শুভ্রার পরিকল্পনাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. শুভ্রার সফলতার পিছনে পরিকল্পনার গুরুত্বের কোন বিষয়টি অধিক ভূমিকা রেখেছে? মতামত দাও। ৪

৬▶ মি. শাওন পদ্মা লি.-এর প্রধান নির্বাহী। তিনি প্রতিষ্ঠানটির সাংগঠনিক কাঠামো সুন্দরভাবে তৈরি করেন। এতে সকল কর্মী পদবিন্যাস ও পারস্পরিক সম্পর্ক সহজে বুঝতে পারে। এছাড়া তাদের দায়িত্ব ও কর্তৃত্ব সম্পর্কে বুঝতে সমস্যা হয় না। প্রতিষ্ঠানটির কার্য পরিধি বৃদ্ধি পাওয়ায় কর্মীদের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। এতে কিছু ব্যবস্থাপক তাদের অধীনে কর্মীদের পরিচালনা করতে চাপ অনুভব করছেন। তাই ঐ ব্যবস্থাপক তাদের লক্ষ্যমাত্রা অর্জন করতে পারছে না। তাই শাওন প্রতিষ্ঠানটির সংগঠন কাঠামো নিয়ে ভাবছেন।

ক. সংগঠন কাঠামো কী? ১
খ. প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে মেট্রিক্স সংগঠন উত্তম— ব্যাখ্যা কর। ২
গ. মি. শাওনের প্রতিষ্ঠানে আদর্শ সংগঠনের কোন বৈশিষ্ট্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. পদ্মা লি.-এর সমস্যা সমাধানের জন্য সংগঠনের কোন নীতিমালা প্রয়োগ করা যেতে পারে? মতামত দাও। ৪

৭▶ মি. কাজল যমুনা ফার্মাসিউটিক্যাল এর প্রধান নির্বাহী। তিনি তার প্রতিষ্ঠানের বিভিন্ন ব্যবস্থাপকদের সঙ্গে সুসম্পর্ক রাখেন। তবে তিনি অন্যান্য প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ের ব্যবস্থাপকদের সঙ্গে যোগাযোগ রাখেন। অন্য প্রতিষ্ঠানের দক্ষ ও যোগ্য ব্যবস্থাপক পেলে প্রয়োজনমতো ব্যবস্থাপকদের উচ্চ পদ ও বেতন ভাতা দিয়ে তার প্রতিষ্ঠানে নিয়োগ দেন। তিনি প্রতিষ্ঠানের কর্মীদের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য উচ্চ ও মধ্যম স্তরের দক্ষ ব্যবস্থাপকদের তত্ত্বাবধানে কয়েকজন কর্মীকে সংযুক্ত করে দেন। সেই কর্মীদের তারা কাজ শেখায় এবং ভুলত্রুটি হলে তা শুধরে দেয়। এতে প্রতিষ্ঠানটি দ্রুত উন্নতি করছে।

ক. কর্মী নিয়োগ কী? ১
খ. অভ্যন্তরীণ উৎস থেকে কর্মী সংগ্রহ প্রতিষ্ঠানের কর্মীদের মনোবল উন্নত করে— ব্যাখ্যা কর। ২
গ. কর্মী সংগ্রহের ক্ষেত্রে মি. কাজল কোন উৎস ব্যবহার করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. কাজল তার প্রতিষ্ঠানে কাজের মাধ্যমে প্রশিক্ষণের যে ধরনটি ব্যবহার করেছেন তা বিশ্লেষণ কর। ৪

৮▶ তিন বন্ধু উত্তম, জয় ও বিজয় লেখাপড়া শেষ করে উদ্যোক্তা হলেন। তাদের মধ্যে গভীর বন্ধুত্ব থাকলেও দৃষ্টিভঙ্গিতে পার্থক্য আছে যা তাদের কর্মকাণ্ডে পরিলক্ষিত হয়। উত্তম তার প্রতিষ্ঠানে সর্বোচ্চ স্তর থেকে নিম্নস্তর পর্যন্ত ক্ষমতা ও কর্তৃত্ব অগ্রাধিকারের ভিত্তিতে সাজান। এতে তার প্রতিষ্ঠানে শৃঙ্খলা বজায় থাকে ও দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। জয় তার প্রতিষ্ঠানের সমগ্র কার্যাবলিকে কাজের সমজাতীয়তার ভিত্তিতে কাজগুলোকে বিভক্ত করেন এবং দক্ষ ব্যবস্থাপকদের নিয়োগ ও দায়িত্ব দেন। অন্যদিকে, বিজয় তার প্রতিষ্ঠানে মূল দায়-দায়িত্ব নিজে পালন করেন। তার প্রতিষ্ঠানে দায়িত্ব ও কর্তৃত্ব তার নিকট থেকে নিচের দিকে প্রবাহিত হয়। তবে তাকে পরামর্শ দেয়ার জন্য একজন দক্ষ কর্মকর্তা নিয়োগ দেন। এতে তার কার্যভার অনেকটা লাঘব হয়।

ক. বিকেন্দ্রীকরণ কী? ১
খ. বিশেষ কাজ সম্পাদনের জন্য কমিটি সংগঠন উত্তম— ব্যাখ্যা কর। ২
গ. জয়ের প্রতিষ্ঠানের সংগঠনটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উত্তম ও বিজয়ের সংগঠন কাঠামোর মধ্যে মূল পার্থক্যটি বিশ্লেষণ কর। ৪

৯▶ সুপ্রভা একটি উৎপাদন ও বিপণনকারী প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী। তিনি প্রতিটি স্তরের কর্মীদের সঙ্গে ভালো ব্যবহার করেন। তিনি কর্মীদের স্বাধীনভাবে কাজ করতে দেন। প্রয়োজনে তিনি কর্মীদের পরামর্শ দেন। তবে কাজ শেষে কর্মীদেরকে তার কাছে রিপোর্ট করতে হয়। এর ফলে উচ্চ পর্যায়ের কিছু দক্ষ কর্মীর কাজের মান ভালো হলেও অধিকাংশ কর্মীর কাজের মান ও উৎপাদনশীলতা কমে যাচ্ছে। এছাড়া প্রতিষ্ঠানে ভালো ব্যবস্থাপক তৈরি হচ্ছে না। বিষয়টি নিয়ে সুপ্রভা চিন্তিত।

ক. নেতৃত্ব কী? ১
খ. ব্যবস্থাপনায় নেতৃত্ব গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. ক্ষমতা প্রয়োগের ভিত্তিতে সুপ্রভার নেতৃত্ব কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. সুপ্রভার প্রতিষ্ঠানের নেতৃত্ব বিকাশের মূল সমস্যাটি বিশ্লেষণ কর। ৪

১০▶ ড. রশিদ একটি কলেজের বিভাগীয় প্রধান। তিনি শিক্ষা সংক্রান্ত সকল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রায়শ বিভাগের সকল শিক্ষকের সঙ্গে বৈঠক করেন। আলোচনার মাধ্যমে কর্মপদ্ধতি নির্ধারণ করেন এবং শিক্ষকদের প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে থাকেন। এর ফলে কর্মীদের কাজের ধারণা ও মুক্ত আলোচনা করার ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে। তবে তারা মনে করেন তাদের অনেক সময়ের অপচয় হচ্ছে এবং কাজের দীর্ঘসূত্রিতা বৃদ্ধি পাচ্ছে। তাই শিক্ষকদের মধ্যে অসন্তোষ বিরাজ করছে।

ক. অনানুষ্ঠানিক নেতৃত্ব কী? ১
খ. 'নির্দেশনা সর্বদা নিম্নগামী প্রক্রিয়া'— ব্যাখ্যা কর। ২
গ. ড. রশিদের নির্দেশনাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. ড. রশিদের বিভাগের সমস্যাটি সমাধানের উপায় সম্পর্কে মতামত দাও। ৪

১১▶ প্রমা একটি প্রতিষ্ঠানের উৎপাদন ব্যবস্থাপক। তিনি তার দপ্তরের প্রতিটি কর্মীর জন্য আলাদা আলাদা লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন এবং নির্দিষ্ট সময় পর প্রত্যেকের কার্যফল পরিমাপ করেন। প্রয়োজনে সংশোধনের জন্য পরামর্শ ও দিক নির্দেশনা দেন। কাজটি শেষ হলে আবার নতুন লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন। এই কার্যক্রম অনুসরণ করার ফলে কর্মীদের ভুল-ত্রুটি কমে যাচ্ছে, কাজের গতি ও উৎপাদনশীলতা বৃদ্ধি পাচ্ছে। ফলে উৎপাদন বিভাগ ক্রমাগত ভালো করছে।

ক. আদর্শমান কী? ১
খ. নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার একটি মুখ্য প্রক্রিয়া— ব্যাখ্যা কর। ২
গ. প্রমার কার্যক্রমে নিয়ন্ত্রণের কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিয়ন্ত্রণের কোন সুবিধার কারণে প্রমার বিভাগ ক্রমাগত ভালো করছে? মতামত দাও। ৪

# সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 7 8

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। জনাব সিহাব তার প্রতিষ্ঠানের কাজগুলোকে কাজের প্রকৃতি অনুযায়ী ভাগ করেন। বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞ কর্মীদেরকে তিনি কাজে নিয়োজিত করেন। জনাব সিহাব মাঝে মাঝে তাদের কাজের অগ্রগতির খোঁজ-খবর রাখেন। প্রতিষ্ঠানের লক্ষ্য অনুযায়ী কাজ করতে তিনি সবসময় মানসিকভাবে প্রস্তুত থাকেন। এতে প্রতিষ্ঠানটি ক্রমাগতভাবে সফলতা অর্জন করছে।

ক. ব্যবস্থাপনা চক্র কী? ১
খ. 'ব্যবস্থাপনা একটি চলমান প্রক্রিয়া'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব সিহাব কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. "কার্যভিত্তিক সংগঠন কাঠামোর অনুসরণই জনাব সিহাবের প্রতিষ্ঠানের সফলতার মূল কারণ"– মতামত ব্যক্ত কর। ৪

২। মহিউদ্দিন একটি রপ্তানিমুখী ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি পূর্বসিদ্ধান্ত মোতাবেক সব ধরনের কাজ যথাসময়ে সম্পাদন করার চেষ্টা করেন। প্রতিষ্ঠানের সকল বিভাগের কর্মীদের সাথে নিয়মিত যোগাযোগ স্থাপন করতে ব্যর্থ হওয়ায় প্রায়ই তিনি নির্ধারিত লক্ষ্যার্জনে পৌছাতে পারেন না। এ অবস্থা মোকাবিলায় তিনি ব্যবস্থাপনা প্রক্রিয়ায় দক্ষতা বৃদ্ধির চেষ্টা করছেন।

ক. ব্যবস্থাপনা কী? ১
খ. ফোরম্যানকে ব্যবস্থাপনার নিম্নস্তরের ব্যবস্থাপক বলা হয় কেন? ২
গ. কোন প্রক্রিয়া বাস্তবায়নের ত্রুটির কারণে মহিউদ্দিন যথাসময়ে কার্য সম্পাদনে ব্যর্থ হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. কর্মীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে প্রতিষ্ঠানের লক্ষ্যার্জনে মহিউদ্দিন কী পদক্ষেপ গ্রহণ করতে পারেন বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৩। জনাব ইসতিয়াক একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি সিদ্ধান্ত নিলেন যে, চলতি বছর প্রতিষ্ঠানের মুনাফা সর্বাধিক করবেন। সেইজন্য তিনি তার অধীনস্থ সকল কর্মকর্তাকে নির্দেশ দিলেন। কর্মকর্তাগণ সেই সাধারণ উদ্দেশ্য অর্জনের জন্য অধীনস্থ কর্মচারীদের নির্দেশ দিলেন। সবাই একটি উদ্দেশ্যকে সামনে রেখে নিজ নিজ অবস্থান থেকে নির্দেশনা ও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ায় প্রতিষ্ঠানটি সর্বোচ্চ মুনাফা অর্জনে সমর্থ হয়। প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা দিন দিন বেড়েই চলেছে। পরিচালক মহোদয় সবাইকে ধন্যবাদ জানান।

ক. কার্য বিভাজন কী? ১
খ. ব্যবস্থাপনার উচ্চস্তরের কাজকে কেন প্রশাসন বলা হয়? ২
গ. উদ্দীপকে হেনরি ফেয়লের কোন নীতি অনুসরণ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী ব্যবস্থাপনার কোন নীতিটি অনুসরণ করার ফলে প্রতিষ্ঠানটি সর্বোচ্চ মুনাফা অর্জন করতে সমর্থ হয়েছে? উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪। প্যারাগন লিমিটেড-এর উৎপাদন লক্ষ্যমাত্রা পরবর্তী পাঁচ বছরে বর্তমানের চেয়ে তিনগুণে উন্নীত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ জন্য নতুন যন্ত্রপাতি সংযোজনসহ প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করা হয়। এতে কর্মীদের কাজের চাপ ও দায়িত্ব বেড়ে যাওয়ায় তারা তা আন্তরিকভাবে মেনে নিতে পারছে না। ফলে কর্মীদের কাজে ব্যাপক মাত্রায় অমনোযোগিতা প্রকাশ পায়। অবস্থাদৃষ্টে কর্তৃপক্ষ তাদের উৎপাদন লক্ষ্যমাত্রা কমিয়ে আনার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. স্বল্পমেয়াদি পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনার আঙিনা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের পরিকল্পনা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের পরিকল্পনার ব্যর্থতার কারণ উল্লেখপূর্বক সমাধানের উপায় বিশ্লেষণ কর। ৪

৫। ABC নামের একটি ঔষধ কোম্পানি প্রতিষ্ঠার পর থেকেই লোকসান দিয়ে আসছে। নতুন নির্বাহী যোগদানের পর কোম্পানির বিভিন্ন বিভাগের প্রতিনিধি নিয়ে আলোচনায় বসেন। আগামী পাঁচ বছরের মধ্যে লোকসান কাটিয়ে মুনাফা অর্জনের লক্ষ্যে একটি পরিকল্পনা প্রণয়ন করা হয়। সকল বিভাগের কর্মীদের দায়িত্বশীল ভূমিকার কারণে চতুর্থ বছর প্রতিষ্ঠানটি এক কোটি টাকা মুনাফা অর্জন করে।

ক. একার্থক পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনাকে ব্যবস্থাপনার প্রাথমিক কাজ বলা হয় কেন? ২
গ. ঔষধ কোম্পানি কর্তৃক প্রণীত পরিকল্পনাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিকল্পনার কোন গুণের কারণে প্রতিষ্ঠানটি মুনাফা অর্জন করতে সম্ভব হয়েছে বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

৬। সিটি ফুড লিমিটেড একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের পণ্যের চাহিদা বৃদ্ধি পাওয়ায় বর্ধিত চাহিদা মেটাতে বিভাগীয় ব্যবস্থাপকগণ প্রতিনিয়ত হিমশিম খাচ্ছেন। ফলে প্রতিষ্ঠানের চেয়ারম্যান ব্যবস্থাপকদের দক্ষতার বিষয়টি নিয়ে চিন্তিত হয়ে পড়েন। এমতাবস্থায় চেয়ারম্যান প্রত্যেক বিভাগে একজন করে বিশেষজ্ঞ নিয়োগ দিলেন। নিয়োগকৃত ব্যক্তিরা বিভাগীয় প্রধানকে পরামর্শ দেন। কিন্তু তারা কোনো পরামর্শ গ্রহণ ও বাস্তবায়নে ব্যবস্থাপকদেরকে বাধ্য করতে পারেন না।

ক. সংগঠন কী? ১
খ. কার্যভিত্তিক সংগঠন বলতে কী বোঝায়? ২
গ. সিটি ফুট লিমিটেড বর্তমানে কোন ধরনের সংগঠন কাঠামো অনুসরণ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উক্ত প্রতিষ্ঠানের সংগঠন কাঠামো পরিবর্তনের ফলে উচ্চ পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণের কোনো সমস্যা সৃষ্টি করতে পারে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭। করিম জুট মিল্‌স-এর সংগঠন চার্ট দেখে যে কেউ এর বিভিন্ন পদ, পারস্পরিক সম্পর্ক, পরিচালনা পর্ষদ ইত্যাদি বিষয়ে খুব সহজেই ধারণা করতে পারে। ফলে স্বাভাবিক কাজে কোনো সমস্যা হয় না। প্রতিষ্ঠানের উৎপাদন বিভাগের কার্যসমূহকে প্রকৃতি অনুযায়ী বিভিন্ন ভাগে ভাগ করে বিশেষজ্ঞ কর্মীদের উপর দায়িত্ব দেওয়া হয়। ফলে প্রত্যেক কর্মীই নিজস্ব পরিসরে যোগ্যতা দেখাতে পারছে এবং উৎপাদনের মাত্রা পরিকল্পনা অনুযায়ী চলছে। এছাড়া কাজের পরিবেশ অনুকূলে থাকায় তাদের কাজের গতি বৃদ্ধি পাচ্ছে।

ক. আনুষ্ঠানিক সংগঠন কী? ১
খ. মেট্রিক্স সংগঠন বৃহদায়ন উৎপাদনধর্মী প্রতিষ্ঠানে উত্তম কেন? ২
গ. উদ্দীপকের সংগঠনটি চার্টে কোন বৈশিষ্ট্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উৎপাদনের জন্য কোন সংগঠনকে উত্তম বলা হয়েছে? বিশ্লেষণ কর। ৪

৮। মি. খান স্টার ব্যাংকের এমডি। তিনি চান তাঁর ব্যাংকের সকল অফিসারকে সব রকম কাজ জানতে হবে। মি. কাওসার ব্যাংকের সিনিয়র অফিসার। তিন বছরে তাঁকে ঋণদান বিভাগ ও বৈদেশিক বিনিময়ের মতো দুটি গুরুত্বপূর্ণ বিভাগে কাজ করতে হয়েছে। মি. খান তাঁর প্রতিষ্ঠানে পদোন্নতির একটা তালিকা প্রণয়ন করেছেন। এতে বেশ কিছু জুনিয়র ও সিনিয়র একই তালিকায় রয়েছেন। সাধারণভাবে বেমানান মনে হলেও দু'ধরনের কর্মকর্তারাই খুশি।

ক. কর্মী সংগ্রহ কী? ১
খ. কর্মী নির্বাচন বলতে কী বোঝায়? ২
গ. মি. কাওসার অল্প সময়ে একাধিক বিভাগে কাজ করার জন্য কোন ধরনের প্রশিক্ষণ পদ্ধতি ব্যবহার করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ব্যাংকিং প্রতিষ্ঠানের ক্ষেত্রে মি. কাওসার কর্তৃক গৃহীত পদ্ধতিটিই সর্বোৎকৃষ্ট।"– তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। জনাব আশিক ও জনাব ফয়সাল যথাক্রমে তারিন লিমিটেড ও তাসিন লিমিটেডের স্বত্বাধিকারী। জনাব আশিকের উদাসীনতার সুযোগে তারিন লিমিটেড এর ব্যবস্থাপক ও কর্মকর্তাগণ নিজেদের খেয়াল খুশিমতো কার্যপরিচালনা করেন। ফলে উক্ত প্রতিষ্ঠানটির সাফল্য দিন দিন হ্রাস পাচ্ছে। পক্ষান্তরে, জনাব ফয়সাল তাঁর প্রতিষ্ঠানের ব্যবস্থাপক ও অন্যান্য কর্মকর্তাদেরকে সাথে নিয়ে এবং তাদের মতামতকে গুরুত্ব দিয়ে প্রতিষ্ঠান পরিচালনা করায় তাসিন লিমিটেড এর সাফল্য দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

ক. গণতান্ত্রিক নেতৃত্ব কী? ১
খ. নির্দেশনাকে প্রশাসনের হৃদপিণ্ড বলা হয় কেন? ২
গ. তারিন লিমিটেড-এ কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. "পরামর্শমূলক নির্দেশনাই তাসিন লিমিটেড এর সফলতার কারণ"– উদ্দীপকের আলোকে যুক্তি দেখাও। ৪

১০। আকরাম চৌধুরী ডি. এস. আর. এম. রড ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপনা পরিচালক। শ্রমিক-কর্মীদের মতামতের গুরুত্ব দিয়ে তিনি সকল কাজ পরিচালনা করেন। কর্মীদের অভাব-অভিযোগ শুনে তিনি তা সমাধানের চেষ্টা করেন। নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত নিতে মতামত দেওয়ার সুযোগ পেয়ে কর্মীরাও কর্তৃপক্ষের প্রতি সন্তুষ্ট। সম্প্রতি কর্মী ব্যবস্থাপনা ও পণ্যের মানের কারণে প্রতিষ্ঠানটি ISO সনদ লাভ করে। তবে প্রতিযোগী প্রতিষ্ঠানের ইন্ধনে কিছু শ্রমিক উক্ত প্রতিষ্ঠান ছেড়ে অন্য প্রতিষ্ঠানে চলে যায়।

ক. নেতৃত্ব কী? ১
খ. নির্দেশনাকে নিম্নগামী প্রক্রিয়া বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. ডি এস আর এম রড ইন্ডাস্ট্রিজ-এ কোন ধরনের নির্দেশনা বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির বর্তমান পরিস্থিতি মোকাবিলায় কোন ধরনের নেতৃত্ব বেশি কার্যকর বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

১১। শফিকুল আলম সায়হাম গার্মেন্টেসের একজন উৎপাদন ব্যবস্থাপক। তিনি তাঁর বিভাগের কাজকে দলগত কাজ মনে করেন। পরিকল্পনা অনুযায়ী শ্রমিক-কর্মীরা কাজ সম্পাদন করছে কিনা তা পর্যবেক্ষণ করে নিয়ন্ত্রণের ব্যবস্থা করেন। তিনি মনে করেন প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে নিয়ন্ত্রণ একটি সার্বক্ষণিক প্রক্রিয়া।

ক. নিয়ন্ত্রণ কী? ১
খ. নিয়ন্ত্রণকে ব্যবস্থাপনা প্রক্রিয়ার শেষ ধাপ বলা হয় কেন? ২
গ. "প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে কোন প্রক্রিয়া ব্যবহার করা হয়েছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথ কার্যকর হওয়ায় প্রতিষ্ঠানটির লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়েছে"– বক্তব্যের যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 7 8

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ মি. ব্যানার্জি 'XYZ' কো. লি. এর একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি কোম্পানির পরিকল্পনা প্রণয়ন এবং নীতি নির্ধারণের সাথে জড়িত। অপরদিকে মি. মুখার্জী ঐ কোম্পানিরই একজন কর্মকর্তা। তিনি কোম্পানির লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের সাথে জড়িত। উভয়ের অক্লান্ত পরিশ্রমের ফলে প্রতিষ্ঠানটি আজ প্রতিষ্ঠিত।

ক. প্রশাসন কী? ১

খ. আদেশের ঐক্য বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে মি. মুখার্জী কোন স্তরের কর্মকর্তা? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মি. ব্যানার্জি ও মি. মুখার্জীর সমন্বিত পরিশ্রমের ফলে কোম্পানিটি প্রতিষ্ঠিত।"– তুমি কি একমত? মতামত দাও। ৪

২▸ মি. শিহাব একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা। তার প্রতিষ্ঠানে সনাতন পদ্ধতির যন্ত্রপাতি ব্যবহার করা হতো। বর্তমানে তিনি আধুনিক যন্ত্রপাতির ব্যবহার শুরু করেন। এতে সময় ও শ্রম উভয়ই বাঁচে। তিনি শ্রমিকদের খুব কাছাকাছি থেকে তাদের উৎসাহ যোগান। তিনি প্রতিষ্ঠানের গৃহীত পরিকল্পনাসমূহ শ্রমিকদের কাছে পৌঁছে দেন।

ক. ব্যবস্থাপনা কী? ১

খ. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা বলতে কী বোঝ? ২

গ. মি. শিহাবের কাজটি ব্যবসার ক্ষেত্রে কোন বিপ্লবের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. শিহাব কোন স্তরের কর্মকর্তা? উদ্দীপকের আলোকে বিস্তারিত বর্ণনা কর। ৪

৩▸ ব্রাইট স্টার লি. একটি বড় কারখানা। এই প্রতিষ্ঠানের কর্মীরা একই সময় ভিন্ন ভিন্ন কর্মকর্তার আদেশ পালন করতে গিয়ে বিভিন্ন অসুবিধার সম্মুখীন হন। এতে প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা অর্জন ব্যাহত হয়। ইহা ছাড়াও উচ্চপদস্থ কর্মকর্তাদের কাজের চাপ বেশি হওয়ায় সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয়। ফলে প্রতিষ্ঠানের লোকসানের পরিমাণ বাড়তে থাকে।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. জোড়া মই শিকল নীতি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে একই সময় ভিন্ন ভিন্ন কর্মকর্তার আদেশ পালন ব্যবস্থাপনার কোন নীতির লঙ্ঘন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানের বর্তমান অবস্থার উন্নতির জন্য কর্তৃপক্ষের করণীয় কী? যুক্তিসহ মতামত দাও। ৪

৪▸ জনাব আঃ রহমান পলিথিন ব্যাগ ও ঐ জাতীয় দ্রব্যাদি উৎপাদন ও বিপণন করে মুনাফা অর্জন করে আসছিলেন। কিন্তু এ সমস্ত পণ্য নিষিদ্ধ হওয়ায় তিনি পাটজাত পণ্য উৎপাদন ও বিপণন শুরু করেন। তার ব্যবসায়ে বেশ মুনাফা অর্জিত হয় এবং ব্যবসার পরিধি বৃদ্ধি পায়।

ক. পরিকল্পনা কী? ১

খ. একার্থক পরিকল্পনা বলতে কী বোঝ? ২

গ. পরিকল্পনার কোন বৈশিষ্ট্যের কারণে আঃ রহমানের ব্যবসায় পরিবর্তন করা সম্ভব হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব আঃ রহমানের ব্যবসায়ের পরিবর্তনের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫▸ মি. চৌধুরী একটি বৃহৎ কোম্পানির পরিচালক। তার অধীনে অনেক কর্মকর্তা কাজ করে। সকলের কাজ তদারক করা তার পক্ষে অনেক সময় সম্ভব হয় না। এজন্য প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা অর্জিত হয় না। তার কর্মভার লাঘব করার জন্য কোম্পানি একজন উপদেষ্টা নিয়োগ দেয়। ফলে দিন দিন কোম্পানির অবস্থার পরিবর্তন হচ্ছে।

ক. সংগঠন কী? ১

খ. সংগঠন চার্ট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে প্রাথমিক পর্যায়ে কোন ধরনের সংগঠন কাঠামো ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. উপদেষ্টা নিয়োগের ফলে কোম্পানির সংগঠন কাঠামোতে কোনো পরিবর্তন ঘটেছে কি? তোমার মতামত দাও। ৪

৬▸ পূর্বাচল লি. এ কিছু কর্মী নিয়োগ দেওয়া প্রয়োজন। এ লক্ষ্যে কর্তৃপক্ষ ৫ সদস্যের একটি নিয়োগ বোর্ড গঠন করে। উক্ত বোর্ডের সদস্যগণ অক্লান্ত পরিশ্রম করে নির্দিষ্ট সময়ের মধ্যেই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেন।

ক. নির্দেশনা কী? ১

খ. ম্যাট্রিক্স সংগঠন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি নিয়োগের ক্ষেত্রে কোন ধরনের সংগঠন কাঠামো অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে বোর্ড গঠনের প্রভাব সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৭▸ সুপ্রিয় জুট মিলস্ লি. এর কর্মীদের এক পদ থেকে অন্য পদে কিংবা এক প্রতিষ্ঠান হতে অন্য প্রতিষ্ঠানে স্থানান্তর করে প্রশিক্ষণ দেওয়া হয়। এতে কর্মীরা ভিন্ন ভিন্ন পরিবেশে কাজ করার সুযোগ পেয়ে উপকৃত হয়।

ক. কর্মীসংগ্রহ কী? ১

খ. কর্মী নির্বাচন বলতে কী বোঝায়? ২

গ. সুপ্রিয় জুট মিলের কর্মীদের কোন পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান করা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রশিক্ষণ পদ্ধতিটি কতটুকু বাস্তবসম্মত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৮▸ হিমালয় লি. ব্যবস্থাপক নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করে। কিন্তু পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার ফলে প্রতিষ্ঠানের নিম্ন পদস্থ কর্মকর্তাদের মধ্যে অসন্তোষ দেখা দেয়।

ক. প্রশিক্ষণ কী? ১

খ. শিক্ষানবিশ প্রশিক্ষণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে কোন উৎস হতে কর্মী সংগ্রহ করা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. নিম্ন পদস্থ কর্মকর্তাদের অসন্তুষ্টির কারণ কি যৌক্তিক? মতামত দাও। ৪

৯▸ 'PBX' লিমিটেড একটি বৃহদায়তন কোম্পানি। কর্তৃপক্ষ উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন বাড়াতে কর্ম ঘণ্টা বৃদ্ধি করার সিদ্ধান্ত নিল। কিন্তু এ ব্যাপারে শ্রমিক কর্মীদের সঙ্গে কোনো আলোচনা করা হয়নি। বর্তমানে প্রতিষ্ঠানে শ্রমিক অসন্তোষের ফলে অস্থিরতা বিরাজ করছে।

ক. নেতৃত্ব কী? ১

খ. লাগামহীন নেতৃত্ব বলতে কী বোঝায়? ২

গ. 'PBX' লি. এ কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত প্রতিষ্ঠানে শ্রমিক অসন্তোষ নিরসনে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

১০▸ পূর্বদেশ লি. এর প্রধান নির্বাহী তার প্রতিষ্ঠানে উৎপাদন বিভাগের মাসিক টার্গেট ৫,০০০ ইউনিট নির্ধারণ করে কর্মীদের প্রয়োজনীয় নির্দেশনা দেন। নির্ধারিত সময় শেষে দেখা গেল উৎপাদনের পরিমাণ ৫০০ ইউনিট কম হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি অধস্তনদের প্রশিক্ষণের ব্যবস্থা নেন এবং শাখা ব্যবস্থাপকদের এক বিভাগ হতে অন্য বিভাগে বদলির ব্যবস্থা করেন।

ক. নিয়ন্ত্রণ কী? ১

খ. ব্যবস্থাপনায় নিয়ন্ত্রণ অপরিহার্য কেন? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে নিয়ন্ত্রণের কোন ধাপের মাধ্যমে লক্ষ্যমাত্রার চেয়ে কম উৎপাদন চিহ্নিত করা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১▸ মি. জামান করতোয়া লি. এর প্রধান নির্বাহী। তিনি তার প্রতিষ্ঠানে অধস্তনদের প্রতি অত্যন্ত সদয় থাকেন। তাদের অভাব অভিযোগ ও মতামত শোনেন এবং তাদের প্রতি সদয় থাকেন। দীর্ঘদিন ধরে তিনি এভাবেই প্রতিষ্ঠানটি পরিচালনা করে আসছেন।

ক. স্বৈরতান্ত্রিক নেতৃত্ব কাকে বলে? ১

খ. পরামর্শমূলক নির্দেশনা বলতে কী বোঝায়? ২

গ. মি. জামানের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের প্রতিষ্ঠানে বিদ্যমান নেতৃত্ব একটি প্রতিষ্ঠানের জন্য সবসময় মঙ্গলজনক? তোমার মতামত দাও। ৪

# দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : | 2 | 7 | 8 |

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ▸ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব হাবিব একটি উৎপাদন প্রতিষ্ঠানে ব্যবস্থাপক হিসেবে যোগদান করে মেশিন পরিচালনাকারী কর্মীদের কাজ তদারকী করেন। তিনি লক্ষ করেন যে, একই পদে কর্মরত ব্যবস্থাপকদের মধ্যে শিক্ষাগত যোগ্যতা, নৈতিকমান, দক্ষতার ব্যাপক পার্থক্য রয়েছে। জনাব হাবিবের কাছে মনে হয় ব্যবস্থাপকদের যোগ্যতা, দক্ষতা ও কর্মসংক্রান্ত আচরণ নিয়ন্ত্রণের জন্য একটি নিয়ন্ত্রণকারী সংস্থা থাকা উচিত।

ক. ব্যবস্থাপনা কী? ১
খ. ব্যবস্থাপনা কীভাবে একটি সামাজিক প্রক্রিয়া? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানে হাবিব কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব হাবিবের প্রতিষ্ঠানে নিয়ন্ত্রণকারী সংস্থা গঠন চিন্তার সাথে তুমি কী একমত? তোমার মতামত দাও। ৪

২▸ মি. হাসান একটি প্রতিষ্ঠানের উৎপাদন ব্যবস্থাপক। কিন্তু প্রতিষ্ঠানের কর্মীদের একই রকমভাবে মূল্যায়ন করেন না, ফলে কর্মীরা তার আদেশ পালনে আন্তরিকভাবে প্রচেষ্টা চালায় না। এতে প্রতিষ্ঠানের উৎপাদন কাজ ব্যাহত হচ্ছে। এমতাবস্থায় প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

ক. ব্যবস্থাপনার প্রথম কাজ কোনটি? ১
খ. অধিকমাত্রায় কেন্দ্রীয়করণ কাজের গতিশীলতা হ্রাস করে কেন? ২
গ. উদ্দীপকে জনাব হাসানের ব্যবস্থাপনার কোন নীতি লঙ্ঘিত হওয়ায় উৎপাদন কাজ ব্যাহত হচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত পরিস্থিতিতে প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য ব্যবস্থাপনা পরিচালকের করণীয় পদক্ষেপ বিশ্লেষণ কর। ৪

৩▸ হ্যাভেন ভালুকায় অবস্থিত একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি পরিচালনায় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ব্যবস্থাপকগণ অধস্তন কর্মীদের মতামতকে গুরুত্ব দেন না। ফলে প্রতিষ্ঠানের কর্মীদের মধ্যে অসন্তোষ বিরাজ করছে।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. প্রতিষ্ঠানে স্থায়ী পরিকল্পনা গুরুত্বপূর্ণ কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির পরিচালনায় কোন ধরনের নেতৃত্ব লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "গণতান্ত্রিক নেতৃত্বই উদ্ভূত পরিস্থিতি মোকাবিলা করতে সক্ষম"— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪▸ মি. রাইয়ান তার প্রতিষ্ঠানে আসবাবপত্র তৈরি করেন। তিনি আসবাবপত্র তৈরির কাজকে প্রকৃতি অনুযায়ী ভাগ করে একজন কর্মীকে একটিমাত্র কাজের অংশ সম্পাদনের দায়িত্ব অর্পণ করেন। এতে প্রতিষ্ঠানটির কর্মীদের কার্যসম্পাদন দক্ষতা বেশ বৃদ্ধি পেয়েছে। কিন্তু কর্মসম্পাদনকালে ছোটো-খাটো কোনো সমস্যা সৃষ্টি হলে কর্মীদেরকে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের জন্য অপেক্ষা করতে হয়। ফলে প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা কাঙ্ক্ষিত মাত্রায় উন্নীত হয়নি।

ক. ব্যবস্থাপনার নীতি কী? ১
খ. প্রতিষ্ঠানে কোন কমিটি গঠন করা হয়? ২
গ. উল্লিখিত প্রতিষ্ঠানটি ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিষ্ঠানটির সামগ্রিক দক্ষতা বৃদ্ধিতে করণীয় বিশ্লেষণ কর। ৪

৫▸ জনাব মোহন জিএস ট্রেডার্স-এর মালিক। তিনি বিশ্বের চলমান সংকটসমূহ বিবেচনা না করেই ২০২০ সালে পূর্বের বছরের চেয়ে ২০% বিক্রি বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি এটিকে একটি উত্তম পরিকল্পনা হিসেবে বিবেচনা করেন। কিন্তু ২০২০ সালের শুরুর দিকেই কোভিড-১৯ ভাইরাসের কারণে বিভিন্ন ধরনের বিধি-নিষেধ আরোপিত হয়। এছাড়াও তিনি বিক্রয়যোগ্য পণ্য ক্রয় করতে পারেননি। ফলে প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত সাফল্য অর্জনে ব্যর্থ হয়।

ক. স্বল্পমেয়াদি পরিকল্পনা কী? ১
খ. কর্মীসংস্থান ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ কেন? ২
গ. জনাব মোহন পরিকল্পনা প্রণয়নে কোন বিষয়টি বিবেচনা করেননি? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিষ্ঠানটির কাঙ্ক্ষিত সফলতা অর্জনে করণীয় বিশ্লেষণ কর। ৪

৬▸ জনাব সোহান বাংলাদেশের একজন পোশাক রপ্তানিকারক। তিনি ইউরোপের একটি দেশ থেকে বিভিন্ন ডিজাইনের পোশাক রপ্তানির বড় আকারের একটি ফরমাশ পান। তিনি তার প্রতিষ্ঠানের সামর্থ্য এবং কর্মীদের মান ও অবস্থা বিবেচনা করে প্রস্তাবটি গ্রহণ করেন এবং ফরমায়েশকৃত পোশাক সরবরাহের জন্য একটি পরিকল্পনা প্রণয়ন করে সঠিক সময়ে পণ্য সরবরাহ করতে সক্ষম হন।

ক. সামগ্রিক পরিকল্পনা কী? ১
খ. পরিকল্পনায় আঙিনা স্থাপন জরুরি কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব সোহানের গৃহীত পরিকল্পনাটি প্রকৃতিভেদে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতিতে জনাব সোহানের ব্যবসায়ে সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৭▸ জনাব ফয়সাল জেমিনি ফুড লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক। তার অধীনে প্রতিটি বিভাগে বিভাগীয় প্রধানগণ কর্মরত আছেন। তারা স্ব-স্ব বিভাগের সকল ক্ষমতার অধিকারী এবং ব্যবস্থাপনা পরিচালকের নিকট দায়বদ্ধ। প্রতিটি বিভাগের কর্মীরা নিজ বিভাগীয় প্রধানের নির্দেশে কাজ করে। কিন্তু ব্যবস্থাপনা পরিচালক বিভাগীয় প্রধানগণকে প্রতিষ্ঠানের লিখিত নীতিমালা ও নির্দেশনার বাইরে গিয়ে সিদ্ধান্ত গ্রহণের কোনো সুযোগ দিতে চান না। এতে প্রতিষ্ঠানের কাজের গতিশীলতা বাধাগ্রস্ত হচ্ছে।

ক. সংগঠিতকরণ কী? ১
খ. গণতান্ত্রিক নেতৃত্ব উত্তম কেন? ২
গ. জনাব ফয়সাল ব্যবস্থাপনা সংগঠনের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের কাজের গতিশীলতা আনয়নে ব্যবস্থাপনা পরিচালকের গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮▸ খালেদ ও ফিরোজ দুইবন্ধু দু'টি প্রতিষ্ঠানের মালিক। খালেদের প্রতিষ্ঠানের কর্মীরা নির্বাহীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে থেকে সকল কাজ সম্পাদন করে। অন্যদিকে ফিরোজের প্রতিষ্ঠানে নির্বাহীদের কাজে সহায়তা করার জন্য কয়েকজন বিশেষজ্ঞ কর্মী আছেন। খালেদের প্রতিষ্ঠানে শ্রমিক অসন্তোষ দেখা দিলে সে তার বন্ধু ফিরোজের কাছে পরামর্শ গ্রহণ করে।

ক. সংগঠন চার্ট কী? ১
খ. একজন নেতাকে দূরদর্শী হতে হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ফিরোজের প্রতিষ্ঠানের সংগঠন কাঠামো কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুইটি প্রতিষ্ঠানের মধ্যে কোনটির সংগঠন কাঠামো উত্তম বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৯▸ ডায়মন্ড কোম্পানিতে বিজ্ঞাপনের মাধ্যমে বিভিন্ন পরীক্ষার ভিত্তিতে শূন্য পদের বিপরীতে নতুন কর্মী নির্বাচন ও নিয়োগ করা হয়। নিয়োগকৃতদের প্রতিষ্ঠানের কার্যসম্পাদন দক্ষতা অর্জনের জন্য বিভিন্ন পদে স্থানান্তর করা হয়। কিন্তু প্রতিনিয়ত পরিবর্তনশীল উৎপাদন কৌশলের সাথে তাল মিলানোর জন্য এই পদ্ধতি যথেষ্ট হচ্ছে না ফলে প্রতিষ্ঠানটির দক্ষতা অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় হ্রাস পাচ্ছে।

ক. কর্মী সংগ্রহ কী? ১
খ. সংগঠনে কার্যবিভাজন অপরিহার্য কেন? ২
গ. ডায়মন্ড কোম্পানিতে প্রশিক্ষণের কোন পদ্ধতি ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে প্রতিষ্ঠানটির দক্ষতা বৃদ্ধির জন্য করণীয় বিষয়– বিশ্লেষণ কর। ৪

১০▸ নাঈম ও তামিম দুইভাই। তারা দু'জনেই পাশাপাশি দু'টি ব্যবসায় প্রতিষ্ঠান পরিচালনা করেন। নাঈম ব্যবসায় পরিচালনা ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কর্মীদের মতামতকে গুরুত্ব দেন। অন্যদিকে তামিম নিজেই সিদ্ধান্ত গ্রহণ করে কর্মীদের ওপর চাপিয়ে দেন। তিনি এর প্রভাব সম্পর্কে সচেতন নন।

ক. স্বৈরতান্ত্রিক নেতৃত্ব কী? ১
খ. নেতিবাচক নেতৃত্বের প্রতি কর্মীদের শ্রদ্ধাবোধ থাকে না কেন? ২
গ. উদ্দীপকের আলোকে জনাব নাঈমের নির্দেশনার ধরনটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব তামিমের ব্যবসায় সাফল্য লাভের ক্ষেত্রে তার নির্দেশনার প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১▸ জনাব আরাফাত তার প্রতিষ্ঠানে উৎপাদন বিভাগের মাসভিত্তিক ৫,০০০ একক পণ্য উৎপাদন নির্ধারণ করে প্রতিনিয়ত কর্মীদের প্রয়োজনীয় নির্দেশনা দেন। মাস শেষে দেখা গেল প্রতিষ্ঠানে উৎপাদনের পরিমাণ ১,০০০ একক কম হয়েছে। কাঙ্ক্ষিত পরিমাণ পণ্য উৎপাদনের জন্য তিনি অধীনস্থ কর্মীদের প্রশিক্ষণের পাশাপাশি সুপারভাইজারদের অন্য বিভাগে বদলিকরণে এবং সেই পদে দক্ষ ও অভিজ্ঞ সুপারভাইজার পদায়ন করেন। ফলে পরবর্তীতে তিনি কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হন।

ক. নিয়ন্ত্রণ কী? ১
খ. "নিয়ন্ত্রণ একটি অবিরাম প্রক্রিয়া"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব আরাফাত নিয়ন্ত্রণ প্রক্রিয়ার কোন ধাপের সাহায্যে উৎপাদনমাত্রা কম হওয়ার কারণ চিহ্নিত করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব আরাফাতের কাঙ্ক্ষিত ফললাভের জন্য গৃহীত ব্যবস্থার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

# ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 7 8

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। ব্যবস্থাপনার কাজকে প্রকৃতিগতভাবে চিন্তা করা ও কাজ করা এ দুই ভাগে ভাগ করা হয় এবং জনাব রাকিন অধিক মাত্রায় কাজের সাথে সম্পৃক্ত। অপরদিকে, জনাব আহসান ঐ প্রতিষ্ঠানে সম্পূর্ণরূপে শুধু চিন্তনীয় কাজের সাথে জড়িত।

ক. ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণের পরবর্তী কাজ কোনটি? ১
খ. 'ব্যবস্থাপনা একটি চলমান প্রক্রিয়া'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব রাকিন কোন স্তরের ব্যবস্থাপক? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিষ্ঠানটির সফলতায় জনাব আহসান ও জনাব রাকিনের অবদান কি সমানভাবে গুরুত্বপূর্ণ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

২। একজন বিখ্যাত ব্যবস্থাপনাবিদ হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে আইন বিষয়ে ভর্তি হলেও খারাপ দৃষ্টিশক্তির কারণে সেখানে তার লেখাপড়া চালানো সম্ভব হয়নি। পরবর্তীতে তিনি ১৮৭৮ সালে একটি স্টীল কোম্পানিতে মেকানিক হিসেবে কাজে যোগদান করেন এবং ১৮৯০ সাল পর্যন্ত কাজ করেন। দীর্ঘ কর্মজীবনে তিনি কিছু সমস্যা চিহ্নিত করেন এবং এসব সমস্যা সমাধানে গবেষণাকর্ম পরিচালনা করেন। ঐ বিশেষ শাখায় বিশেষ অবদানের জন্য তাকে শাখাটির জনক হিসেবে আখ্যায়িত করা হয়।

ক. শৃঙ্খলার নীতি কী? ১
খ. দ্বৈত-অধীনতা সংগঠনের পরিহার করতে হয় কেন? ২
গ. উদ্দীপকে কোন বিখ্যাত ব্যবস্থাপনাবিদের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কেন বিশেষ শাখায় তাকে জনক হিসেবে আখ্যায়িত করা হয়েছে তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩। প্রিজম কোম্পানির প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব আরিফ হিসাব শাখায় তার অধীনস্থ তিনজন কর্মকর্তাকে তাদের দায়িত্ব যথাযথভাবে বুঝিয়ে দিয়েছেন এবং সময়ে সময়ে তাদের কাজের তদারকিও করেন। প্রয়োজনে জবাবদিহিতারও ব্যবস্থা করেন। এছাড়াও সুষ্ঠুভাবে কাজ সম্পন্ন করতে যে ধরনের সহযোগিতা তাদের প্রয়োজন তাও তিনি প্রদান করেন। কিন্তু সম্প্রতি তিনি হিসাবে কিছু গরমিল লক্ষ করেছেন যা প্রত্যাশিত নয়। বিষয়টি নিয়ে তিনি চিন্তিত।

ক. প্রশাসন কী? ১
খ. "অনুপ্রাণিত করার ক্ষমতা আদর্শ ব্যবস্থাপকের একটি গুণাবলি"— ব্যাখ্যা কর। ২
গ. জনাব আরিফ দায়িত্ব অর্পণের ক্ষেত্রে হেনরি ফেয়লের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আরিফের আদর্শ ব্যবস্থাপকের কোন দক্ষতা থাকলে প্রতিষ্ঠানটির সমস্যা সমাধান সহজ হবে? তোমার মতামত দাও। ৪

৪। সেঞ্চুরি নিটিংওয়্যার দীর্ঘদিন ধরে সফলতার সাথে পণ্য উৎপাদন করে আসছে। তারা তাদের লক্ষ্যমাত্রা বরাবর অর্জন করে এসেছে। বর্তমানে তাদের সাপ্তাহিক এক হাজার একক উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। কিন্তু গত মাসে কয়েকটি মেশিনে ত্রুটি দেখা দিলে সেগুলো পরিবর্তন করে নতুন মেশিন পুনঃস্থাপন করা হয়। সার্বিক দিক বিবেচনা করে সাপ্তাহিক এক হাজার এককের পরিবর্তে তা এক হাজার তিনশত একককে পুনঃনির্ধারণ করা হয়।

ক. পরিকল্পনা কী? ১
খ. 'উত্তম পরিকল্পনায় নমনীয়তা বজায় থাকে'— ব্যাখ্যা কর। ২
গ. সেঞ্চুরি নিটিংওয়্যার প্রকৃতিগত কোন ধরনের পরিকল্পনা প্রণয়ন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উত্তম পরিকল্পনার বৈশিষ্ট্য অনুসারে নতুন নির্ধারিত একক কি গ্রহণযোগ্য? উত্তরের সপক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

৫। একটি জনপ্রিয় ও প্রতিষ্ঠিত শ্যাম্পু উৎপাদনকারী প্রতিষ্ঠান তাদের পণ্য সারিতে নতুন একটি পণ্য যোগ করতে ইচ্ছুক এবং তারা বাজার যাচাই করে কন্ডিশনার বাজারজাতকরণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রতিষ্ঠানটি বাজারে প্রবেশের কৌশল হিসেবে সরাসরি প্রতিষ্ঠানের নামে মিনিপ্যাক কন্ডিশনার অথবা Buy one get one free অর্থাৎ তাদের একটি মিনিপ্যাক শ্যাম্পুর সাথে একটি মিনিপ্যাক কন্ডিশনার বিনামূল্যে এক মাস বিক্রয়ের বিষয়টি নিয়ে যাচাই-বাছাই করছে।

ক. একার্থক পরিকল্পনা কী? ১
খ. 'উত্তম পরিকল্পনার ফলে ব্যয় ও অপচয় হ্রাস পায়'— ব্যাখ্যা কর। ২
গ. প্রতিষ্ঠানটি পরিকল্পনা প্রণয়নের কোন ধাপে অবস্থান করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিষ্ঠানটি কি প্রতিযোগিতা মোকাবিলা করতে সক্ষম হবে? তোমার মতামত দাও। ৪

৬। 'X' একটি আর্থিক বিনিয়োগকারী প্রতিষ্ঠান। সেখানে বন্ধকি ঋণেরও ব্যবস্থা আছে। ঋণের কার্যক্রম ও দেশের প্রচলিত আইন সম্পর্কিত বিষয়ে প্রায়শই প্রতিষ্ঠানটিকে আইনি জটিলতা মোকাবিলা করতে হয়। এ প্রেক্ষিতে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক জনাব আবিরকে আইনি বিষয়ে সহায়তা প্রদান করার জন্য একজন আইনজীবী নিয়োগ করা হয়েছে। ফলে জনাব আবির যথাসময়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারছেন।

ক. কমিটি কী? ১
খ. সরলরৈখিক সংগঠন জটিল ও বৃহদায়তন প্রতিষ্ঠানে অনুপযোগী— ব্যাখ্যা কর। ২
গ. 'X' প্রতিষ্ঠানের সংগঠন কাঠামোর ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আবিরের দ্রুত সঠিক সিদ্ধান্ত গ্রহণে প্রতিষ্ঠানটি কী কী সুবিধা পেতে পারে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। জনাব আকরাম পনেরো বছর পূর্বে পঞ্চাশ জন কর্মী নিয়ে একটি নির্মাণ প্রতিষ্ঠান গঠন করেন, যেখানে সরলরৈখিক সংগঠন কাঠামো থাকায় তার পরিচালনা করতে সহজ হয়। কিন্তু বর্তমানে তার শ্রমিক-কর্মী সংখ্যা যেমন বেড়েছে তেমন বেড়েছে তার কার্যভার ও কাজের পরিধি। পারিবারিক প্রয়োজনে এক সপ্তাহের অবকাশ প্রয়োজন হলে তার অবর্তমানে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া বিঘ্নিত হয়। এখন তিনি প্রতিষ্ঠানটিকে তিনটি প্রধান বিভাগে ভাগ করে তিনজন অভিজ্ঞ ও দক্ষ ব্যক্তিকে বিভাগীয় প্রধানের দায়িত্ব প্রদান করতে ইচ্ছুক।

ক. সংগঠন কী? ১
খ. সংগঠন কাঠামো নির্ধারণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত সংগঠন কাঠামোর কোন সীমাবদ্ধতার কারণে মি. আকরাম সংকটের সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. আকরামের গৃহীত সর্বশেষ পদক্ষেপ কি তার প্রতিষ্ঠানের উন্নয়নে ভূমিকা রাখতে সক্ষম? যুক্তিসহ লেখ। ৪

৮। জনাব আরমানের অবসর গ্রহণের পর তার ব্যবসায় প্রতিষ্ঠানের দায়িত্ব তার দুই ছেলে জনাব সাইফ ও জনাব সিয়াম গ্রহণ করেন এবং বাবার পরামর্শে ভালোভাবে পরিচালনা করছেন। সম্প্রতি প্রতিষ্ঠানটির একজন সহকারী ব্যবস্থাপক অবসরে গেলে পদটি শূন্য হয়। জনাব সিয়ামের অনুরোধে তার শ্যালক জনাব আরমানকে জনাব সাইফ উক্ত পদে নিয়োগ দান করেন। কিন্তু তার কর্মদক্ষতা নিয়ে দুজনেই চিন্তিত। তাই জনাব আরমানকে একজন দক্ষ ব্যবস্থাপকের অধীনে ছয় মাস প্রশিক্ষণে রেখে স্থায়িভাবে নিয়োগ দিতে তারা একমত হলেন।

ক. পদোন্নতি কী? ১
খ. কর্মী নির্বাচন কেন নেতিবাচক? ব্যাখ্যা কর। ২
গ. প্রতিষ্ঠানটিতে কোন উৎস থেকে কর্মী সংগ্রহ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আমানের জন্য কাজের মাধ্যমে প্রশিক্ষণ পদ্ধতির কোনটি উত্তম? যুক্তিসহ বর্ণনা কর। ৪

৯। বিক্রয় বিভাগের বিভাগীয় প্রধান জনাব জাহিন মনে করেন কর্মীদের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করা হলে কর্মীরা স্বতঃস্ফূর্তভাবে কাজে অংশগ্রহণ করে। তাই তিনি কর্মীদের সাথে সম্পর্ক স্বাভাবিক রেখে কাজ করতে পছন্দ করেন। আবার উৎপাদন বিভাগের বিভাগীয় প্রধান জনাব রিফাত কর্মীদের সমসময় কিছুটা চাপে রেখে তাদের কাছ থেকে কাজ আদায় করেন। তিনি মনে করেন কর্মীদের চাপে রাখলে তারা মনোযোগ দিয়ে কাজ করে।

ক. নেতৃত্ব কী? ১
খ. ব্যবস্থাপনায় নেতৃত্ব গুরুত্বপূর্ণ কেন? ২
গ. ক্ষমতা প্রয়োগের ধরন বিচারে জনাব জাহিনের নেতৃত্বের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব রিফাতের মাঝে কি একজন আদর্শ নেতার গুণাবলি বিদ্যমান? উত্তরের পক্ষে যুক্তি প্রদর্শন কর। ৪

১০। বিদেশ থেকে উচ্চ শিক্ষা গ্রহণ করে দেশে ফিরে জনাব জাহিদ AB গ্রুপে যোগদান করেন। তিনি কর্মীদের সাথে আলোচনার মাধ্যমে তাদের মতামতকে গুরুত্ব প্রদান করে সিদ্ধান্ত গ্রহণ করে তাদের নির্দেশনা প্রদান করেন। তিনি মনে করেন কর্মীদের মতামতকে গুরুত্ব দিলে তারা আরও আগ্রহী হয়ে কাজে অংশগ্রহণ করবে।

ক. স্বৈরতান্ত্রিক নেতৃত্ব কী? ১
খ. 'গণতান্ত্রিক নেতৃত্ব উত্তম'— ব্যাখ্যা কর। ২
গ. জনাব জাহিদ কোন ধরনের নির্দেশনা প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. এই ধরনের নির্দেশনা কি সকল প্রতিষ্ঠানে সমান সুফল বয়ে নিয়ে আসে? তোমার মতামত দাও। ৪

১১। বিক্রয় বিভাগের বিভাগীয় প্রধান তার অধীনস্থ সকল কর্মীকে তাদের মাসিক একটি টার্গেট স্থির করে দেন এবং প্রতি সপ্তাহে তাদের কাজের অগ্রগতি পর্যবেক্ষণ করেন। এ সপ্তাহে তিনি লক্ষ করলেন জনাব মাসুদ তার লক্ষ্যমাত্রা থেকে পিছিয়ে আছেন।

ক. নিয়ন্ত্রণ কী? ১
খ. 'নিয়ন্ত্রণ একটি অবিরাম প্রক্রিয়া'— ব্যাখ্যা কর। ২
গ. জনাব মাসুদ নিয়ন্ত্রণের যে ধাপে রয়েছেন তার পরবর্তী ধাপ কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিক্রয় বিভাগের বিভাগীয় প্রধান কীভাবে জনাব মাসুদকে লক্ষ্য অর্জনে সহায়তা করতে পারেন? তোমার মতামত দাও। ৪